

৮০ লাখ নিউইয়র্কার পাবেন এনার্জি রিবেট চেক

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে বাড়তে থাকা বিদ্যুৎ ও গ্যাস বিলের চাপ কমাতে স্টেট প্রশাসন ১ বিলিয়ন ডলারের ১০-এর পৃষ্ঠায় দেখুন

বিজ্ঞাপন ডেটা দিয়ে অনলাইনে নজরদারীর পরিকল্পনায় আইস

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্রে বিজ্ঞাপন প্রযুক্তি ব্যবহার করে অভিবাসী সহ সোশ্যাল মিডিয়া ব্যবহারকারীদের এবং অনলাইন কেনাকাট সহ সকল কার্যক্রম নজরদারী ও তথ্য সংগ্রহের পরিকল্পনা করছে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের অধীনে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট বিজ্ঞাপন প্রযুক্তি বা অ্যাডটেক শিল্পের বিশাল ডেটা ভান্ডার কেনার আগ্রহ দেখাচ্ছে। যা দিয়ে সাধারণ মানুষের অনলাইন ১০-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 36 / June 01, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ৩৬ ‖ সোমবার, জুন ০১, ২০২৬, জ্যৈষ্ঠ ১৮, ১৪৩৩ ‖ জিলহজ ১৪, ১৪৪৭

আশ্রয় আবেদন অনুমোদন ২ শতাংশে

ট্রাম্প প্রশাসনের টার্গেট এবার ইমিগ্রেশন এটর্নীরা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে আশ্রয় আবেদন জালিয়াতি দমনের অভিযোগে জালিয়াতি দমনের অভিযোগে এবার ইমিগ্রেশন এটর্নীদের টার্গেট করছে ট্রাম্প প্রশাসন। ডিএইচএস সম্প্রতি এক অভ্যন্তরীণ মেমোর নির্দেশনায় ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট কর্মকর্তাদের বলা হয়েছে ভুয়া আশ্রয় আবেদন দাখিলের সঙ্গে জড়িত থাকলে ইমিগ্রেশন এটর্নীদের বিরুদ্ধেও ব্যবস্থা নিতে। এদিকে নতুন বিচারক নিয়োগ, আশ্রয় আইনের কঠোর ও নীতিগত পরিবর্তনের



কারণে আশ্রয় আবেদন অনুমোদনের হার উল্লেখযোগ্যভাবে কমে গেছে। ইমিগ্রেশন আইনজীবিরা জানিয়েছেন যুক্তরাষ্ট্রে আশ্রয়প্রার্থীদের জন্য পরিস্থিতি আগের যেকোনো সময়ের তুলনায় আরও কঠিন হয়ে উঠছে।

দ্য নিউইয়র্ক টাইমসের প্রকাশিত প্রতিবেদনের তথ্যমতে, গত ২৬ মে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির প্রধান আইন কর্মকর্তা জেমস পার্সিভালের জারি করা এক অভ্যন্তরীণ মেমোতে বলা হয়েছে, আইসের আইনজীবীরা এখন "অ্যান্টি-ফ্রড নীতি" অনুসরণ করে আশ্রয় জালিয়াতির ৬-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রে 'অ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস' নিয়ে নতুন ব্যাখ্যায় কাটেনি বিভ্রান্তি

গ্রিন কার্ড পেতে সব অভিবাসীকে নিজ দেশে ফিরতে হবে না?



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে 'অ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস' প্রক্রিয়ায় স্থায়ী বসবাস বা গ্রিন কার্ড প্রাপ্তিতের নিয়ে সম্প্রতি যে বিভ্রান্তি তৈরি হয়েছিল, তার পর নতুন ব্যাখ্যা দিয়েছে দেশটির ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি। সংস্থাটি জানিয়েছে, আগের ঘোষণার মতো বড় কোনো পরিবর্তন আসেনি এবং অধিকাংশ 'অ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস' প্রক্রিয়ায় আবেদনকারীকে যুক্তরাষ্ট্র ছেড়ে নিজ দেশে গিয়ে আবেদন করতে হবে না। বেশ কিছু ক্যাটাগরীর আদেনকারীরা যুক্তরাষ্ট্রে অবস্থান করেই প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন।

ডিএইচএস-এর এক মুখপাত্রের বরাত দিয়ে নিউইয়র্ক টাইমস জানায় বলেন, কোন আবেদনকারী যুক্তরাষ্ট্রে থেকেই 'অ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস' প্রক্রিয়ায় যেতে পারবেন, আর কাকে নিজ দেশে গিয়ে আবেদন করতে হবে এ সিদ্ধান্ত পুরোপুরি নির্ভর করবে ব্যক্তিগত পরিস্থিতির ওপর। ইমিগ্রেশন কর্মকর্তারা ইতিমধ্যেই এই ধরনের সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা রাখেন।

নতুন ব্যাখ্যার ৬-এর পৃষ্ঠায় দেখুন

মেডিকেইডে নতুন নীতি: বাজেট চাপে স্টেট প্রশাসন



বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্রে নিম্ন আয়ের নাগরিকদের স্বাস্থ্যসেবা কর্মসূচি মেডিকেডে নতুন "ওয়ার্ক রিকোয়ারমেন্ট" নীতি বাস্তবায়ন নিয়ে রাজ্য সরকারগুলো বড় ধরনের আর্থিক ও প্রশাসনিক চাপে পড়েছে। ফেডারেল সরকারের নতুন নির্দেশনা অনুযায়ী মেডিকেড সুবিধা ধরে রাখতে সক্ষম প্রাপ্তবয়স্কদের নির্দিষ্ট পরিমাণ কাজ, প্রশিক্ষণ, পড়াশোনা বা স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমের প্রমাণ দেখাতে হবে। তবে এই নিয়ম কার্যকর করতে গিয়ে রাজ্যগুলোকে অতিরিক্ত ব্যয়, প্রযুক্তিগত আপগ্রেড এবং কর্মী সংকট মোকাবিলা করতে হচ্ছে যা ইতোমধ্যে চলমান বাজেট ঘাটতির মধ্যে নতুন সংকট তৈরি করেছে। এমনটি প্রতিবেদনে জানিয়েছে সংবাদমাধ্যম পলিটিকো।

পলিটিকোর খবরে বলা হয়, নীতিটি মূলত সেই সব রাজ্যে কার্যকর হবে যারা অ্যাফোর্ডেবল ১০-এর পৃষ্ঠায় দেখুন

কুইন্সবোরো ব্রিজে স্কুটার-বাইসাইকেল সংঘর্ষে ২ জনের মৃত্যু

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির কুইন্সবোরো ব্রিজে ভয়াবহ এক সড়ক দুর্ঘটনায় দুই ব্যক্তির মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকালে একটি মোটরচালিত স্কুটার ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষে এই প্রাণঘাতী ঘটনা ঘটে।

পুলিশ জানায়, সকাল আনুমানিক ৮টা ৩০ মিনিটের দিকে ব্রিজের উত্তর পাশের সাইকেল লেনে এ দুর্ঘটনা ঘটে। ৩৯ বছর বয়সী এক ব্যক্তি মোটরচালিত স্ট্যান্ড-আপ স্কুটারে পশ্চিমমুখী যাচ্ছিলেন, আর ৩৫ বছর বয়সী এক বাইসাইকেল আরোহী পূর্বমুখী দিক থেকে আসছিলেন। ৮-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে নতুন আইন কার্যকর : না মানলে আইনী পদক্ষেপ

উপাসনালয়ের ৫০ ফুটের মধ্যে বিক্ষোভ নিষিদ্ধ

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে উপাসনালয়ের বাইরে বিক্ষোভ নিয়ন্ত্রণে নতুন আইন কার্যকর হয়েছে। গভর্নর ক্যাথি হোকুল স্বাক্ষরিত এই আইনের মাধ্যমে কোনো উপাসনালয়ে প্রবেশে বাধা দেওয়া বা উপাসনাকারীদের ভয়ভীতি প্রদর্শন করাকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হবে।

নতুন আইনে পুলিশকে উপাসনালয়ের বাইরে ৫০ ফুট পর্যন্ত নিরাপত্তা বেষ্টনী বা "বাফার জোন" তৈরির ক্ষমতা দেওয়া হয়েছে, যেখানে বিক্ষোভ বা সমাবেশ সীমিত করা যেতে পারে। গভর্নর হোকুল বলেন, প্রত্যেক নিউইয়র্কবাসীর উচিত নিরাপদভাবে নিজেদের ধর্মীয় অনুশীলন করার সুযোগ পাওয়া।

এই আইন পাসের পেছনে সাম্প্রতিক সময়ে সিনাগগের বাইরে হওয়া উত্তেজনাপূর্ণ বিক্ষোভগুলো বড় ভূমিকা রেখেছে। বিশেষ করে ইসরায়েল ও অধিকৃত পশ্চিম তীর এলাকায় বসতি ৮-এর পৃষ্ঠায় দেখুন

আইস ডিটেনশন সেন্টারে শিশুদের সাথে "অপরাধীর মতো আচরণ"!

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: টেক্সাসের ডিলি সিটিতে অবস্থিত একটি ফেডারেল ইমিগ্রেশন ডিটেনশন সেন্টারকে ঘিরে আবারও গুরুতর মানবাধিকার প্রশ্ন উঠেছে। সিবিএস নিউজের অনুসন্ধান প্রতিবেদনে দাবি করা হয়েছে, সেখানে থাকা শিশু ও পরিবারগুলোকে "অপরাধীর মতো আচরণ" করা হচ্ছে এবং বন্দিদশার পরিস্থিতি নিয়ে অভিবাসন নীতির মানবিক দিক নিয়ে নতুন করে বিতর্ক তৈরি হয়েছে।



সিবিএসএর'র প্রতিবেদনে বলা হয়, ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গো থেকে আসা এক পরিবারের তিন ভাইবোন এবং তাদের মা ২০২২ সাল থেকে যুক্তরাষ্ট্রে আশ্রয় প্রক্রিয়ার মধ্যে ছিলেন। পরবর্তীতে ২০২৫ সালে আদালতের নির্দেশে তাদের ডিপোর্টেশন অর্ডার দেওয়া হলে তারা কানাডায় যাওয়ার চেষ্টা করে, কিন্তু ব্যর্থ হয়ে আবার যুক্তরাষ্ট্রে ফিরে আসে এবং শেষ পর্যন্ত ডিলি ডিটেনশন সেন্টারে আটক করা হয়।

পরিবারের সদস্যরা জানান, সেখানে থাকার অভিজ্ঞতা অত্যন্ত কঠিন ছিল। তাদের অভিযোগ অনুযায়ী, খাবার, পানীয় পানি এবং জীবনযাত্রার পরিবেশ অস্বাস্থ্যকর ছিল। তারা আরও বলেন, শিশুদের জন্য মানসিক চাপ তৈরি করা পরিস্থিতি ছিল, যেখানে ২৪ ঘণ্টা আলো জ্বালানো থাকত এবং ঘুমাতে অসুবিধা হতো।

আইন বিশেষজ্ঞ ও মানবাধিকার কর্মীরা বলছেন, এই ধরনের আটকনীতি ১০-এর পৃষ্ঠায় দেখুন





২৫ কোটি টাকা নেওয়ার বিষয়ে ব্যাখ্যা দিলেন আসিফ ও হাসনাত

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা থাকাকালে কুমিল্লা জেলা পরিষদ থেকে ১৫ কোটি টাকা নিয়েছেন বলে অভিযোগ করেছেন পরিষদের বর্তমান প্রশাসক মো. মোস্তাক মিয়া। একই সঙ্গে এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও কুমিল্লা-৪ আসনের বর্তমান সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ ১০ কোটি টাকা নিয়ে গেছেন বলে দাবি করেছেন তিনি।

প্রশাসক মোস্তাক মিয়া কেন্দ্রীয় বিএনপির সহসাংঠনিক সম্পাদকের পদেও আছেন।

এদিকে জুলাই আন্দোলনে সামনের সাড়ির দুই নেতার বিরুদ্ধে জেলা পরিষদ প্রশাসকের এমন বক্তব্যের ৫১ সেকেন্ডের বক্তব্য নেট দুনিয়ায় ভাইরাল হয়ে পড়েছে। তবে এ নিয়ে শনিবার রাতে আসিফ মাহমুদ ও হাসনাত আবদুল্লাহ ব্যাখ্যা দিয়েছেন।

উভয়ই বলেছেন, মন্ত্রণালয় থেকে বিশেষ বরাদ্দ দিয়ে এসব টাকা বিভিন্ন উপজেলার ন্যায় দুই উপজেলায় (মুরাদনগর ও দেবিদ্বার) বিভিন্ন প্রকল্পে ব্যয় করা হয়। এসব টাকা জেলা পরিষদের নিজস্ব রাজস্ব তহবিলের নয়।

এর আগে শনিবার দুপুরে কুমিল্লা শিল্পকলা একাডেমিতে বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে



আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ও হাসনাত আবদুল্লাহ

মোস্তাক মিয়া বিশেষ অতিথির বক্তব্যে বলেন, 'আমার জেলা পরিষদ থেকে মুরাদনগরের আসিফ মাহমুদ আমাদের নিজস্ব রাজস্বের টাকা ১৫ কোটি টাকা নিয়ে গেছেন। আরেকজন হাসনাত আবদুল্লাহ। তিনি নিয়ে গেছেন ১০ কোটি টাকা। এটা হলো সমন্বয়ের অবস্থা। তারা চেয়েছিলেন যে বাংলাদেশে বৈষম্যবিরোধী একটা সমন্বয়ের রাজনীতি, কিন্তু তাদের মধ্যে সেটা ছিল না।' এ বক্তব্য ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়ে পড়ে।

এ বিষয়ে সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ সজিব ভূঁইয়া তার নিজের ফেসবুক পেজে লাইভে এসে বলেন, ওনাকে (প্রশাসক) কে বসিয়েছে এই পদে। কোন অর্থ এডিপি আর কোনটি রাজস্ব এটা জানতে হবে। আমি মন্ত্রণালয় থেকে সব উপজেলায় বিশেষ বরাদ্দ দিয়েছি। কুমিল্লা জেলা পরিষদের মাধ্যমে মুরাদনগর ও দেবিদ্বারেও বরাদ্দ দেওয়া হয়েছে। এসব টাকা বিভিন্ন উন্নয়ন প্রকল্পে বিধি মোতাবেক ব্যয় করা হয়েছে। যার নথি জেলা পরিষদে আছে।

অপর দিকে হাসনাত আবদুল্লাহ তার নিজের ফেসবুক ১২-এর পৃষ্ঠায় দেখুন

আচরণ বিধিমালা সংশোধনে ইসির খসড়া

স্থানীয় নির্বাচনেও অংশ নিতে পারছে না আ.লীগ

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: জাতীয় সংসদের পর এবার স্থানীয় সরকার নির্বাচনেও আওয়ামী লীগ নেতাকর্মীদের প্রার্থী হওয়ার পথ বন্ধ হতে যাচ্ছে। কারণ কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগ ও নিষিদ্ধ দলগুলোর নেতাকর্মীরা যাতে প্রার্থী হতে না পারেন, সেজন্য নির্বাচন আচরণ বিধিমালাগুলোতে নতুন বিধি যুক্তের প্রস্তাব করেছে নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়। প্রস্তাবিত ওই বিধি হচ্ছে, নির্বাচনে সম্ভাব্য প্রার্থীদের নিষিদ্ধ বা নিষেধাজ্ঞার আওতাধীন কোনো রাজনৈতিক দল বা সংগঠনের সঙ্গে সম্পৃক্ততা নেই- এই মর্মে ইসির তৈরি করা অঙ্গীকারনামায় সই দিতে হবে। সংশ্লিষ্টরা জানান, অঙ্গীকারনামায় সঠিক তথ্য না দিলে ব্যবস্থা নেওয়ার সুযোগ থাকবে ইসির। এর ফলে পদধারী আওয়ামী লীগ নেতা ও কর্মীদের নির্বাচন থেকে দূরে থাকতে হবে। কারণ সন্ত্রাসবিরোধী আইনে আওয়ামী লীগের কার্যক্রম ইতোমধ্যে নিষিদ্ধ রয়েছে।

ইসির নির্ভরযোগ্য সূত্রগুলো জানাচ্ছে, ইসির খসড়ায় ইউনিয়ন পরিষদ নির্বাচনে কোনো প্রার্থীর পক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান এবং পৌরসভার মেয়রদের প্রচারে অংশ নেওয়ার ওপর বিধিনিষেধ আরোপের প্রস্তাব করা হয়েছে। 'সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি'র সংজ্ঞায় উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান এবং পৌরসভার মেয়রদের যুক্ত করা হচ্ছে। ফলে মন্ত্রী, এমপি ও সিটি করপোরেশনের মেয়রদের পাশাপাশি তারা ইউনিয়ন পরিষদ নির্বাচন কর্মকাণ্ডে যুক্ত হতে পারবেন না। সম্প্রতি এসব বিধিমালার খসড়া তৈরি করেছেন ইসির কর্মকর্তারা। ঈদের ছুটি শুরুর আগে শেষ কর্মদিবস ২৪ মে রোববার ওই খসড়ার কপি প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) ও চার কমিশনারকে দেওয়া হয়েছে। শিগগিরই এই খসড়া নিয়ে আলোচনায় বসতে যাচ্ছেন নির্বাচন কমিশনাররা।

নাম প্রকাশে অনিচ্ছুক ইসির একাধিক কর্মকর্তা। ১১-এর পৃষ্ঠায় দেখুন



হোয়াইট হাউসে বৈঠকের পরও ইরান নিয়ে সিদ্ধান্ত জানালেন না ট্রাম্প



মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প *ফাইল ছবি : এএফপি*

রয়টার্স, *ওয়াশিংটন* : মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গতকাল শুক্রবার বলেছেন, ইরানের সঙ্গে যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর প্রস্তাবিত চুক্তি সম্পর্কে তিনি শিগগিরই সিদ্ধান্ত নেবেন। এরপর তিনি হোয়াইট হাউসে শীর্ষ সহযোগীদের সঙ্গে বৈঠক করেন। তবে বৈঠকের পরও এখন পর্যন্ত কোনো সিদ্ধান্ত ঘোষণা করা হয়নি।

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার সংঘাতের কেন্দ্রবিন্দুতে থাকা কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে এখনো দুই দেশের মধ্যে মতপার্থক্য থেকে গেছে বলে মনে হচ্ছে।

গতকাল সকালে ট্রাম্প বলেছিলেন, তিনি হোয়াইট হাউসের একটি নিরাপদ কক্ষে বৈঠকে বসবেন এবং প্রস্তাবটির বিষয়ে 'চূড়ান্ত সিদ্ধান্ত' নেবেন। এই প্রস্তাব অনুযায়ী, এপ্রিলের শুরুর দিকে দুই দেশের মধ্যে কার্যকর হওয়া যুদ্ধবিরতি আরও ৬০ দিনের জন্য বাড়ানো হবে। এর মধ্য দিয়ে আলোচকেরা স্থায়ীভাবে যুদ্ধের অবসান ঘটানোর জন্য একটি চুক্তিতে পৌঁছানোর ব্যাপারে আলোচনার সময় পাবেন।

হোয়াইট হাউসের এক কর্মকর্তা বলেছেন, গতকাল ১২-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রের হুঁশিয়ারি

চুক্তি না হলে আবারো ইরানে হামলা

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: সিঙ্গাপুরে অনুষ্ঠিত এশিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ নিরাপত্তা সম্মেলন শাংগ্রি-লা ডায়ালগে এ হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। তার এ বক্তব্য এমন এক সময়ে এল, যখন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরান যুদ্ধের ভবিষ্যৎ এবং যুদ্ধবিরতি সম্প্রসারণ নিয়ে হোয়াইট হাউজে শীর্ষ উপদেষ্টাদের সঙ্গে বৈঠক করেছেন। তবে বৈঠক শেষে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত বা সমঝোতার ঘোষণা আসেনি।

গতকাল সিঙ্গাপুরে বক্তব্য দিতে গিয়ে হেগসেথ বলেন, 'প্রয়োজন হলে যুক্তরাষ্ট্র আবারো হামলা চালাতে সক্ষম। এজন্য প্রয়োজনীয় অস্ত্রভাণ্ডার ও সামরিক সক্ষমতা আমাদের রয়েছে। শুধু মধ্যপ্রাচ্যেই নয়, বিশ্বের বিভিন্ন অঞ্চলে মোতায়েনকৃত বাহিনীর জন্যও আমাদের অস্ত্র মজুদ যথেষ্ট।'

রয়টার্সের খবরে বলা হয়েছে, বৃহস্পতিবার দুই পক্ষ একটি সমঝোতা কাঠামো বা মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিংয়ের বিষয়ে নীতিগতভাবে একমত হয়েছিল। ওই প্রস্তাবে বিদ্যমান যুদ্ধবিরতির মেয়াদ আরো ৬০ দিন বাড়ানো এবং এ সময়ের মধ্যে স্থায়ী রাজনৈতিক সমাধানের জন্য আলোচনা চালিয়ে যাওয়ার কথা রয়েছে। তবে চুক্তিটি কার্যকর হওয়ার জন্য ট্রাম্প এবং ইরানের সর্বোচ্চ নেতৃত্বের অনুমোদন প্রয়োজন।

হোয়াইট হাউজের এক কর্মকর্তা জানিয়েছেন, প্রেসিডেন্ট ট্রাম্প কেবল এমন কোনো চুক্তিই গ্রহণ করবেন, যা যুক্তরাষ্ট্রের স্বার্থ রক্ষা করবে এবং তার ঘোষিত 'রেড লাইন' অতিক্রম করবে না। তার ভাষায়, 'ইরান কোনো অবস্থাতেই পারমাণবিক অস্ত্রের অধিকারী হতে পারবে না।'



ইরান যুদ্ধের কারণে বন্ধ রয়েছে বৈশ্বিক জ্বালানি পরিবহনের গুরুত্বপূর্ণ রুট হরমুজ প্রণালি। ছবি: রয়টার্স

তবে তেহরান এসব শর্তকে অতিরিক্ত এবং অগ্রহণযোগ্য বলে মনে করছে। ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির উপদেষ্টা মোহসেন রেজাই সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে ট্রাম্পের সমালোচনা করে বলেন, 'যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট আবারো কূটনীতির সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন। অবরোধ বজায় রেখে এবং অতিরিক্ত দাবি তুলে তিনি প্রমাণ করেছেন যে তার লক্ষ্য আলোচনার মাধ্যমে সমাধান নয়।'

ইরানের আধাসরকারি ফার্স নিউজ এজেন্সি জানিয়েছে, ট্রাম্পের বক্তব্যে আংশিক সত্য থাকলেও অনেক দাবি বাস্তবতার সঙ্গে সংগতিপূর্ণ নয়। বিশেষ করে সমৃদ্ধ ইউরেনিয়াম ধ্বংসের বিষয়টি দুই দেশের মধ্যে আলোচিত সমঝোতা কাঠামোর অংশ ছিল না বলে দাবি করেছে সংস্থাটি।

এদিকে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই দেশটির রাষ্ট্রীয় টেলিভিশনকে বলেছেন, তাদের প্রধান লক্ষ্য যুদ্ধের অবসান। ১২-এর পৃষ্ঠায় দেখুন

নিজেকে এবং আপনার পরিবারকে সুস্থ রাখুন।
কম খরচের বা বিনামূল্যের স্বাস্থ্য বিমার জন্য
আজই সাইন আপ করুন।

আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে নথিভুক্তির সহায়তা বিনামূল্যে।

ডাক্তার দেখানো
প্রেসক্রিপশন
মানসিক স্বাস্থ্য
টিকাকরণ
হাসপাতালে ভর্তি হওয়া



আপনি যোগ্য কিনা তা দেখুন।
আপনার হেলথ কভারেজ সম্পর্কে সর্বাধিক অবহিত সিদ্ধান্তের জন্য
একজন NYC স্বাস্থ্য দপ্তর এনরোলমেন্ট কাউন্সেলরের সাথে কথা বলুন।

347-665-0214 নম্বরে ফোন করুন।

nyc.gov/healthcoverage
ভিজিট করুন।

NYC Health
Zohran Kwame Mamdani
Mayor
Alister F. Martin, MD, MPP
Commissioner

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

হাসপাতালে নবজাতকদের মৃত্যু

অবহেলা নাকি প্রাতিষ্ঠানিক ব্যর্থতা?

রাজধানীর মগবাজারের আদ্-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালে এসি সিস্টেমের ত্রুটি, গ্যাস লিকেজের ফলে শ্বাসরুদ্ধ হয়ে একসঙ্গে ৬ নবজাতকের মর্মান্তিক মৃত্যু কেবল বেদনাদায়কই নয়, বরং দেশের স্বাস্থ্য খাতের কাঠামোগত দুর্বলতা ও চরম অব্যবস্থাপনার এক নির্মম বহিঃপ্রকাশ। যে হাসপাতাল নবজাতকের জন্য হওয়া উচিত ছিল জীবনের নিরাপদ আশ্রয়, সেখানে নিদারুণ অবহেলার শিকার হয়ে পৃথিবীর আলো দেখার পরপরই তাদের ৬ জনের প্রাণ ঝরে গেল। যুগান্তরে প্রকাশিত প্রতিবেদনগুলোর তথ্য বিশ্লেষণ করলে দেখা যায়, এটি কোনো আকস্মিক দুর্ঘটনা নয়, বরং হাসপাতাল কর্তৃপক্ষের পুঞ্জীভূত গাফিলতি এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তরের যথাযথ নজরদারির অভাবেরই ফল।

ঘটনার বিবরণ থেকে জানা যায়, হাসপাতালের পোস্ট-অপারেটিভ বা নিবিড় পর্যবেক্ষণ সমতুল্য একটি সংবেদনশীল ওয়ার্ডে মধ্যরাতে প্রায় দুই ঘণ্টা এসি বন্ধ ছিল। সবচেয়ে ভয়ংকর বিষয় হলো, এসি বন্ধ থাকার ওই সময়ে কক্ষটিতে কোনো বিকল্প ভেনটিলেশন বা বাতাস চলাচলের ব্যবস্থা ছিল না। একটি আধুনিক মেডিকেল কলেজ হাসপাতালের সংবেদনশীল ওয়ার্ড, যেখানে নবজাতকরা চিকিৎসাধীন থাকে, সেখানে বিকল্প কোনো ভেনটিলেশন ব্যবস্থা না থাকা এককথায় চরম অপরাধমূলক উদাসীনতা। এসি পুনরায় চালু করার পর গ্যাস লিকেজ বা অন্য কোনো যান্ত্রিক ত্রুটির কারণে যদি 'সাফোকেশন' বা শ্বাসরোধের পরিস্থিতি শিশুদের মৃত্যুর মুখে ঠেলে দেয়, তবে এর দায় কর্তৃপক্ষ এড়াতে পারে না।

এর চেয়েও বড় বিস্ময় ও উদ্বেগের বিষয় হলো, হাসপাতাল ভবনের উপরের একটি তলায় রুটির কারখানার সন্ধান মেলা। একটি বিশেষায়িত হাসপাতাল ভবনের ভেতরে, যেখানে উল্লেখযোগ্যসংখ্যক রোগী ও নবজাতক চিকিৎসাধীন থাকে, সেখানে কার অনুমোদন বা প্রশ্রয়ে এমন বিপজ্জনক কারখানা সচল ছিল, তা এক বিরাট প্রশ্নবোধক চিহ্ন এঁকে দেয়। একটি স্পর্শকাতর স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে এমন কারখানার উপস্থিতি প্রমাণ করে যে, হাসপাতাল পরিচালনায় সুরক্ষার নিয়মকানুনকে কতটা বৃদ্ধাঙ্গুলি দেখানো হয়েছে। আমরা মনে করি, নিয়মিত তদারকি থাকলে কোনো হাসপাতালেই এমন অবৈধ ও ঝুঁকিপূর্ণ কার্যক্রম চলতে পারে না। এদিকে, স্বাস্থ্য মন্ত্রণালয় তদন্তের সময়সীমা বাড়িয়ে ৩ জুন নির্ধারণ করেছে যাতে সন্তানহারা মায়েদের বক্তব্য অন্তর্ভুক্ত করে পূর্ণাঙ্গ প্রতিবেদন তৈরি করা যায়। আমরা আশা করি, এ তদন্ত কেবল কাগজ-কলমেই সীমাবদ্ধ থাকবে না।

আদ্-দ্বীন হাসপাতালের এই বিপর্যয় থেকে শিক্ষা নিয়ে এখনই সময় দেশের স্বাস্থ্য খাতের সামগ্রিক নজরদারি ব্যবস্থার আমূল সংস্কারের, যেন দেশের প্রতিটি সরকারি ও বেসরকারি হাসপাতালের আইসিইউ, এনআইসিইউ এবং পোস্ট-অপারেটিভ ওয়ার্ডের সেন্ট্রাল এসি ও ভেনটিলেশন ব্যবস্থা জরুরি ভিত্তিতে অডিট করা সম্ভব হয়। একইসঙ্গে হাসপাতাল ভবনে অন্য কোনো বাণিজ্যিক বা ঝুঁকিপূর্ণ কার্যক্রম চলছে কিনা, তাও কঠোরভাবে তদারকি করা জরুরি। যদিও ছয়টি পরিবারের শূন্য কোল আর কখনো পূর্ণ হবে না; কিন্তু এই হত্যাকাণ্ডের (যা অবহেলাজনিত মৃত্যু) পেছনে দায়ী হাসপাতাল কর্তৃপক্ষের কর্মকর্তা, টেকনিশিয়ান এবং তদারকিতে ব্যর্থ সরকারি পরিদর্শকদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনতে হবে। অন্যথায়, চিকিৎসা নিতে এসে অবহেলার বলি হওয়ার এই ধারা কখনোই বন্ধ হবে না। সরকার এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেবে, এটাই প্রত্যাশা।

সফলতার ২৮ বছরের
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

বাজেট হোক পরিবর্তনের দলিল

শোয়েব সাম্য সিদ্দিক



জাতীয় বাজেটকে ঘিরে প্রতিবছরই ব্যাপক আলোচনা হয়। প্রত্যাশা থাকে, বিতর্কও কম হয় না। কিন্তু বাজেট পাস হওয়ার কিছুদিন পর সেই আলোচনা স্তিমিত হয়ে যায়। তখন স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠে, বাজেট কি শুধু একটি বার্ষিক আনুষ্ঠানিকতা, নাকি এটি সত্যিই অর্থনীতি ও মানুষের জীবনে পরিবর্তন আনার কার্যকর হাতিয়ার?

আমরা সাধারণত বাজেটকে আয়-ব্যয়ের হিসাবের দলিল হিসেবে দেখি। অথচ একটি দেশের বাজেট হওয়া উচিত অর্থনৈতিক পরিবর্তনের সুস্পষ্ট নীতিপত্র। কোন খাত অগ্রাধিকার পাবে, কোথায় কর্মসংস্থান সৃষ্টি হবে, দরিদ্র জনগোষ্ঠী কীভাবে সুরক্ষা পাবে এবং বিনিয়োগের বাধা কীভাবে দূর হবে, তার স্পষ্ট দিকনির্দেশনা থাকা দরকার। কিন্তু বাস্তবায়নের কার্যকর কাঠামোর অভাবে বাজেট অনেক সময় পরিবর্তনের রূপরেখা না হয়ে শুধু ঘোষণার নথিতে সীমাবদ্ধ থাকে।

বাজেটের সবচেয়ে বড় দুর্বলতা কোথায়? ফলাফল নিয়ে কোনো জবাবদিহি নেই। কোন মন্ত্রণালয় কত টাকা পেল সেটা জানা যায়, কিন্তু সেই টাকায় কতজনের চাকরি হলো, কত শিশু পুষ্টি পেল, কত রোগী চিকিৎসা পেল, সেই হিসাব প্রায় কখনো সামনে আসে না। এই ফলাফলভিত্তিক কাঠামো না থাকলে বরাদ্দ বাড়লেও অবস্থার বড় পরিবর্তন হয় না। বরাদ্দ আর ব্যয়ের মধ্যে যে ফাঁক থাকে, সেটা প্রতিবছরই দেখা যায়। বার্ষিক উন্নয়ন কর্মসূচির একটি বড় অংশ অব্যয়িত থাকে, নয়তো বছরের শেষে তাড়াহুড়ো করে খরচ দেখানো হয়। এই সংস্কৃতি থেকে বের হতে না পারলে বাজেটের আকার বাড়িয়ে লাভ নেই।

রাজস্ব সংকট নিয়ে খোলামেলা আলোচনা এখন জরুরি হয়ে পড়েছে। বাংলাদেশে কর-জিডিপি অনুপাত বহু বছর ধরেই ৭ থেকে ৮ শতাংশের মধ্যে -সীমাবদ্ধ রয়েছে, যেখানে দক্ষিণ এশিয়ার গড় প্রায় এর দ্বিগুণ। এত সীমিত রাজস্ব দিয়ে শিক্ষা, স্বাস্থ্য, অবকাঠামো, সামাজিক নিরাপত্তা ও জলবায়ু অভিযোজনের মতো গুরুত্বপূর্ণ খাত একসঙ্গে সামাল দেওয়া কঠিন। কর বাড়ানো মানেই সাধারণ মানুষের ওপর বাড়তি চাপ সৃষ্টি করা নয়। মূল গুরুত্ব হওয়া উচিত কর ফাঁকি কমানো, কর অব্যাহতির সুযোগগুলো পুনর্বিবেচনা করা এবং সম্পদশালীদের কার্যকরভাবে করের আওতায় আনা। একই সঙ্গে ব্যবসার জন্য করব্যবস্থা স্থিতিশীল ও পূর্বানুমানযোগ্য করা; তা না হলে বিনিয়োগকারীরা দীর্ঘমেয়াদি পরিকল্পনা করতে আগ্রহ হারান।

জ্বালানিনিরাপত্তার প্রশ্নে আমরা এখনো আমদানিনির্ভরতার চক্রে আটকে আছি। বৈশ্বিক বাজারে জ্বালানির দাম বাড়লে সঙ্গে সঙ্গে বিদ্যুৎ উৎপাদনের খরচ বাড়ে, ভর্তুকির চাপ বাড়ে, বৈদেশিক মুদ্রার রিজার্ভে টান পড়ে। এটা শুধু বিদ্যুতের সমস্যা নয়, শিল্প উৎপাদন, রপ্তানি প্রতিযোগিতা এবং সামষ্টিক অর্থনীতির সমস্যা। অথচ বাংলাদেশে সৌরশক্তির বিপুল সম্ভাবনা অব্যবহৃত থাকছে। মোট বিদ্যুৎ উৎপাদনে নবায়নযোগ্য জ্বালানির অংশ এখনো মাত্র ৩ থেকে ৪ শতাংশের কাছাকাছি। রুফটপ সোলার, সেচে সৌরশক্তির ব্যবহার এবং শিল্পাঞ্চলে নবায়নযোগ্য বিদ্যুৎ সম্প্রসারণে বাজেটে সামঞ্জস্যপূর্ণ বরাদ্দ এখনো নেই। সৌর প্যানেল ও সংশ্লিষ্ট যন্ত্রপাতিতে আমদানি শুল্ক কমানো এবং বেসরকারি বিনিয়োগের জন্য স্পষ্ট নীতিকাঠামো তৈরি করা এখন জরুরি। পাশাপাশি জ্বালানি দক্ষতার দিকেও নজর দিতে হবে। শিল্প খাতে এনার্জি অডিট, কম সুদের সবুজ ঋণ এবং প্রযুক্তি আপগ্রেডের প্রণোদনা দিলে আমদানির চাপও কমবে।

ব্যাংক খাতের সংকট এখন প্রাতিষ্ঠানিক রূপ নিয়েছে। আনুষ্ঠানিক হিসাবেই খেলাপি ঋণ ২ লাখ কোটি টাকা ছাড়িয়েছে, যদিও প্রকৃত চিত্র আরও উদ্বেগজনক বলে মনে করেন বিশেষজ্ঞরা। বারবার পুনঃ তফসিলের সুযোগ ঋণখেলাপিদের সুবিধা দিলেও সৎ উদ্যোক্তারা ক্ষতিগ্রস্ত হন। অনেক ব্যাংকের আর্থিক প্রতিবেদনে বাস্তব অবস্থার পূর্ণ প্রতিফলনও দেখা যায় না। তাই স্বাধীন মূল্যায়নের মাধ্যমে সংকটের প্রকৃত চিত্র তুলে ধরা এবং দুর্বল ব্যাংকগুলোর জন্য কার্যকর পুনর্গঠন পরিকল্পনা নেওয়া জরুরি। আমানতকারীদের সুরক্ষা দিতে হবে, তবে অসৎ ঋণগ্রহীতা বা দুর্বল মালিকদের নয়।

ব্যাংক পরিচালনা পর্ষদের সংস্কারও সমান গুরুত্বপূর্ণ। অনেক ক্ষেত্রে পর্ষদ মালিকগোষ্ঠীর স্বার্থ রক্ষার হাতিয়ারে পরিণত হয়েছে। স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিদের উপস্থিতি ঋণ অনুমোদন ও ঝুঁকি ব্যবস্থাপনাকে দুর্বল করে। তাই কেন্দ্রীয় ব্যাংকের স্বাধীনতা নিশ্চিত করা এবং পরিচালকদের যোগ্যতা ও স্বার্থের সংঘাত বিষয়ে কঠোর নিয়ম প্রয়োগ করা না গেলে কাঙ্ক্ষিত সংস্কার বাস্তবায়ন সম্ভব হবে না।

শিক্ষা খাতে বিনিয়োগ নিয়ে আমাদের কথা ও কাজের মধ্যে এখনো বড় ধরনের অসামঞ্জস্য রয়েছে। অনেক শিক্ষার্থী দীর্ঘদিন পড়াশোনা করেও মৌলিক ভাষা ও গণিত দক্ষতা অর্জন করতে পারছে না। একইভাবে বিদেশগামী শ্রমিকদের বড় অংশ কম দক্ষতার কাজে নিয়োজিত থাকায় তাদের আয় ও সুযোগ সীমিত থাকে। এ অবস্থার পরিবর্তনে ভাষা শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ ও প্রযুক্তিগত দক্ষতা উন্নয়নে বিনিয়োগ বাড়ানো জরুরি। শুধু অবকাঠামো নির্মাণ নয়, শিক্ষক প্রশিক্ষণ, পাঠ্যক্রম আধুনিকায়ন এবং শিল্প খাতের সঙ্গে শিক্ষার কার্যকর সংযোগ গড়ে তুলতেও বাজেটে বেশি গুরুত্ব দেওয়া প্রয়োজন।

স্বাস্থ্য খাতে একটা বাস্তব চিত্র তুলে ধরা দরকার। রাজশাহীতে কাজ করতে গিয়ে দেখেছি, জেলা পর্যায়ে সরকারি স্বাস্থ্যসেবার কী অবস্থা। বিশেষজ্ঞ চিকিৎসকের পদ খালি, যন্ত্রপাতি নষ্ট পড়ে আছে, ওষুধের সরবরাহ অনিয়মিত। একজন রোগীকে বিশেষজ্ঞ চিকিৎসার জন্য ঢাকায় আসতে হয়। সেই যাওয়া-আসার খরচে একটি মধ্যবিত্ত পরিবার টালমাটাল হয়ে পড়ে। বাংলাদেশে স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৬৭ শতাংশ এখনো ব্যক্তির নিজের পকেট থেকে আসে। এটা দক্ষিণ এশিয়ার মধ্যে সর্বোচ্চের কাছাকাছি। প্রাথমিক স্বাস্থ্যসেবা শক্তিশালী করা তাই শুধু মানবিক দায় নয়, অর্থনৈতিক বিবেচনাও।

কর্মসংস্থানের সমস্যাটা কি বাজেট দিয়ে সমাধান সম্ভব? পুরোপুরি নয়, তবে বড় একটা অংশ নির্ভর করে সরকারের নীতিগত অবস্থানের ওপর। প্রতিবছর প্রায় ২০ লাখ তরুণ শ্রমবাজারে আসছে, কিন্তু অর্থনীতি তাদের জন্য পর্যাপ্ত মানের কাজ তৈরি করতে পারছে না। তৈরি পোশাক খাত গুরুত্বপূর্ণ থাকবে, কিন্তু একটি খাতের ওপর নির্ভর করে এত বড় শ্রমশক্তি সামলানো যাবে না। অ্যাগ্রো প্রসেসিং, ফার্মাসিউটিক্যালস, আইটি-সেবা, লজিস্টিকস এবং নবায়নযোগ্য জ্বালানি খাতে বিনিয়োগ টানতে পারলে নতুন কর্মসংস্থান তৈরি হবে। বাজেটে কর্মসংস্থানভিত্তিক প্রণোদনা রাখা যেতে পারে, অর্থাৎ নতুন কর্মী নিয়োগ করলে কর সুবিধা বা আংশিক মজুরি সহায়তার ব্যবস্থা।

আমার মতে, বিনিয়োগ পরিবেশের সবচেয়ে বড় বাধা অবকাঠামো নয়, নীতির অনিশ্চয়তা। একজন উদ্যোক্তা জানতে চান, নিয়মটা কী এবং সেটা কাল বদলাবে কি না। ঘন ঘন কর নীতির পরিবর্তন, দীর্ঘ অনুমোদনপ্রক্রিয়া এবং মুনাফা ফেরত পাঠানোর জটিলতা বিদেশি বিনিয়োগকারীদের নিরুৎসাহিত করে। ওয়ান স্টপ সার্ভিসের কথা বহুদিন ধরে বলা হচ্ছে, কিন্তু বিভিন্ন মন্ত্রণালয়ের অনুমোদন আলাদা থাকলে সেটা নামেই থাকে। কাস্টমস, পরিবেশ ছাড়পত্র, বিদ্যুৎ-গ্যাস সংযোগ, কোম্পানি নিবন্ধন, সবকিছু ডিজিটাল ও সময়সীমাবদ্ধ না করলে বিনিয়োগকারীর অভিজ্ঞতা বদলাবে না।

নতুন সরকারের প্রথম পূর্ণাঙ্গ বাজেট হতে যাচ্ছে আসন্ন এই বাজেট। তাই এখানে শুধু সংখ্যার পরিমাণ বাড়ালেই চলবে না, প্রয়োজন একটি স্পষ্ট ও শক্ত বার্তা। সেই বার্তাটি হওয়া উচিত, এবার জবাবদিহি নিশ্চিত করতে হবে ফলাফলের ভিত্তিতে। কোন খাতে কত বরাদ্দ দেওয়া হলো, তার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হলো সেই অর্থে বাস্তবে কী পরিবর্তন এল, সেটাই জানতে চায় সাধারণ মানুষ। মানুষ আসলে বড় বাজেট দেখতে চায় না। তারা দেখতে চায় বাজেটের টাকায় তাদের জীবনে কী পরিবর্তন এসেছে। সেই পরিবর্তন নিশ্চিত করতে পারলেই বাজেটের প্রতি মানুষের আস্থা বাড়বে।

লেখক: ব্যাংকার ও অর্থনৈতিক বিশ্লেষক

এত লাশ বইব কেমনে



নিজস্ব প্রতিবেদক : দেশে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর মিছিল বাড়ছেই। ঈদের আগে-পরে মাত্র ১০ দিনে (২১ থেকে ৩০ মে) ২৩১ জনের প্রাণ ঝরেছে সড়কে। এ সময় আহত হয়েছেন আরও অন্তত ৫৬১ জন। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি এ তথ্য জানিয়েছে। সংস্থার তথ্যমতে, এ ১০ দিনে সড়কে দুর্ঘটনা ঘটেছে ২০০টি। গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে এ তথ্য সংগ্রহ করা হয়। কোনো কোনো দুর্ঘটনা পুরো পরিবারই শেষ হয়ে গেছে।

দেশে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর মিছিল বাড়ছেই। ঈদের আগে-পরে মাত্র ১০ দিনে (২১ থেকে ৩০ মে) ২৩১ জনের প্রাণ ঝরেছে সড়কে। এ সময় আহত হয়েছেন আরও অন্তত ৫৬১ জন। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি এ তথ্য জানিয়েছে। সংস্থার তথ্যমতে, এ ১০ দিনে সড়কে দুর্ঘটনা ঘটেছে ২০০টি। গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে এ তথ্য সংগ্রহ করা হয়। কোনো কোনো দুর্ঘটনা পুরো পরিবারই শেষ হয়ে গেছে।

এর আগে গত মার্চের তৃতীয় সপ্তাহে পবিত্র ঈদুল ফিতরে দেশের সড়ক-মহাসড়কে ৩৪৬টি সড়ক দুর্ঘটনায় ৩৫১ জন নিহত ও ১০৪৬ জন আহত হয়েছিল বলে জানায় যাত্রী কল্যাণ সমিতি।

এবারের ঈদুল আজহার আগের দিন টাঙ্গাইলের কালিহাতীতে রডবোঝাই ট্রাক উল্টে ১৭ নির্মাণ শ্রমিক নিহত হন। নিহত ও আহতরা ঈদযাত্রায় বাসে অতিরিক্ত ভাড়া আদায়ের কারণে স্বল্প ভাড়ায় ফেনী ও চট্টগ্রাম থেকে নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ ও গাইবান্ধায় যাচ্ছিলেন। ঈদের আগের দিন সকালে রাজধানীর নদ্দায় দুই বাসের মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত, ঈদের দিন দুপুর ১২টায় গোপালগঞ্জের সদর উপজেলায় বাস ও বাইকের মুখোমুখি সংঘর্ষে পাঁচজন নিহত হন। এ ছাড়া ঈদের রাত ৮টায় চট্টগ্রামের কর্ণফুলী উপজেলায় বাস ও লেগুনা মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হন। ২৩ মে কুষ্টিয়ার খোকসা উপজেলায় বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে আটজন নিহত ও ২৪ মে ফরিদপুরের নগরকান্দা উপজেলায় বাস ও অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষে পাঁচজন নিহত হন।

যাত্রী কল্যাণ সমিতির মহাসচিব মো. মোজাম্মেল হক চৌধুরী দেশ রূপান্তরকে জানান, ২১ মে ঈদযাত্রার শুরু হয়। ৩০ মে পর্যন্ত যাত্রী কল্যাণ সমিতির সড়ক দুর্ঘটনা মনিটরিং সেলের তথ্য সংগ্রহ করে। তাতে ২০০ সড়ক দুর্ঘটনায় ২৩১ জনের প্রাণহানি ও ৫৬১ জন আহত হওয়ার তথ্য মিলেছে। যদিও হাসপাতালের তথ্যে এর সংখ্যা কমপক্ষে ১০ গুণ বেশি।

যাত্রী কল্যাণ সমিতির পর্যবেক্ষণ অনুযায়ী, দেশের সড়ক-মহাসড়কের অবস্থা আগের তুলনায় ভালো থাকায় যানবাহনে গতি বেড়েছে। সরকারের বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, হাইওয়ে পুলিশ তৎপর ছিল। কিন্তু যাত্রী সচেতনতার কোনো কার্যক্রম দৃশ্যমান ছিল না। এবারের ঈদে সড়ক পরিবহন মালিক সমিতি অঙ্গীকার করেছিল, অতিরিক্ত ভাড়া নেবে না। কিন্তু অঙ্গীকার ভঙ্গ করে অধিকাংশ রুটে অতিরিক্ত ভাড়া আদায়ের মতো নৈরাজ্য ও যাত্রী হয়রানি ছিল বলে জানান মোজাম্মেল হক চৌধুরী।

এদিকে গত ১১ দিনে (২১ মে থেকে গতকাল ৩১ মে দুপুর ১২টা পর্যন্ত) সড়কে ঝরেছে ১৯২ প্রাণ। এর প্রায় অর্ধেক মানুষ (৮৪ জন) ছিলেন মোটরসাইকেলচালক কিংবা আরোহী। ঈদযাত্রার এ কয়েক দিনে মোট দুর্ঘটনা ঘটেছে ১৬৯টি। বাংলাদেশ রোড সেফটি ফাউন্ডেশন সংশ্লিষ্টরা এ তথ্য জানিয়েছেন। সংগঠনটি ২১ মে থেকে গতকাল ৩১ মে পর্যন্ত সংবাদ মাধ্যমে প্রকাশিত প্রতিবেদের ওপর ভিত্তি করে এ তথ্য জানায়। ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মো. সাইদুর রহমান দেশ রূপান্তরকে বলেন, সংবাদ মাধ্যমে প্রতিবেদনের ভিত্তিতে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে। পাঁচ দিন সংবাদপত্র বন্ধ ছিল। যে কারণে সড়কে নিহতের প্রকৃত সংখ্যা পূর্ণাঙ্গভাবে আসেনি। ১১ দিনে সড়কে দুর্ঘটনা, যানজট, অতিরিক্ত ভাড়া আদায়সহ নানা নেতিবাচক ও বেপরোয়া কার্যক্রম দেখা গেছে।

বিভিন্ন জেলায় যত সড়ক দুর্ঘটনা

বগুড়া প্রতিনিধি জানান, বগুড়ার বিভিন্ন উপজেলায় ঈদের ছুটিতে ছয়জন ও ঈদে বাড়ি ফেরার পথে চারজনসহ মোট ১০ জন সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন। জানা যায়, ঈদের দিন ঘুরতে বেরিয়ে ত্রিমুখী মোটরসাইকেল সংঘর্ষে বগুড়ার শেরপুরে দুই তরুণ নিহত হন ও চারজন আহত হয়েছেন। গত বৃহস্পতিবার রাত পৌনে ৯টার দিকে শেরপুর-ধুনট আঞ্চলিক সড়কের শুভগাছা (শাফলজানি) এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত দুজন হলেন পৌর শহরের উলিপুর এলাকার হারুন অর রশিদের ছেলে আবু রায়হান ও শাহ বন্দেগী ইউনিয়নের ফুলতলা এলাকার তামিম হোসেন।

ঈদের ছুটিতে বেপরোয়া গতিতে মোটরসাইকেল চালাতে গিয়ে বগুড়ার কাহালু উপজেলায় দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তিন বন্ধু নিহত হন। গত শুক্রবার সন্ধ্যা সোয়া ৬টায় বীরকেদার ইউনিয়নের বারোমাইল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন নওগাঁ জেলার খাস নওগাঁর আবুল কালাম আজাদের ছেলে মো. আব্দুর রাহিম, চকদেব নুনিয়াপট্টি এলাকার ইউসুফের ছেলে অপূর্ব ও একই এলাকার সুরুজের ছেলে প্রেম। গত শনিবার রাত ৮টার দিকে বগুড়ার শিবগঞ্জ উপজেলার লালদহ এলাকায় ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল চালক মো. আশরাফুল ইসলাম প্রামাণিক নামে এক শিক্ষক নিহত হন।

এদিকে ঈদের ছুটি কাটাতে বাড়ি ফেরার পথে আরও চারজন নিহত হয়েছেন। বগুড়া পুলিশ বিভাগ সূত্রে জানা যায়, গত বুধবার ভোরে কাহালু উপজেলার বউবাজার এলাকায় একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে দাঁড়িয়ে থাকা বাসকে ধাক্কা দিলে দুইজন নিহত হন। নিহতরা হলেন নওগাঁর বদলগাছির কোমারপুর গ্রামের শ্রী জিতেন্দ্র নাথ ম-লের ছেলে উত্তম ম-ল ও বগুড়ার আদমদীঘি উপজেলার মালশুন গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে হৃদয়। এর আগে একই রাতে কাহালু উপজেলার ভ্যাপরা এলাকায় নিউ হোপ ফিড মিলের সামনে অজ্ঞাত একটি গাড়ির ধাক্কায় মো. রবিউল আউয়াল ওরফে জিয়া নামের এক শ্রমিক নিহত হন। অন্যদিকে গত বুধবার সকাল সোয়া ৬টার দিকে নন্দীগ্রামের ফোকপাল রাস্তার মাথায় বগুড়া-নাটোর মহাসড়কে বালুভর্তি দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে মো. ইনজামাম নামে ট্রাকের এক সহকারী নিহত হন।

গোপালগঞ্জ প্রতিনিধি জানান, ঈদের দিন গোপালগঞ্জে বাস ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে একই পরিবারের তিনজনসহ মোট পাঁচজন নিহত ও অন্তত ২৫ জন আহত হয়েছেন। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন চিকিৎসকরা। গত বৃহস্পতিবার দুপুর পৌনে ১২টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কের গোপালগঞ্জ সদর উপজেলার বেদগ্রাম এলাকায় এ দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলেই মোটরসাইকেলের দুই আরোহী ও বাসের দুই যাত্রীর মৃত্যু হয়। পরে আহত অবস্থায় হাসপাতালে নেওয়া হলে আরও এক শিশুকে মৃত ঘোষণা করেন কর্তব্যরত চিকিৎসক। নিহতরা হলেন বাগেরহাটের চিতলমারী উপজেলার বড়বাড়িয়া গ্রামের সমেশ ঢালীর ছেলে শাওন ঢালী, একই উপজেলার গোলা গ্রামের মাহবুব শেখের ছেলে সইব শেখ, পিরোজপুরের নাজিরপুরের কলারদোয়ানিয়া গ্রামের আব্দুল খালেকের মেয়ে খাদিজা খাতুন, তার স্বামী সোহাগ ও তাদের ৬ বছর বয়সী ছেলে আরমান।

নেত্রকোনা প্রতিনিধি জানান, কলমাকান্দায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে দুই যুবক নিহত হয়েছেন। গত শুক্রবার মধ্য রাতে কলমাকান্দা-দুর্গাপুর সড়কের গজারমারি ব্রিজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন কলমাকান্দা উপজেলা সদরের ঘোষপাড়া গ্রামের নয়ন মিয়ার ছেলে নিবিড় ও একই গ্রামের সজিব মিয়ার ছেলে সোহান।

শেরপুর (বগুড়া) প্রতিনিধি জানান, শেরপুরে ঘুরতে বেরিয়ে মোটরসাইকেলের ত্রিমুখী সংঘর্ষে দুই বন্ধু নিহত ও আরও চারজন আহত হয়েছেন। গত বৃহস্পতিবার রাত পৌনে ৯টার দিকে উপজেলার খানপুর ইউনিয়নের শেরপুর-ধুনট আঞ্চলিক সড়কের শুভগাছা (শাফলজানি) এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন শেরপুর পৌর শহরের উলিপুর এলাকার আবু রায়হান ও শাহ বন্দেগী ইউনিয়নের ফুলতলা এলাকার তামিম।

পটুয়াখালী প্রতিনিধি জানান, পটুয়াখালীর গলাচিপায় অটোরিকশা ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুই মোটরসাইকেল আরোহী নিহত ও আরও দুইজন আহত হন। গত বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে গলাচিপা পৌরসভার সরকারি কলেজ রোড এলাকায় গ্রামীণ ব্যাংকের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন গলাচিপা পৌরসভার শ্যামলীবাগ এলাকার তামিম হাং ও ইমরান হোসেন। এদিকে পটুয়াখালীর মির্জাগঞ্জ-বরগুনা আঞ্চলিক সড়কের রাঢ়িবাড়ী বটতলা এলাকায় যাত্রীবাহী বাসের ধাক্কায় মীর তৈয়ব আলী নামে এক ইজিবাইকচালক নিহত ও আরও দুই যাত্রী আহত হয়েছেন। গত বুধবার সকাল ৯টার দিকে বরগুনা থেকে বরিশালগামী 'নব দিগন্ত' পরিবহনের একটি বাসে এ দুর্ঘটনা ঘটে।

সিরাজগঞ্জ প্রতিনিধি জানান, সিরাজগঞ্জের সলঙ্গা থানার রামার চর চড়িয়া এলাকায় যাঁব ১২ এর কার্যালয়ের সামনে ঢাকা-রাজশাহী মহাসড়কে সিএনজি টেম্পুর পেছনে বাসের ধাক্কায় তিন যাত্রী নিহত ও এক যাত্রী আহত হন। গত মঙ্গলবার সন্ধ্যায় এ দুর্ঘটনা ঘটে। নিহতের মধ্যে দুজনের পরিচয় পাওয়া গেছে। তারা হলেন সলঙ্গা থানার শরীফ সলঙ্গা গ্রামের সিএনজিচালক সোরমান হোসেন, একই থানার আঙ্গারু গ্রামের মৃত হরেন্দ্র নাথ সুত্রধরের ছেলে কাঠমিস্ত্রি গোবিন্দ সুত্রধর। এদিকে সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার বগুড়া-নগরবাড়ী মহাসড়কের দিলরুবা বাসস্ট্যান্ড ও মশিপুর এলাকায় পৃথক সড়ক দুর্ঘটনায় দুইজন নিহত হয়েছেন। গত সোমবার এই দুর্ঘটনা ঘটে। এতে একই পরিবারের আহত হয়েছেন আরও চারজন। নিহতরা হলেন পাবনার সাথিয়া উপজেলার হলুদঘর গ্রামের সবুজ প্রামাণিকের মেয়ে সারা খাতুন ও শাহজাদপুর উপজেলার মশিপুর গুচ্ছ গ্রামের বাসিন্দা আলমগীরের ছেলে আহম্মদ।

হবিগঞ্জ প্রতিনিধি জানান, ঢাকা-সিলেট মহাসড়কে হবিগঞ্জের মাধবপুরে দুর্ঘটনায় মোটরসাইকেল আরোহী দুই বন্ধু নিহত হয়েছেন। নিহতরা হলেন নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার বাগবের গ্রামের আব্দুল বাতেনের ছেলে আবুল বাশার ও রাজধানী খিলক্ষেত এলাকার সেলিম মিয়ার ছেলে আশিক আহমেদ। ঘটনাটি ঘটেছে সোমবার দিবাগত রাত ১টার দিকে সাহেব বাড়ি গেট বাসস্ট্যান্ড এলাকায়।

বড়াইগ্রাম (নাটোর) সংবাদদাতা জানান, বড়াইগ্রামে মোটরসাইকেল ও মাছবাহী মিনি ট্রাকের মুখোমুখি সংঘর্ষে রাহিক ইসলাম নামে এক এইচএসসি পরীক্ষার্থী নিহত হয়। গত বৃহস্পতিবার সন্ধ্যায় উপজেলার আইড়মারি ব্রিজ এলাকায় বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। রাহিক গুরুদাসপুর উপজেলার শিধুলী গ্রামের হাসব আলীর ছেলে।

নরসিংদী প্রতিনিধি জানান, নরসিংদীতে পৃথক স্থানে সড়ক দুর্ঘটনায় তিনজন নিহত হয়েছেন। গত শনিবার দুপুরে শিবপুর উপজেলার চক্রধা ইউনিয়নে মনোরটেক এলাকায় প্রাইভেট কারের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে ব্যাটারিচালিত অটোরিকশার চালকসহ দুজন নিহত হন। তারা হলেন মো. রুবেল শেখ ও জুনায়েদ মিয়া। এর আগে গতকাল শুক্রবার সন্ধ্যা ৬টায় মাধবদীর গদারচরে ঢাকা-সিলেট মহাসড়কে বাসচাপায় একজন মোটরসাইকেলচালক কুসুম আলী নিহত হন। তিনি কিশোরগঞ্জের অষ্টগ্রাম থানার তাহেরাবাদ এলাকার মো. শহর আলীর ছেলে।

ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি জানান, গত শনিবার দুপুর ১২টার দিকে ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার ময়মনসিংহ-কিশোরগঞ্জ মহাসড়কের চরহোসেনপুর এলাকায় মাইক্রোবাস ও মোটরসাইকেলের মুখামুখি সংঘর্ষে মাহির শাহরিয়ার নামে এক তরুণের মৃত্যু হয়েছে।

লোহাগড়া (নড়াইল) সংবাদদাতা জানান, লোহাগড়া উপজেলার ঢাকা-কালনা-বেনাপোল মহাসড়কে রোজিনা পরিবহন ও মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলে মোটরসাইকেলচালক সাব্বির গাজী নিহত হয়েছেন। এ সময় মোটরসাইকেল থাকা সাথী শওকত হোসেন গুরুতর আহত হন। গত বৃহস্পতিবার বিকালে লোহাগড়ার আলমুন্সির মোড়ে এ দুর্ঘটনা ঘটে।

ঝিনাইদহ প্রতিনিধি জানান, ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় শহিদ মিনার এলাকায় বাসচাপায় মোটরসাইকেলের চালক আরজ আলী ও শৈলকুপায় চলন্ত অটোভ্যানের ধাক্কায় মীম খাতুন নামে এক শিশু নিহত হয়েছে। গত শুক্রবার দুপুর ও বিকালে এ দুটি ঘটনা ঘটে।

ফটিকছড়ি (চট্টগ্রাম) প্রতিনিধি জানান, গত শনিবার বিকেলে হারুয়ালছড়ি ইউনিয়নের হাজারীখীল বন্যপ্রাণী অভয়ারণ্য এলাকায় মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে দুই যুবক নিহত হন। তারা হলেন ফটিকছড়ি আব্দুল্লাহপুর ইউনিয়নের বাসিন্দা জয় মল্লিক ও রাউজান নোয়াজিশপুর ইউনিয়নের বাসিন্দা সীমান্ত দাশ।

ভূঞাপুর (টাঙ্গাইল) প্রতিনিধি জানান, টাঙ্গাইলের ভূঞাপুরে মোটরসাইকেল-বাসের মুখোমুখি সংঘর্ষে সুরুজ আকন্দ নামে এক যুবক নিহত ও মোটরসাইকেলচালক আলম আহত হয়েছেন। গত রবিবার দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলার পশ্চিম ভূঞাপুর নতুন বাইপাস রোডে এ দুর্ঘটনা ঘটে।

চাঁদপুর প্রতিনিধি জানান, চাঁদপুর সদরের বাগাদি এলাকায় ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল সড়কে ছিটকে পড়ে মো. জোহা নামে এক এসএসসি পরীক্ষার্থী নিহত হয়েছে ও আহত হয়েছে মোটরসাইকেলের আরোহী মো. সাজ্জিল। গত রবিবার দুপুর দেড়টার দিকে চাঁদপুর-রায়পুর সড়কের ইসলামপুর গাছতলা বাদামতলী এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

পটুয়াখালী প্রতিনিধি জানান, পটুয়াখালীর দুমকিতে সড়ক দুর্ঘটনা অতিরিক্ত সচিব ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সদস্য শামীমুজ্জামান ফিরোজ গুরুতর আহত হয়েছেন। গত শুক্রবার ১১টায় উপজেলার পাংগাশিয়া ব্রিজের ঢালে এই দুর্ঘটনা ঘটে।

কালিহাতী (টাঙ্গাইল) প্রতিনিধি জানান, ঢাকা-টাঙ্গাইল-যমুনা সেতু মহাসড়কে হানিফ পরিবহনের একটি বাস উল্টে ১৭ জন গুরুতর আহত হয়েছেন। গত শনিবার সকাল ১০টার দিকে ঢাকা-টাঙ্গাইল-যমুনা সেতু মহাসড়কের উপজেলার ধলাটেঙ্গর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। আহতদে টাঙ্গাইল জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ফরিদপুর প্রতিনিধি জানান, ফরিদপুরের নগরকান্দা উপজেলার ঝাটুরদিয়া বাজার এলাকায় ঢাকা-খুলনা মহাসড়কে বোরাক পরিবহনের একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের খাদে উল্টে পড়ে ২০ যাত্রী আহত হয়েছেন। রবিবার বেলা পৌনে ১১টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

মে মাসে মব সহিংসতায় নিহত ৩২, ছয় মাসের মধ্যে সর্বোচ্চ: এমএসএফ

নিজস্ব প্রতিবেদক : দেশে মব সহিংসতা উদ্বেগজনকভাবে বেড়েই চলেছে। মে মাসে মব সহিংসতায় ৩২ জন নিহত হয়েছেন। এই সংখ্যা গত ছয় মাসের মধ্যে সর্বোচ্চ। মানবাধিকার সংগঠন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের (এমএসএফ) মে মাসের 'মানবাধিকার পরিস্থিতি মনিটরিং প্রতিবেদন'-এ এই চিত্র উঠে এসেছে।

আজ রোববার এক বিজ্ঞপ্তির মাধ্যমে এই প্রতিবেদন প্রকাশ করা হয়।

এমএসএফের হিসাব অনুযায়ী, ২০২৫ সালের ডিসেম্বরে ১০ জন মব সহিংসতায় নিহত হন। একই ধরনের ঘটনায় চলতি বছরের জানুয়ারিতে ২১ জন, ফেব্রুয়ারিতে ১৮, মার্চে ১৯ ও এপ্রিলে ২১ জন প্রাণ হারান।

প্রতিবেদনে বলা হয়েছে, মব সহিংসতার সংখ্যা নির্দেশ করে যে, আইন নিজের হাতে তুলে নেওয়ার প্রবণতা বাড়ছে। সামাজিক বিরোধগুলো ক্রমেই সহিংসতায় রূপ নিচ্ছে। বিশেষভাবে উদ্বেগজনক হলো, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরাও মবের আক্রমণের ১২-এর পৃষ্ঠায় দেখুন

গ্রিন কার্ড পেতে সব অভিবাসীকে নিজ দেশে ফিরতে হবে না?

প্রথম পৃষ্ঠার পর

পরও যুক্তরাষ্ট্রের গ্রিন কার্ড প্রক্রিয়া নিয়ে পুরোপুরি বিভ্রান্তি ও অনিশ্চয়তা দূর হয়নি। বরং কে দেশে থেকেই আবেদন করতে পারবেন এবং কার ক্ষেত্রে বিদেশে গিয়ে প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এ প্রশ্নের উত্তর এখনো নির্ভর করছে ব্যক্তিগত পরিস্থিতি ও প্রশাসনিক সিদ্ধান্তের ওপর।

আইনজীবীরা বলছেন, যদিও ডিইচএস এটিকে "স্পষ্টীকরণ" হিসেবে উপস্থাপন করছে। বাস্তবে এই ঘোষণা অনেক আবেদনকারীর মধ্যে উদ্বেগ তৈরি করেছে। ইতিমধ্যে কিছু ইউএসসিআইএস সাক্ষাৎকারে আবেদনকারীদের জিজ্ঞাসা করা হচ্ছে তারা কেন যুক্তরাষ্ট্রেই থেকে আবেদন করছেন, এবং কেন নিজ দেশে ফিরে প্রক্রিয়া করছেন না।

গত সপ্তাহে ইউএস ইমিগ্রেশন এন্ড সিটিজেনশীপ সার্ভিস (ইউএসসি) এক ঘোষণায় জানায়, স্থায়ী বসবাসের আবেদনকারীদের অনেককেই "বিশেষ বা ব্যতিক্রমী পরিস্থিতি" ছাড়া নিজ দেশে ফিরে কনস্যুলার প্রসেসিংয়ের মাধ্যমে গ্রিন কার্ডের জন্য আবেদন করতে হতে পারে। এই ঘোষণা প্রকাশের পর অভিবাসন আইনজীবী, ব্যবসায়ী মহল এবং আবেদনকারীদের মধ্যে ব্যাপক উদ্বেগ তৈরি হয়।

তবে নতুন ব্যাখ্যায় ডিএইচএস জানিয়েছে, এটি কোনো নতুন কঠোর নীতি নয়। বরং কর্মকর্তাদের বিদ্যমান ক্ষমতা বা "ডিসক্রিশনারি অথরিটি" আবার স্পষ্ট করে মনে করিয়ে দেওয়া হয়েছে, যা আগে থেকেই কেস-টু-কেস ভিত্তিতে প্রয়োগ করা হতো।

সংস্থাটির ব্যাখ্যায় বলা হয়েছে, যেসব ক্ষেত্রে ভিসা ওভার স্টে করা হয়েছে বা অভিবাসন ইতিহাসে জটিলতা রয়েছে, অথ বা কিছু দেশের নাগরিকদের ক্ষেত্রে বিশেষ প্রশাসনিক সীমাবদ্ধতা রয়েছে সেসব ক্ষেত্রে বিদেশে গিয়ে আবেদন করার বিষয়টি বিবেচনা করা হতে পারে।

তবে ডিইচএস এটাও বলছে যে এটি কোনো স্বয়ংক্রিয় নিয়ম নয়। প্রতিটি আবেদন পৃথকভাবে পর্যালোচনা করা হবে।

বর্তমানে যুক্তরাষ্ট্রে প্রায় ১.৪ মিলিয়ন গ্রিন কার্ড প্রতি বছর ইস্যু হয়। যার মধ্যে প্রায় ৮২০,০০০ আবেদন 'অ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস' প্রক্রিয়ার মাধ্যমে যুক্তরাষ্ট্রের ভেতর থেকেই সম্পন্ন হয়। এই প্রক্রিয়াটি মূলত সেইসব মানুষের জন্য, যারা কর্মসংস্থান বা পারিবারিক স্পনসরশিপের মাধ্যমে ইতিমধ্যে বৈধভাবে যুক্তরাষ্ট্রে বসবাস করছেন।

নতুন ব্যাখ্যার ফলে সবচেয়ে বেশি অনিশ্চয়তায় পড়েছে পারিবারিক ভিত্তিতে আবেদনকারীরা, বিশেষ করে যারা দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন এবং ভিসা পরিবর্তনের মাধ্যমে গ্রিন কার্ডের অপেক্ষায় আছেন।

অভিবাসন বিশেষজ্ঞদের মতে, এই অনিশ্চয়তা শুধু আবেদনকারীদেরই নয়, নিয়োগদাতা প্রতিষ্ঠানগুলোকেও উদ্বিগ্ন করছে। বিশেষ করে উচ্চ দক্ষতাসম্পন্ন বিদেশি কর্মীদের ক্ষেত্রে, যারা এইচ-১বি সহ বিভিন্ন ভিসায় যুক্তরাষ্ট্রে কাজ করছেন এবং গ্রিন কার্ডের দীর্ঘ অপেক্ষায় রয়েছেন।

একজন প্রাক্তন ইউএসসিআইএস কর্মকর্তা বলেন, এই ধরনের অস্পষ্ট নীতি ব্যবসা এবং পরিবারভিত্তিক অভিবাসন দুই ক্ষেত্রেই চাপ তৈরি করছে। কারণ দীর্ঘ সময় ধরে চলা প্রক্রিয়ায় হঠাৎ পরিবর্তনের সম্ভাবনা ভবিষ্যৎ পরিকল্পনাকে অনিশ্চিত করে তোলে।

ট্রাম্প প্রশাসনের টার্গেট এবার ইমিগ্রেশন এটর্নীরা

প্রথম পৃষ্ঠার পর

অভিযোগ তদন্ত করবেন। শুধু আবেদনকারী নয়, জাল নথি তৈরিতে সহায়তাকারী আইনজীবী বা পরামর্শদাতাদের বিরুদ্ধেও প্রশাসনিক ও আইনি ব্যবস্থা নেওয়া হতে পারে।

ট্রাম্প প্রশাসনের দাবি, বহু বছর ধরে লাখ লাখ অভিবাসী ভুয়া তথ্য ব্যবহার করে আশ্রয় সুবিধা নেওয়ার চেষ্টা করছে। তাদের মতে, কিছু আইনজীবী প্রায় সব অভিবাসীকেই নির্যাতনের শিকার হিসেবে উপস্থাপন করছেন।

ডিএইচ এস এর নির্দেশনায় বলা হয়েছে, জেনে-শুনে মিথ্যা তথ্যসহ অভিবাসন আবেদন প্রস্তুত, দাখিল বা সহায়তা করলে জরিমানা, পেশাগত শাস্তি এবং গুরুতর ক্ষেত্রে ফৌজদারি মামলার মুখোমুখি হতে হতে পারে। প্রথমবারের অপরাধে হাজার হাজার ডলার জরিমানা এবং পুনরাবৃত্তির ক্ষেত্রে আরও বড় অঙ্কের শাস্তির বিধান রয়েছে।

অতীতেও নিউইয়র্ক, ফ্লোরিডাসহ বিভিন্ন অঙ্গরাজ্যে আশ্রয় জালিয়াতি চক্রের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। একাধিক আইনজীবী ও ভুয়া পরামর্শদাতা জাল আবেদন তৈরির অভিযোগে দোষী সাব্যস্ত হয়েছেন।

বর্তমান আইন অনুযায়ী, যে কেউ যুক্তরাষ্ট্রে উপস্থিত থাকলে আশ্রয়ের আবেদন করতে পারেন। তবে আবেদন অনুমোদনের জন্য তাকে প্রমাণ করতে হয় যে জাতি, ধর্ম, জাতীয়তা, রাজনৈতিক মতাদর্শ বা নির্দিষ্ট সামাজিক গোষ্ঠীর সদস্য হওয়ার কারণে তিনি নিজ দেশে নির্যাতনের ঝুঁকিতে রয়েছেন।

তবে নতুন এই নির্দেশনাকে ঘিরে উদ্বেগ প্রকাশ করেছে অভিবাসন অধিকার সংগঠন ও আইনজীবীরা। তাদের আশঙ্কা, প্রশাসনের এই পদক্ষেপ অভিবাসীদের আইনি সহায়তা পাওয়ার পথ আরও কঠিন করে তুলতে পারে এবং আইনজীবীদের ওপর চাপ সৃষ্টি করতে পারে।

আমেরিকান ইমিগ্রেশন লইয়ার্স অ্যাসোসিয়েশন এই নীতিকে "বিপজ্জনক" বলে অভিহিত করেছে। সংগঠনটির দাবি, প্রশাসন আশ্রয় আবেদন ও অভিবাসন-সংক্রান্ত আইনি লড়াইকে নিরুৎসাহিত করার চেষ্টা করছে।

এদিকে সিবিএস নিউজের প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্রে অ্যাসাইলাম বা আশ্রয় আবেদন মিনেসোটাভিত্তিক অভিবাসন আইনজীবী স্টিভেন থাল জানান, সম্প্রতি তিনি এমন একটি পরিবারের মামলা পরিচালনা করেছেন যারা গুয়াতেমালায় যৌন সহিংসতা, চাঁদাবাজি এবং প্রাণনাশের হুমকির মুখে পড়ে যুক্তরাষ্ট্রে আশ্রয় চেয়েছিল। কিন্তু অভিবাসন আদালত তাদের আবেদন প্রত্যাখ্যান করেছে।

মোবাইল পাথওয়েজের তথ্য অনুযায়ী, মিনেসোটার ফোর্ট স্নেলিং ইমিগ্রেশন কোর্টে প্রেসিডেন্ট জো বাইডেনের চার বছরের মেয়াদে আশ্রয় আবেদনের অনুমোদনের হার ছিল প্রায় ১৩ শতাংশ। ট্রাম্প প্রশাসনের দ্বিতীয় মেয়াদে সেই হার নেমে এসেছে মাত্র ২ শতাংশে।

আইনজীবীদের মতে, অতীতে যেসব আবেদন অনুমোদিত হওয়ার সম্ভাবনা ছিল, বর্তমানে সেগুলোর অনেকেই প্রত্যাখ্যাত হচ্ছে। ফলে হাজারো আশ্রয়প্রার্থী বহিষ্কারের ঝুঁকির মুখে পড়ছেন।

সিবিএস আরো জানায়, যুক্তরাষ্ট্র সরকার দীর্ঘদিন ধরেই সংগঠিত আশ্রয় আবেদন জালিয়াতির বিভিন্ন চক্রের বিরুদ্ধে মামলা ও শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে আসছে। প্রতিবেদনে বলা হয়, ২০২৩ সালে নিউইয়র্ক সিটির ফেডারেল প্রসিকিউটররা কয়েকজন অভিবাসন আইনজীবীর বিরুদ্ধে দোষ স্বীকারের ঘোষণা দেন, যাদের বিরুদ্ধে অভিযোগ ছিল তারা ভুয়া আশ্রয় আবেদন ও মিথ্যা হলফনামা তৈরি করে ক্লায়েন্টদের আদালতে মিথ্যা বলতে প্রশিক্ষণ দিয়েছেন।

এর আগে ২০২১ সালে ফ্লোরিডায় এক ব্যক্তি, যিনি নিজেকে অভিবাসন আইনজীবী হিসেবে পরিচয় দিতেন, শত শত ভুয়া আশ্রয় আবেদন জমা দেওয়ার অভিযোগে ২০ বছরেরও বেশি কারাদণ্ড পান। একইভাবে ২০১৯ সালে নিউইয়র্কের কুইন্সে একজন অভিবাসন আইনজীবী একটি সংগঠিত আশ্রয় জালিয়াতি চক্র পরিচালনার জন্য পাঁচ বছরের কারাদণ্ডে দণ্ডিত হন।

অভিবাসন আইনজীবী কারেন ব্রায়ান বলেন, এমন পরিস্থিতিতে তাদেরকে প্রতিটি আশ্রয় আবেদন অত্যন্ত সতর্কতার সঙ্গে যাচাই করতে হয়, যাতে কোনো ভুয়া বা ভিত্তিহীন মামলা আদালতে না পৌঁছে। তিনি বলেন, তার পেশাগত অভিজ্ঞতায় কখনও কোনো ফ্রিভলাস বা জাল আবেদন ছিল না।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.


Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা

রাজনীতিতে নানামুখী আলোচনা

নিজস্ব প্রতিবেদক : চব্বিশের জুলাই গণ-অভ্যুত্থানে ক্ষমতা হারিয়ে দেশ ছেড়ে ভারতে চলে যাওয়ার পর থেকেই বিভিন্ন সময়ে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে ফেরা না ফেরার প্রশ্নটি আলোচনায় এসেছে। সম্প্রতি ভারতীয় গণমাধ্যমে প্রকাশিত সাক্ষাৎকারে তিনি 'শিগগিরই' দেশে ফেরার ঘোষণা দিয়েছেন। বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ দলের সভাপতি এবং মানবতাবিরোধী মামলায় মৃত্যুদণ্ডে দণ্ডিত শেখ হাসিনার এমন ঘোষণা রাজনৈতিক অঙ্গনে নতুন করে আলোচনা ও নানা জল্পনা-কল্পনার জন্ম দিয়েছে। বিভিন্ন রাজনৈতিক দল, বিশ্লেষক ও পর্যবেক্ষকরা এ বক্তব্য ঘিরে এর সম্ভাব্য রাজনৈতিক প্রভাব নিয়ে যুগান্তরের কাছে ভিন্ন ভিন্ন মূল্যায়ন করছেন। বিশ্লেষকদের কেউ এটিকে রাজনীতিতে নতুন সমীকরণের ইঙ্গিত হিসাবে দেখছেন। আবার কেউ মনে করছেন, এটি একটি রাজনৈতিক অবস্থান বা কৌশলগত বার্তা। যার মধ্য দিয়ে তিনি মূলত তার দলের নেতাকর্মীদের উজ্জীবিত করতে চান। প্রকৃতপক্ষে শেখ হাসিনার দেশে ফিরে এসে সক্রিয়ভাবে আইনি প্রক্রিয়ার মুখোমুখি হওয়ার বাস্তব কোনো সম্ভাবনা আপাতত নেই।

অন্যদিকে বিএনপি-জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি-এনসিপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা বলছেন, শুধু বিচারিক প্রক্রিয়ার মুখোমুখি হওয়ার জন্যই বাংলাদেশে শেখ হাসিনাকে ফিরে আসতে হবে। কারণ যে পরিস্থিতিতে তাকে দেশ ছাড়তে হয়েছিল, সেটি ছিল ব্যাপক জনঅসন্তোষ ও গণপ্রতিরোধের প্রেক্ষাপট। ফলে এখন তার দেশে ফিরে রাজনীতি করার বাস্তবতা নেই। যদিও আওয়ামী লীগ নেতাদের দাবি, শেখ হাসিনার দেশে ফেরার প্রশ্নে মামলা বা বিচারিক প্রক্রিয়া কোনো বাধা নয়। কারণ অতীতেও তিনি নানা প্রতিকূলতা অতিক্রম করেই দেশে ফিরেছেন। এবারও 'রাজনৈতিকভাবে' থামিয়ে রাখা সম্ভব হবে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আইনুল ইসলাম যুগান্তরকে বলেন, শেখ হাসিনার এই বক্তব্যের বিষয়টিকে দুভাবে ব্যাখ্যা করা যায়। প্রথমত, জুলাইয়ের গণ-



অভ্যুত্থানের সময় যে বৃহত্তর রাজনৈতিক ঐক্য গড়ে উঠেছিল এবং যার ফলে শেখ হাসিনাকে ক্ষমতা ছেড়ে দেশ ত্যাগ করতে হয়েছিল, সেই শক্তিগুলোর মধ্যে বর্তমানে কিছুটা অনৈক্য ও দূরত্ব দৃশ্যমান। বিএনপি, জামায়াত এবং এনসিপিসহ যেসব রাজনৈতিক শক্তি তখন একটি অভিন্ন অবস্থানে ছিল, কিন্তু তাদের মধ্যে এখন মতপার্থক্য দেখা যাচ্ছে। আমার ধারণা, এই পরিবর্তিত রাজনৈতিক বাস্তবতাকে সামনে রেখেই এসব বক্তব্য দেওয়া হচ্ছে।

তিনি আরও বলেন, তবে আমি ব্যক্তিগতভাবে মনে করি না যে শেখ হাসিনার দেশে ফিরে এসে সক্রিয়ভাবে আইনি প্রক্রিয়ার মুখোমুখি হওয়ার বাস্তব সম্ভাবনা রয়েছে। বরং এটি একটি রাজনৈতিক অবস্থান বা কৌশলগত বার্তা। শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা বা এ ধরনের বার্তা আওয়ামী লীগের নেতাকর্মী ও সমর্থকদের মধ্যে মনোবল জোগানোর একটি প্রচেষ্টা হিসাবে কাজ করতে পারে। তিনি যখন বলেন, 'আমি ফিরব' বা 'আমি আবার মানুষের কাছে যাব', তখন তা তার সমর্থকদের মধ্যে নতুন আশাবাদ বা উদ্দীপনা তৈরি করতে পারে। রাজনৈতিকভাবে এটিই সম্ভবত এ ধরনের বক্তব্যের সবচেয়ে বড় তাৎপর্য।

লেখক, গবেষক ও রাজনৈতিক বিশ্লেষক আলতাফ পারভেজ যুগান্তরকে বলেন, যদি শেখ হাসিনা দেশে ফিরে বিচারিক প্রক্রিয়ার মুখোমুখি হন, তাহলে সেটি শুধু একটি আইনি ঘটনা হবে না; বরং বড় ধরনের রাজনৈতিক ঘটনাও হবে। একদিকে আওয়ামী লীগ সমর্থকরা তার মুক্তির ১২-এর পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ-ভারত সম্পর্ক

পুশইনে বাড়ছে তিক্ততা



নিজস্ব প্রতিবেদক : সৌহার্দ ও সম্পর্কোন্নয়নের কথা বলা হলেও বাস্তবে বিজেপি সরকারের নানা সিদ্ধান্ত ও কর্মকাণ্ড ঢাকা-দিল্লির সম্পর্কে তিক্ততা ক্রমেই বাড়িয়ে চলেছে। ঈদুল আজহার ছুটিতে পশ্চিমবঙ্গের হাকিমপুর সীমান্ত দিয়ে কথিত 'বাংলাদেশি' হিসাবে এখন পর্যন্ত ৬০ জনকে পুশইন করা হয়েছে। পরিচয় যাচাই করার জন্য আরও অন্তত ৯০ জনকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। এদের মধ্যে অনেকে বহু বছর ধরে ভারতে বসবাস করলেও নানা জটিলতায় তারা সেখানকার নাগরিকত্ব ও ভোটাধিকার পাননি। অভিযোগ উঠেছে, এমন অনেককে 'বাংলাদেশি' হিসাবে সীমান্ত অঞ্চল দিয়ে প্রবেশ করানোর চেষ্টা করা হচ্ছে। অনেককে জিজ্ঞাসাবাদের জন্য 'হোল্ডিং' সেন্টারে রেখে মানসিকভাবে চাপ দেওয়া হচ্ছে। বিশ্লেষকরা বলছেন, পুরো বিষয়টি আঞ্চলিক স্থিতিশীলতা, দুই দেশের সম্পর্কোন্নয়নে নতুন করে বাধা সৃষ্টি করবে। পাশাপাশি সীমান্তে নতুন করে তৈরি হবে অস্থিরতা। কারণ একদিকে বিষয়টিতে মানবাধিকারও বিঘ্নিত হচ্ছে। অন্যদিকে এ দেশে জনমনে ছড়িয়ে পড়ছে ক্ষোভ। পর্যবেক্ষকরা বলছেন, পশ্চিমবঙ্গ সরকারের এসব কর্মকাণ্ডে দুদেশের মধ্যে কূটনৈতিক সম্পর্কে এক ধরনের অস্বস্তি তৈরি হয়েছে।

ভারতের দিক থেকে অনেক আগে থেকেই অবৈধ অভিবাসীদের তাদের নিজ দেশে ফেরত পাঠানোর কথা বলা হচ্ছিল। সেটি মূলত বাংলাদেশ থেকে আসা ভারতে বসবাসরত নাগরিকদের বিষয়ে ইঙ্গিত করা হয়। তবে বিষয়টি আলোচনায় নতুন মাত্রা পায় পশ্চিমবঙ্গের নির্বাচনে শুভেন্দু অধিকারী নির্বাচিত হওয়ার পর। তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে জয়ী হওয়ার পরপরই কথিত বাংলাদেশি ও রোহিঙ্গা অনুপ্রবেশকারীদের শনাক্ত করে বাংলাদেশে পাঠিয়ে দেওয়ার ঘোষণা দেন। এরই অংশ হিসাবে একের পর এক পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে বিশ্লেষকরা মনে করছেন।

সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবির মনে করেন, পুশইন ইস্যুটিকে ঘিরে দুই দেশের মধ্যে তিক্ততা বাড়ার সুযোগ তৈরি হয়েছে। তবে দুই দেশেরই যুক্তি ও মানবিকতা দিয়ে বিচার-বিশ্লেষণ করে নীতিগত সিদ্ধান্ত নেওয়া উচিত।

নিরাপত্তা বিশ্লেষক ও গবেষক ব্রিগেডিয়ার জে. মো. বায়েজিদ সরোয়ারের (অব.) মতে, পুশইনের মতো সংবেদনশীল পদক্ষেপের মাধ্যমে ভারত এক ধরনের চাপ বজায় রাখছে। এসব কর্মকাণ্ড দুই দেশের মধ্যকার দ্বিপাক্ষিক সুসম্পর্কের ক্ষেত্রে অস্থিরতা ও আস্থার সংকট তৈরি করতে পারে। সম্পর্কোন্নয়নের বদলে তিক্ততা ও অসন্তুষ্টি বাড়তে পারে।

ভারতের প্রভাবশালী গণমাধ্যম এনডিটিভির সাম্প্রতিক এক প্রতিবেদনে বলা হয়েছে, ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন যে, সীমান্ত ইস্যুটিকে কোনো প্রতীকী ঘোষণা দিয়ে নয়, বরং বাস্তবসম্মত ও ফলাফল-ভিত্তিক উপায়ে সমাধান করতে হবে।

দেশটিতে এ প্রক্রিয়ার সঙ্গে জড়িত ঘনিষ্ঠ সূত্রগুলো জানায়, অমিত শাহ বারবার জোর দিয়ে বলেছেন যে, শুধু প্রচারের উদ্দেশে কোনো 'অর্ধসমাপ্ত' অভিযান চালানো যাবে না। প্রতিটি পদক্ষেপ হতে হবে আইনগতভাবে টেকসই, কূটনৈতিকভাবে সতর্ক এবং কার্যক্ষেত্রে বাস্তবায়নের মধ্য দিয়ে।

প্রতিবেদনে উল্লেখ করা হয়, ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সীমান্ত রক্ষা বাহিনীর (বিএসএফ) শীর্ষ কর্মকর্তারা ইতোমধ্যে ভারত-বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশ ঠেকাতে একটি বিস্তারিত কর্মপরিকল্পনা তৈরি করেছেন। এতে জোর দেওয়া হচ্ছে তাড়াহুড়ো করে বা যত্রতত্র জোরপূর্বক ফেরত না পাঠিয়ে, প্রকৃত অনুপ্রবেশকারীদের নিখুঁতভাবে শনাক্ত করার ওপর।

প্রতিবেদন মতে, অমিত শাহ কর্মকর্তাদের সতর্ক করেছেন; যেন এমন কোনো পদক্ষেপ না নেওয়া হয় যা ভারত-বাংলাদেশ কূটনৈতিক সম্পর্কে অপ্রয়োজনীয় ফাটল ধরায়। অতীতে যথাযথ যাচাই-বাছাই না করে বা বাংলাদেশ কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় ছাড়া কথিত অনুপ্রবেশকারীদের 'পুশব্যাক' করার কারণে ঢাকা তীব্র প্রতিক্রিয়া জানিয়েছিল, যা অনাকাঙ্ক্ষিত কূটনৈতিক উত্তেজনা তৈরি করেছিল।

প্রতিবেদনে বলা হয়, এবার কৌশল সম্পূর্ণ ভিন্ন। নয়াদিল্লি এমন একটি প্রক্রিয়া চাইছে যেখানে অনুপ্রবেশকারীদের সঠিকভাবে শনাক্ত ও নথি বদ্ধ করার পর আনুষ্ঠানিক প্রক্রিয়ার মাধ্যমে বাংলাদেশ কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হবে। এর মূল উদ্দেশ্য হলো, আন্তর্জাতিক বিতর্ক এড়িয়ে একটি সুনির্দিষ্ট কাঠামোর মধ্যে সীমান্ত ব্যবস্থাপনাকে শক্তিশালী করা। কর্মকর্তারা স্বীকার করছেন যে, সীমান্ত ব্যবস্থাপনা শুধু আইনশৃঙ্খলার বিষয় নয়; এটি একই সঙ্গে মানবিক, ভূরাজনৈতিক এবং কূটনৈতিক চ্যালেঞ্জও বটে।

কলকাতার একটি কূটনৈতিক সূত্র যুগান্তরকে জানিয়েছে, যাদেরকে এখন বাংলাদেশে ফেরত পাঠানো হচ্ছে তাদের বেশির ভাগ মুসলমান। মূলত বাংলাদেশ থেকে যাওয়া এবং নানা জটিলতায় এখনো ভারতের নাগরিকত্ব না পাওয়া মুসলমানরাই পশ্চিমবঙ্গের বর্তমান পরিস্থিতির কারণে সীমান্তে চলে যেতে বাধ্য হচ্ছেন।

সূত্রটি আরও জানায়, বাংলা ভাষাভাষী এসব মানুষ মূলত শ্রমজীবী। বন্যা, নদীভাঙন এবং দারিদ্র্যের কারণে তারা ভারতে গিয়েছিলেন। তারা নাগরিকত্ব সঠিকভাবে প্রমাণ করতে পারছেন না। কিন্তু এসব মানুষ পশ্চিমবঙ্গ এবং ভারতের অন্যান্য রাজ্য থেকে চলে যেতে বাধ্য হলে ভবিষ্যতে দেশটিতে শ্রমজীবী মানুষের সংকট দেখা দিতে পারে।

হুমায়ুন কবির এ প্রসঙ্গে যুগান্তরকে বলেন, অবৈধ অভিবাসী হিসাবে যাদের চিহ্নিত করা হয়, তাদের নিজ দেশে ফেরত পাঠানোর জন্য কূটনৈতিক পদ্ধতি আছে। সেটি দুই দেশের সরকারের মধ্যে তথ্য বিনিময়ের মাধ্যমে করা যেতে পারে। বর্ডার এলাকায় হলে বর্ডার গাইডলাইন্স আছে সেভাবেও করা যেতে পারে। অনেককে ডিটেনশন সেন্টারে নিয়ে যাওয়ার তথ্যও এসেছে। সেখানে তাদের তথ্য-উপাত্ত দেখে বাংলাদেশি প্রমাণিত হলে তাদের আমরা ফেরত নেব। কিন্তু তাদের যদি ভারতীয় হিসাবে প্রমাণ করা না যায় তাহলে তাদের আমরা কেন নেব?

হাকিমপুরসহ বিভিন্ন সীমান্তে বাংলা ভাষাভাষী মানুষকে পুশইন বা বাংলাদেশে ঠেলে দেওয়া কোনোভাবে গ্রহণযোগ্য নয় বলে মনে করেন ব্রি. জে. মো. বায়েজিদ সরোয়ার (অব.)। যুগান্তরকে তিনি বলেন, ভারত সরকার কূটনৈতিক ক্ষেত্রে বর্তমান সরকারের প্রতি বিভিন্ন ইতিবাচক বার্তা দিয়েছে। বাংলাদেশকে এখন ভারতের সঙ্গে দৃঢ় কূটনীতির মাধ্যমে বিষয়টি মোকাবিলা বা সমাধান করতে হবে। বিজিবিকে কঠোর ও সতর্ক অবস্থানে থাকতে হবে।

হামের উপসর্গে আরো আট শিশুর মৃত্যু, মোট ৫৮৩



নিজস্ব প্রতিবেদক : এ নিয়ে মোট মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৫৮৩। স্বাস্থ্য অধিদপ্তরের গতকাল বিকালে দেয়া এক বার্তায় এ তথ্য জানানো হয়। এ হিসাব করা হয়েছে শুক্রবার সকাল ৮টা থেকে গতকাল সকাল ৮টা পর্যন্ত। এ সময় হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ১ হাজার ৮৬ জন।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, হামে নিশ্চিত মৃত্যুর সংখ্যা ৯০ই আছে। আর হামের উপসর্গ নিয়ে মারা গেছে ৪৯৩ জন। নতুন করে মৃত্যু হওয়া শিশুদের মধ্যে ঢাকায় তিন, সিলেট ও ময়মনসিংহে দুজন করে এবং চট্টগ্রামের একজন।



নতুন করে ২৪ ঘণ্টায় নিশ্চিত সংক্রমণ শনাক্ত হয়েছে ৫৩ শিশুর দেহে। এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৮ হাজার ৯৯৬ শিশু। আর নতুন করে ১ হাজার ৩৩ শিশুর শরীরে হামের উপসর্গ পাওয়া গেছে। এতে মোট সন্দেহভাজন সংক্রমণের সংখ্যা দাঁড়িয়েছে ৬৯ হাজার ৬১২-এ।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, চলতি বছরের ১৫ মার্চ থেকে হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৫৫ হাজার ৭০৫ শিশুকে। এর মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ৫২ হাজার ৫০ শিশু বাড়ি ফিরেছে।

পেন স্টেশন অগ্নিকাণ্ডে ট্রেন চলাচল ব্যাহত, যাত্রীদের দুর্ভোগ

শেষ পৃষ্ঠার পর

এবং আগুন ধরে যায়। ঘটনাটি ঘটে ম্যানহাটনের ৩১তম স্ট্রিট এলাকায়, ৭ম ও ৮ম অ্যাভিনিউয়ের মাঝামাঝি অংশে।

ফায়ার ডিপার্টমেন্ট জানায়, রাত প্রায় ১:৩০ মিনিটে ঘটনাস্থলে তারা পৌঁছায় এবং ১০০ জনেরও বেশি কর্মী উদ্ধার ও আগুন নিয়ন্ত্রণে কাজ করে। ঘটনায় পাঁচজন ট্রানজিট কর্মী আহত হন, যাদের মধ্যে দুইজনকে হাসপাতালে ভর্তি করা হয় এবং বাকিদের ঘটনাস্থলেই প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

অগ্নিকাণ্ডের কারণে শুক্রবার সকালে নিউইয়র্ক পেন স্টেশন থেকে প্রায় সব ধরনের ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়, যার ফলে হাজার হাজার যাত্রী আটকে পড়েন। পরে দুপুরের দিকে ধীরে ধীরে সীমিত পরিসরে সেবা চালু হলেও অ্যামট্রাক ও নিউজার্সী ট্রানজিট একাধিক ট্রেন বাতিলের ঘোষণা দেয়।

অ্যামট্রাক জানায়, বিকেল নাগাদ কিছু ট্রেন চলাচল পুনরায় শুরু করা সম্ভব হলেও পুরো সময়সূচি স্বাভাবিক হতে আরও সময় লাগবে। যাত্রীদের জন্য স্বয়ংক্রিয়ভাবে রিফান্ড দেওয়া হবে এবং পুনরায় টিকিট পরিবর্তনের সুবিধাও দেয়া হয়েছে।

অন্যদিকে নিউজার্সী ট্রানজিট জানায়, কয়েক ঘণ্টা সেবা বন্ধ থাকার পর ট্রেন চলাচল পুনরায় শুরু হলেও যাত্রীদের এক ঘণ্টারও বেশি বিলম্বের মুখোমুখি হতে হয়েছে।

ঘটনাস্থল থেকে পাওয়া ভিডিওতে দেখা যায়, ভোরের দিকে পেন স্টেশনের বাইরে ঘন ধোঁয়া ছড়িয়ে পড়ে এবং জরুরি সেবাকর্মীরা আহতদের সহায়তার জন্য প্রস্তুত ছিলেন।

নিউইয়র্ক সিটি কর্তৃপক্ষ জানিয়েছে, ঘটনাটি কীভাবে ঘটেছে তা নিয়ে তদন্ত চলছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, দুটি অ্যামট্রাক কর্মী ট্রেনের মধ্যে সংঘর্ষের ফলে এই দুর্ঘটনা ঘটে, যা টানেলের বৈদ্যুতিক ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করে আগুনের সূত্রপাত ঘটায়।

ওয়ারেন্ট ছাড়া আইস অভিযান সীমিত!

শেষ পৃষ্ঠার পর

অভিবাসন প্রয়োগ নয়।

আইনটিতে আরও একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে, যেখানে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের জনগণের সঙ্গে সরাসরি যোগাযোগের সময় মুখ ঢেকে রাখা সাধারণভাবে নিষিদ্ধ করা হয়েছে। তবে চিকিৎসাজনিত মাস্ক, সুরক্ষামূলক সরঞ্জাম এবং নির্দিষ্ট নিরাপত্তা পরিস্থিতিতে ব্যতিক্রম রাখা হয়েছে। এই বিধি লঙ্ঘন করলে জরিমানা এবং পুনরাবৃত্তির ক্ষেত্রে ফৌজদারি শাস্তির বিধান রয়েছে।

নতুন আইনে নাগরিকদের জন্য একটি গুরুত্বপূর্ণ আইনি সুযোগ তৈরি করা হয়েছে, যার মাধ্যমে তারা ফেডারেল কর্মকর্তাদের বিরুদ্ধে সাংবিধানিক অধিকার লঙ্ঘনের অভিযোগে মামলা করতে পারবেন। সমর্থকদের মতে, এটি একটি আইনি শূন্যতা পূরণ করেছে, যা আগে ফেডারেল কর্মকর্তাদের জবাবদিহির ক্ষেত্রে সীমাবদ্ধতা তৈরি করত।

শিক্ষাক্ষেত্রেও এই আইন বড় পরিবর্তন এনেছে। অভিবাসী শিক্ষার্থীদের জন্য নিশ্চিত করা হয়েছে যে, তাদের অভিবাসন অবস্থান যাই হোক না কেন তারা পাবলিক শিক্ষার পূর্ণ অধিকার পাবে। স্কুলগুলোকে শিক্ষার্থীদের অভিবাসন সংক্রান্ত তথ্য সংগ্রহ বা শেয়ার করা থেকে বিরত থাকতে হবে। এছাড়া আদালতের বৈধ আদেশ ছাড়া কোনো শিক্ষার্থীকে অভিবাসন কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা যাবে না। এছাড়া সরকারি কর্মীদের জন্য অভিবাসন তদন্তে অংশ নেওয়া, ব্যক্তিগত তথ্য শেয়ার করা বা অভিবাসন সংস্থাকে সহায়তা করা কঠোরভাবে সীমিত করা হয়েছে। অভিবাসন কর্মকর্তাদের পরিবর্তে সরকারি কর্মীদের ব্যবহার করে কোনো ধরনের তথ্য আদান-প্রদান বা সহযোগিতা করাও নিষিদ্ধ করা হয়েছে।

তবে ফৌজদারি অপরাধ তদন্তে রাজ্য ও ফেডারেল সংস্থার সহযোগিতা আগের মতোই অব্যাহত থাকবে।

নিউয়ার্কের ডেলানি হলে বিক্ষোভ-সংঘর্ষে কারফিউ জারী

শেষ পৃষ্ঠার পর

প্রয়োজনে সমন বা অন্যান্য আইনি ব্যবস্থা নেওয়া হবে।

তিনি বলেন, ডেলানি হলকে ঘিরে পরিস্থিতি ক্রমেই উত্তেজনাপূর্ণ হয়ে উঠছে এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বাড়তি হস্তক্ষেপ প্রয়োজন হয়ে পড়েছে। ইতোমধ্যে কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে এবং তাদের কাছ থেকে অস্ত্রও উদ্ধার করা হয়েছে বলে দাবি করেন তিনি। এ কারণে জননিরাপত্তা নিশ্চিত করতে দ্রুত পদক্ষেপ নেওয়া জরুরি হয়ে পড়েছে।

এদিকে নিউ জার্সির গভর্নর মিকি শেরিল এক বিবৃতিতে জানান, কিছু মুখোশধারী ব্যক্তি নির্ধারিত বিক্ষোভ এলাকার নিরাপত্তা ব্যারিকেডে হামলা চালায়। তাদের বিরুদ্ধে বিভিন্ন বস্তু নিক্ষেপ, ব্যারিকেডকে অস্ত্র হিসেবে ব্যবহার এবং রাস্তায় টায়ার জ্বালিয়ে দেওয়ার অভিযোগও তোলেন তিনি।

গভর্নর বলেন, এসব কর্মকাণ্ড শান্তিপূর্ণ বিক্ষোভকারী ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের নিরাপত্তাকে ঝুঁকির মধ্যে ফেলেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে অতিরিক্ত সহায়তা প্রয়োজন হয়ে পড়ে। তবে একইসঙ্গে তিনি শান্তিপূর্ণ প্রতিবাদের সাংবিধানিক অধিকার রক্ষার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। শেরিল বলেন, ডেলানি হলে আটক ব্যক্তিদের মানবিক আচরণ নিশ্চিত করা, তাদের পরিবারের প্রতি সহায়তা বাড়ানো এবং শেষ পর্যন্ত কেন্দ্রটি বন্ধের দাবিতে আন্দোলনকারীদের মনোযোগ ধরে রাখা উচিত।

সিটিতে তৈরী হবে ২ লাখ অ্যাফোর্ডেবল হাউজিং ইউনিট

শেষ পৃষ্ঠার পর

শ্রমিক সংগঠন এবং আবাসন সংস্থা এই পরিকল্পনাকে সমর্থন জানিয়েছে।

মেয়র মামদানি বলেন, নিউইয়র্কে সাধারণ আয়ের মানুষের জন্য বসবাস করা দিন দিন কঠিন হয়ে পড়ছে, তাই শহরের প্রতিটি এলাকায় নতুন আবাসন তৈরি করা জরুরি। তার ভাষায়, এই পরিকল্পনা "ইষড়পশ নু ইষড়পশ" পদ্ধতিতে ধাপে ধাপে পুরো শহরজুড়ে আবাসন সংকট সমাধানের একটি রূপরেখা।

পরিকল্পনার অধীনে শুধু নতুন বাড়ি নির্মাণই নয়, বিদ্যমান সাশ্রয়ী আবাসন সংরক্ষণেও বড় ধরনের বিনিয়োগ করা হবে। প্রায় ৫ বিলিয়ন ডলারের বাজেট আগামী দুই বছরে রেন্ট-স্ট্যাবিলাইজড ও নিম্ন আয়ের মানুষের জন্য আবাসন খাতে ব্যয় করা হবে। এতে প্রবীণদের জন্য বিশেষ আবাসন ও সহায়ক আবাসন প্রকল্পও অন্তর্ভুক্ত থাকবে।

প্রশাসনের কর্মকর্তারা জানান, এই উদ্যোগের মাধ্যমে সিটির জমি ব্যবহার নীতিতেও পরিবর্তন আনা হবে, যাতে বিভিন্ন ধরনের আবাসন আরও সহজে তৈরি করা যায়। ট্রানজিট-সংলগ্ন এলাকায় বেশি হাউজিং নির্মাণের পরিকল্পনাও রয়েছে, যাতে সিটির পরিবহন ব্যবস্থার কাছাকাছি বসবাসের সুযোগ বাড়ে।

ডেপুটি মেয়র লায়লা বোজর্গ বলেন, নিউইয়র্ককে সাশ্রয়ী করতে হলে প্রতিটি এলাকায় নতুন বাড়ি নির্মাণ অপরিহার্য। তিনি জানান, নতুন নীতি ও ভোটার-অনুমোদিত পরিকল্পনার মাধ্যমে আবাসন প্রকল্প দ্রুত এগিয়ে নেওয়া হবে এবং সরকারি অর্থ আরও কার্যকরভাবে ব্যবহার করা হবে।

হাউজিং কমিশনার দিনা লেভি বলেন, সিটির প্রতিটি ওয়ার্ডে নতুন আবাসন তৈরি করা হবে, যাতে পরিবারগুলো নিজেদের প্রয়োজন অনুযায়ী বাড়ি খুঁজে পেতে পারে। তার মতে, এই পরিকল্পনা শুধুমাত্র সংখ্যার লক্ষ্য নয়, বরং একটি "সাশ্রয়ী ও টেকসই সিটি" গড়ার প্রচেষ্টা।

পরিকল্পনায় আরও উল্লেখ করা হয়েছে যে, মালিকানাধীন জমি ব্যবহার করে সাশ্রয়ী ও মিশ্র আয়ের আবাসন নির্মাণ করা হবে। পাশাপাশি স্কুল ও লাইব্রেরির মতো সরকারি স্থাপনার সঙ্গে মিলিয়ে নতুন হাউজিং ইউনিট তৈরির কথাও বলা হয়েছে।

প্রশাসন জানিয়েছে, নতুন "রিভোলবিং লোন ফান্ড" তৈরি করা হবে, যা আবাসন নির্মাণে বেসরকারি বিনিয়োগ আরও সহজ করবে। এছাড়া উন্নয়ন প্রক্রিয়া দ্রুত করার জন্য আইনগত ও প্রশাসনিক সংস্কার আনা হবে, যাতে প্রকল্প অনুমোদনে সময় কম লাগে।

নিউইয়র্কে বাসা থেকে মা-মেয়ের মরদেহ উদ্ধার

শেষ পৃষ্ঠার পর

ঘটনাটি ঘটে রাত প্রায় ৮টার দিকে, ঐ সময় ৯১১-এ একটি কল আসে একটি অচেতন নারীর বিষয়ে। ঘটনাস্থলে পৌঁছে নিউইয়র্ক পুলিশ দেখতে পায়, প্রবীণ নারীটির শরীরে একাধিক ছুরিকাঘাতের চিহ্ন রয়েছে। পরে বাড়ির ভেতর অনুসন্ধান চালিয়ে পুলিশ তরুণী মেয়েটিকেও একই ধরনের আঘাতসহ মৃত অবস্থায় খুঁজে পায়।

প্রাথমিক তদন্তে ধারণা করা হচ্ছে, মা-মেয়ের মধ্যে তীব্র পারিবারিক বিরোধ থেকে এই সহিংস ঘটনা ঘটে। আইনশৃঙ্খলা বাহিনীর সূত্র অনুযায়ী, প্রথমে মেয়েটি তার মাকে হত্যা করে এবং পরে নিজেই নিজের জীবন শেষ করে দেয়।

এই ঘটনার সবচেয়ে ভয়াবহ দিক হলোএকই ভবনে এটি দ্বিতীয় মুর্ডার-সুইসাইড। ২০২৪ সালেও এই ঠিকানায় একই ধরনের আরেকটি হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছিল, যেখানে এক দম্পতি মারা যান। ফলে স্থানীয় বাসিন্দাদের মধ্যে আবারও উদ্বেগ ও আতঙ্ক তৈরি হয়েছে।

ঘটনাস্থলে এনওয়াইপিডি, মেডিকেল এক্সামিনার এবং জরুরি সেবাদানকারী দল উপস্থিত হয়ে মরদেহ উদ্ধার করে। পুলিশ পুরো ঘটনাটিকে গভীরভাবে তদন্ত করছে।

স্থানীয় বাসিন্দারা বলছেন, পার্ক স্লোপ সাধারণত শান্ত এবং পরিবারবান্ধব এলাকা হিসেবে পরিচিত, তাই এই ধরনের পুনরাবৃত্ত ঘটনা তাদের হতবাক করেছে। ২০২৪ সালের ঘটনার পর এলাকায় কমিউনিটি মিটিং পর্যন্ত হয়েছিল বলে জানা গেছে, কিন্তু এত বড় ট্র্যাজেডি আবার ঘটবে তা কেউ কল্পনাও করেননি।

উপাসনালয়ের ৫০ ফুটের মধ্যে

প্রথম পৃষ্ঠার পর

স্থাপন সংক্রান্ত রিয়েল এস্টেট ইভেন্টকে কেন্দ্র করে কয়েকটি সিনাগগের বাইরে বিক্ষোভ হয়েছিল।

ফিলিস্তিনপন্থী গোষ্ঠীগুলো দাবি করেছে, এসব ইভেন্ট আরবদের ভূমি থেকে সরিয়ে দেওয়ার দীর্ঘমেয়াদি প্রচারণার অংশ। অন্যদিকে কিছু ইহুদি নেতা এসব বিক্ষোভকে ইহুদিবিদ্বেষী বলে আখ্যা দিয়েছেন।

কুইন্সের এক সিনাগগের বাইরে হওয়া একটি বিক্ষোভে হামাসপন্থী স্লোগান দেওয়ার অভিযোগও ওঠে। এছাড়া কিছু জায়গায় ইসরায়েলপন্থী ও ফিলিস্তিনপন্থী বিক্ষোভকারীদের মধ্যে সংঘর্ষের ঘটনাও ঘটে।

তবে নতুন আইনটি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে নাগরিক অধিকার সংগঠনগুলো। নিউইয়র্ক সিভিল লিবার্টিস ইউনিয়ন এর নির্বাহী পরিচালক ডোনা লিবারম্যান বলেন, এই আইন শান্তিপূর্ণ প্রতিবাদ ও মতপ্রকাশের স্বাধীনতার ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

সমালোচকদের মতে, "বাফার জোন" ব্যবহারের মাধ্যমে কর্তৃপক্ষ ভবিষ্যতে অহিংস আন্দোলনও সীমিত করতে পারে।

আইনটি শুধু সিনাগগ নয়, মসজিদ, মন্দির, গীর্জাসহ সব ধরনের উপাসনালয়ের ক্ষেত্রেই প্রযোজ্য হবে। অতীতে মসজিদের বাইরেও বিক্ষোভের ঘটনা ঘটেছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

এদিকে নিউইয়র্ক সিটির মেয়র জোহরান পৃথক একটি স্থানীয় আইন স্বাক্ষর করেছেন, যাতে উপাসনালয়ের বাইরে বিক্ষোভ মোকাবিলায় নিউইয়র্ক পুলিশ বিভাগকে তাদের পরিকল্পনা ও নিরাপত্তা বেষ্টনী ব্যবহারের নিয়ম প্রকাশ করতে হবে।

কুইন্সবোরো ব্রিজে স্কুটার-বাইসাইকেল

প্রথম পৃষ্ঠার পর

দুইজনের মধ্যে সরাসরি মুখোমুখি সংঘর্ষ হয়।

সংঘর্ষের পর দুজনকেই দ্রুত হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকরা তাদের মৃত ঘোষণা করেন। নিহতদের পরিচয় এখনো প্রকাশ করা হয়নি।

স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী জানায়, কুইন্সবোরো ব্রিজের সাইকেল ও পেডেস্ট্রিয়ান লেনে দীর্ঘদিন ধরেই নিরাপত্তা নিয়ে উদ্বেগ রয়েছে। অতিরিক্ত ভিড় ও আলাদা পথ না থাকার কারণে এখানে দুর্ঘটনার ঝুঁকি বেড়ে যায় বলে বিশেষজ্ঞরা সতর্ক করে আসছেন।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine

সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ইকেজি
- ডায়াবেটিস
- বয়স্ক ভেক্সিনেশান
- হাইপারটেনশন
- হজ্ব ভেক্সিনেশান
- হাই কোলেষ্টরল, এজমা
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন



Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
Bangladesh Society, Inc.

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547 • email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com

সদস্য নিবন্ধনের আহ্বান

শেষ তারিখ : **৩০ জুন, মঙ্গলবার ২০২৬** ◆ সময় : **দুপুর ১২টা থেকে বিকেল ৬টা পর্যন্ত**

স্থান : **বাংলাদেশ সোসাইটি ভবন,** 86-24 Whitney Ave, Elmhurst, NY 11373

বিশেষ দ্রষ্টব্য:- সকলের সুবিধার্থে নিবন্ধন কার্যক্রমের শেষ সপ্তাহ জুন ২৪ বুধবার থেকে জুন ২৯ রবিবার পর্যন্ত প্রতিদিন বিকেল ৫ থেকে বিকাল ৮ পর্যন্ত সোসাইটির কার্যালয় নিবন্ধন কার্যক্রমের জন্য খোলা থাকবে। এছাড়াও কার্যকরী পরিষদের সদস্যদের সাথে যোগাযোগ করেও নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা যাবে।

যুক্তরাষ্ট্রে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে প্রবাসী বাংলাদেশীদের আম্ব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনকে সামনে রেখে সদস্য নিবন্ধনের শেষ তারিখ আগামী ৩০ জুন ২০২৬ নির্ধারণ করা হয়েছে। আপনারা যারা সোসাইটির নির্বাচনে অংশ নিতে ইচ্ছুক বা ভোটাধিকার প্রয়োগ করতে চান তাদেরকে আজীবন সদস্য বা সাধারণ সদস্য হিসেবে নাম নিবন্ধন করার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

নিয়মাবলী

১. সোসাইটির নির্ধারিত ফরম পরিষ্কারভাবে সব তথ্য পূরণ করতে হবে। ফরম জমা দানের পূর্বে ফর্মে দেওয়া সব তথ্য ঠিক আছে কিনা যাচাই করে নেবেন। ফর্মে দেওয়া কোন তথ্য অসম্পূর্ণ বা ভুল থাকলে, মানি রিসিট থাকলেও ফর্মটি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য সদস্য নিবন্ধন ফরম সোসাইটির ওয়েবসাইট (www.bangladeshsocietyinc.com) অথবা অফিস থেকে সংগ্রহ করতে পারবেন।

২. যদি কেউ একের অধিক সদস্য নিবন্ধন এর জন্য ফরম জমা দিতে চান তাহলে তাকে অবশ্যই আলাদা করে নির্ধারিত আরেকটি টালিসিট সংগ্রহ করে সেখানে সব সদস্যের নাম এবং জন্ম সাল সহ অন্যান্য তথ্য সঠিকভাবে পূরণ করে তাও সাথে জমা দিতে হবে। একই সাথে টালি শিটে থাকা রিসিট নাম্বারটি প্রত্যেকটি ফর্মে লিখে দিতে হবে।

৩. **সদস্য নিবন্ধনের ফি :-** আজীবন সদস্যদের জন্য ৫০০ ডলার এবং সাধারণ সদস্যদের জন্য ২০ ডলার হারে নগদ পরিশোধ করতে হবে। বিশেষ দ্রষ্টব্য কোন ধরনের ভাংতি দেওয়ার ব্যবস্থা থাকবে না, তাই সবাইকে এক্সাক্ট অ্যামাউন্ট নিয়ে আসার অনুরোধ জানানো যাচ্ছে।

অনলাইন মেম্বারশিপ

বাংলাদেশ সোসাইটির নতুন সদস্যপদ গ্রহণ ও নবায়ন কার্যক্রম এখন থেকে অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা যাবে। ঘরে বসেই সোসাইটির ওয়েবসাইটে লগইন (member-service.bangladeshsocietyinc.com) করে নির্ধারিত ফরম পূরণ এবং অনলাইন পেমেন্টের মাধ্যমে সহজেই সদস্যপদের আবেদন বা নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব।

সোসাইটির আসন্ন নির্বাচনে অংশগ্রহণ বা ভোটাধিকার প্রয়োগে আগ্রহীদের আগামী ১৫ জুনের মধ্যে অনলাইন মেম্বারশিপ সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হচ্ছে। এছাড়াও যারা সরাসরি এসে সদস্যপদ কার্যক্রম সম্পন্ন করতে চান, তারা আগামী ৩০ জুন পর্যন্ত সোসাইটির অফিসে এসে সদস্যপদ গ্রহণ বা নবায়ন করতে পারবেন।

বাংলাদেশ সোসাইটি পরীক্ষামূলকভাবে এই অনলাইন মেম্বারশিপ কার্যক্রম চালু করেছে। কার্যক্রম পরিচালনার সময় কোনো ধরনের সমস্যা বা অসুবিধা দেখা দিলে অনুগ্রহ করে সোসাইটির দায়িত্বশীল কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

Scan to Login

অনুরোধক্রমে

আতাউর রহমান সেলিম
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

আবুল কালাম ভূইয়া
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, ৯১৭-৮৯২-৭১৯৯

মো: মহিউদ্দীন দেওয়ান *(সিনিয়র সহ-সভাপতি)* ৯১৭-৫২৩-১৩৪৪, **মো: কামরুজ্জামান কামরুল** *(সহ-সভাপতি)* ৭১৮-৯৭১-৪৭৬৯, **আবুল কালাম ভূইয়া** *(সহ-সাধারণ সম্পাদক)* ৯১৭-৮৯২-৭১৯৯, **মফিজুল ইসলাম ভূইয়া (রুমি)** *(কোষাধ্যক্ষ)*, ৩৪৭-৮৯৬-২৮০২, **ডিউক খান** *(সাংগঠনিক সম্পাদক)* ৯১৭-৭৮৩-৫৪৯৯, **অনিক রাজ** *(সাংস্কৃতিক সম্পাদক)* ৯৩৪-৪৪৪-১৮৬৩, **রিজু মোহাম্মদ** *(প্রচার ও গণসংযোগ সম্পাদক)* ৭১৮-৫৮১-৬৬৩৭, **জামিল আনসারী** *(সমাজকল্যাণ সম্পাদক)* ৩৪৭-৮৩৩-১০২৮, **মো: আখতার বাবুল** *(সাহিত্য সম্পাদক)* ৬৪৬-৫৭৫-৭০৫৩, **আশ্রাব আলী খাঁন লিটন** *(ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক)* ৯১৭-৪৯৭-২৮৩৯, **মোহাম্মদ হাসান (জিলানী)** *(স্কুল ও শিক্ষা সম্পাদক)* ৯১৭-৯৭১-৭৭৯৩, ***কার্যকরী সদস্য:*** **হারুন উর রশিদ** ৯১৭-৪৪৩-৭৮৩৮, **জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী** ৭১৮-৭৩৭-২৭৪৮, **মোঃ সিদ্দিক পাটওয়ারী** ৭১৮-২১৯-৭৯৭৭, **আবুল কাশেম চৌধুরী** ৬৪৬-৫১০-৬২৪৫, **মুনসুর আহমেদ** ৯২৯-৯২০-৬০৫৬ ও **হাছান খান** ৩১৩-৩২৭-৯৪১৮

প্রচারে: **রিজু মোহাম্মদ,** *প্রচার সম্পাদক*

মেডিকেইডে নতুন নীতি: বাজেট চাপে স্টেট প্রশাসন

প্রথম পৃষ্ঠার পর

কেয়ার অ্যাক্টের আওতায় মেডিকেড সম্প্রসারণ করেছে। নতুন আইন অনুযায়ী, কর্মক্ষম প্রাপ্তবয়স্কদের নিয়মিতভাবে তাদের কর্মসংস্থান বা কার্যক্রমের প্রমাণ দিতে হবে। ব্যর্থ হলে তাদের স্বাস্থ্যবীমা সুবিধা আংশিক বা সম্পূর্ণভাবে বাতিল হতে পারে। ফেডারেল প্রশাসনের দাবি, এই নীতি সরকারি ব্যয় কমাতে এবং কর্মসংস্থান উৎসাহিত করতে সহায়ক হবে।

কিন্তু বাস্তব চিত্র ভিন্ন বলে মনে করছেন অনেক রাজ্য কর্মকর্তারা। রাজ্য স্বাস্থ্য বিভাগগুলোকে এখন নতুন আইটি সিস্টেম তৈরি, পুরনো প্রযুক্তি আপগ্রেড, অতিরিক্ত কর্মী নিয়োগ এবং নিয়মিত যাচাই-বাছাই প্রক্রিয়া চালাতে হচ্ছে। এই খাতে ব্যয় একেক রাজ্যে কয়েক মিলিয়ন থেকে কয়েক কোটি ডলারের মধ্যে পৌঁছেছে। বিশেষ করে নর্থ ক্যারোলাইনা, ওহাইও, পেনসিলভানিয়া ও নিউ মেক্সিকোর মতো রাজ্যগুলো ইতোমধ্যেই উল্লেখযোগ্য বাজেট ঘাটতির কথা জানিয়েছে।

পেনসিলভানিয়া সরকারের হিসাব অনুযায়ী, নতুন নিয়ম বাস্তবায়নে প্রায় ৪০০ জন নতুন কর্মী নিয়োগের প্রয়োজন হতে পারে। অন্যদিকে ওহাইও রাজ্য দুই বছরের মধ্যে প্রায় ২৮ মিলিয়ন ডলার ব্যয়ের কথা জানিয়েছে। নিউ মেক্সিকো বলছে, মেডিকেড ও খাদ্য সহায়তা কর্মসূচির পরিবর্তনের জন্য অন্তত ২৪ মিলিয়ন ডলার অতিরিক্ত খরচ হবে।

বিশেষজ্ঞদের মতে, সবচেয়ে বড় চাপ তৈরি হচ্ছে প্রশাসনিক জটিলতায়। অনেক নিম্ন আয়ের মানুষ স্বনিযুক্ত বা গিগ অর্থনীতির কাজে যুক্ত, যাদের আয় ও কাজের সময় নির্দিষ্টভাবে যাচাই করা কঠিন। এতে রাজ্যগুলোকে নতুন ডাটা সিস্টেম, ব্যাংক তথ্য যাচাই এবং নিয়োগকর্তার রেকর্ড যাচাইয়ের মতো জটিল প্রক্রিয়ার দিকে যেতে হচ্ছে।

অন্যদিকে কেন্দ্রীয় সরকার আংশিক সহায়তা হিসেবে ২০০ মিলিয়ন ডলারের একটি তহবিল বরাদ্দ করলেও রাজ্যগুলোর দাবি, এটি বাস্তব ব্যয়ের তুলনায় যথেষ্ট নয়। কিছু রাজ্য জানিয়েছে, তারা এখনো ফেডারেল প্রযুক্তি ছাড় বা ভর্তুকি কর্মসূচিতে যুক্ত হতে পারেনি, কারণ বিদ্যমান চুক্তি ও সিস্টেমের সীমাবদ্ধতা রয়েছে।

এই নীতির সমর্থকেরা বলছেন, দীর্ঘমেয়াদে এটি অপ্রয়োজনীয় ব্যয় কমাবে এবং অনেক সুবিধাভোগীকে কর্মসংস্থানের দিকে উৎসাহিত করবে। তবে বিরোধীরা মনে করছেন, বাস্তবে অনেক যোগ্য মানুষ জটিল কাগজপত্র বা প্রমাণ দিতে না পারায় স্বাস্থ্যসেবা থেকে বাদ পড়বে, যা হাসপাতাল ও স্বাস্থ্যব্যবস্থার ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করবে।

একই সঙ্গে অর্থনৈতিক বিশ্লেষণ সংস্থা আরএনডি জানিয়েছে, এই নীতিসহ সামগ্রিক স্বাস্থ্যনীতি পরিবর্তনের ফলে আগামী এক দশকে রাজ্যগুলোর মেডিকেড বাজেটে শত শত বিলিয়ন ডলারের ঘাটতি দেখা দিতে পারে। সব মিলিয়ে নতুন এই ওয়ার্ক রিকোয়ারমেন্ট নীতি যুক্তরাষ্ট্রের রাজ্যগুলোর জন্য একদিকে যেমন ব্যয় বৃদ্ধির চাপ তৈরি করছে, অন্যদিকে স্বাস্থ্যসেবা ব্যবস্থায় দীর্ঘমেয়াদি অনিশ্চয়তাও বাড়িয়ে তুলছে। রাজ্য কর্মকর্তারা বলছেন, নীতির বাস্তবায়ন যত ঘনিয়ে আসছে, বাজেট সংকট ততই তীব্র হচ্ছে এবং এর প্রভাব সরাসরি নিম্ন আয়ের লাখো মানুষের ওপর পড়তে পারে।

৮০ লাখ নিউইয়র্কার পাবেন এনার্জি রিবেট চেক

প্রথম পৃষ্ঠার পর

একটি এনার্জি রিবেট কর্মসূচি চালু করেছে। নতুন রাজ্য বাজেটের আওতায় ৮০ লাখেরও বেশি যোগ্য বাসিন্দাকে স্বয়ংক্রিয়ভাবে ১০০ থেকে ২০০ ডলার পর্যন্ত এককালীন চেক পাঠানো হবে। এই অর্থ পেতে কোনো আবেদন করার প্রয়োজন হবে না; সেপ্টেম্বর থেকে ডিসেম্বরের মধ্যে ডাকযোগে চেক পাঠানো হবে।

'প্রোটেক্টিং আওয়ার ওয়ালেটস এনার্জি রিবেট' (পাওয়ার) নামে পরিচিত এই কর্মসূচির উদ্দেশ্য হলো ক্রমবর্ধমান ইউটিলিটি ব্যয়ের কারণে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে আর্থিক সহায়তা দেওয়া। গভর্নর হোকুল বলেছেন, বিদ্যুৎ ও গ্যাসের বিল ক্রমাগত বেড়ে যাওয়ায় অনেক পরিবার চাপে রয়েছে এবং এই সহায়তা তাদের কিছুটা স্বস্তি দেবে।

স্টেট কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, যারা ২০২৪ সালে পূর্ণ সময়ের নিউইয়র্কের বাসিন্দা ছিলেন এবং সময়মতো রাজ্যের আয়কর রিটার্ন দাখিল করেছেন, তারা এই কর্মসূচির আওতায় আসতে পারেন। যৌথ ভাবে কর রিটার্ন দাখিলকারী দম্পতিদের ২০২৪ সালের আয় ১ লাখ ৫০ হাজার ডলার বা তার কম হলে ২০০ ডলারের চেক দেওয়া হবে। একই ধরনের ফাইলারদের আয় যদি ১ লাখ ৫০ হাজার থেকে ৩ লাখ ডলারের মধ্যে হয়, তাহলে তারা পাবেন ১৫০ ডলার।

অন্যদিকে, এককভাবে বা 'হেড অব হাউজহোল্ড' হিসেবে কর রিটার্ন দাখিলকারীরা যদি ২০২৪ সালে ১ লাখ ৫০ হাজার ডলার বা তার কম আয় করে থাকেন, তাহলে তারা ১০০ ডলারের চেক পাবেন।

স্টেট ট্যাক্স ডিপার্টমেন্ট বলছে, প্রায় ১ কোটি ১০ লাখ কর রিটার্নের মধ্যে ৮০ লাখেরও বেশি ব্যক্তি এই কর্মসূচির জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারেন। ফলে এটি সাম্প্রতিক সময়ের অন্যতম বড় সরাসরি আর্থিক সহায়তা কর্মসূচি হিসেবে দেখা হচ্ছে।

তবে এই পদক্ষেপ নিয়ে রাজনৈতিক বিতর্কও রয়েছে। রিপাবলিকান আইনপ্রণেতারা বলছেন, উচ্চ বিদ্যুৎ ও গ্যাস বিলের মূল কারণ দূর না করে এককালীন চেক দেওয়া দীর্ঘমেয়াদে কোনো সমাধান নয়। তাদের মতে, ইউটিলিটি বিলের ওপর আরোপিত কর, ফি এবং বিভিন্ন বাধ্যতামূলক চার্জ কমানো হলে গ্রাহকরা আরও বেশি উপকৃত হবেন।

ডেমোক্র্যাট আইনপ্রণেতারা অবশ্য বলছেন, জ্বালানি খরচ, পরিবহন ব্যয় এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধির প্রভাব মোকাবিলায় এই কর্মসূচি সাধারণ মানুষের জন্য তাৎক্ষণিক সহায়তা হিসেবে কাজ করবে।

স্টেট গভর্মেন্ট জানিয়েছে, যোগ্য ব্যক্তিদের কোনো আলাদা আবেদন করতে হবে না। কর রেকর্ডের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে চেক ইস্যু করা হবে এবং বছরের শেষ নাগাদ অধিকাংশ যোগ্য নিউইয়র্কবাসী এই অর্থ হাতে পাবেন।

বিজ্ঞাপন ডেটা দিয়ে অনলাইনে নজরদারীর পরিকল্পনায় আইস

প্রথম পৃষ্ঠার পর

আচরণ থেকে শুরু করে ব্যক্তিগত অভ্যাস পর্যন্ত ট্র্যাক করতে পারে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা। এতে অভিবাসন নীতির পাশাপাশি গোপন নজরদারি ও নাগরিক অধিকার নিয়েও বড় প্রশ্ন উঠছে। এমনটি প্রতিবেদন করেছে গণমাধ্যম পলিটিকো।

পলিটিকো তাদের প্রতিবেদনে বলে, আইস চলতি বছরের জানুয়ারিতে একটি "রিকোয়েস্ট ফর ইনফরমেশন" প্রকাশ করে, যেখানে বেসরকারি কোম্পানিগুলোর কাছে জানতে চাওয়া হয় কীভাবে কমার্শিয়াল বিগ ডেটা ও অ্যাডটেক তথ্য দিয়ে তদন্তে সহায়তা করা যেতে পারে। এই তথ্যের মধ্যে থাকতে পারে ব্যবহারকারীর অনলাইন ব্রাউজিং, সোশ্যাল মিডিয়া কার্যকলাপ, এমনকি কেনাকাটার ইতিহাসও।

বিশেষজ্ঞদের মতে, এটি এমন একটি পদক্ষেপ যা আগে কখনও প্রকাশ্যে এতটা স্পষ্টভাবে দেখা যায়নি। অ্যাডটেক শিল্পের একজন প্রতিষ্ঠাতা ব্রায়ান ও'কেলি বলেন, সরকার যদি এই ডেটা ব্যবহার শুরু করে, তাহলে সাধারণ মানুষের দৈনন্দিন অনলাইন কার্যক্রমও নজরদারির আওতায় চলে আসতে পারে। এতে ব্যক্তিগত গোপনীয়তা গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে।

তবে আইস জানিয়েছে, তারা সব সময় আইন মেনে কাজ করে এবং নাগরিক অধিকার ও গোপনীয়তাকে সম্মান করে। সংস্থাটির দাবি, অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে অভিযান পরিচালনার জন্যই এই ধরনের প্রযুক্তিগত সহায়তা খোঁজা হচ্ছে।

অন্যদিকে, প্রযুক্তি ও বিজ্ঞাপন শিল্পের কিছু সংগঠন বলছে, এই ধরনের ডেটা আইন প্রয়োগকারী সংস্থার কাছে বিক্রি করা হলে ভবিষ্যতে কঠোর নিয়ম-কানুন আরোপ হতে পারে, যা পুরো শিল্পকেই ক্ষতিগ্রস্ত করবে। তাদের প্রস্তাব, বাণিজ্যিক উদ্দেশ্যে সংগ্রহ করা তথ্য যেন আইনশৃঙ্খলা বাহিনীর ব্যবহারে সীমিত করা হয়।

এই উদ্যোগ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন অ্যাড-টেক শিল্পের বহু বিশেষজ্ঞ। শিল্পের একজন শীর্ষস্থানীয় ব্যক্তিত্ব ব্রায়ান ও'কেলি বলেন, ব্যক্তিগত ডিজিটাল আচরণকে অভিবাসন তদন্তের কাজে ব্যবহার করা "ভয়ংকর" এবং এটি সাধারণ মানুষের গোপনীয়তার জন্য বড় হুমকি।

তিনি আশঙ্কা প্রকাশ করেন যে, দৈনন্দিন ইন্টারনেট ব্যবহার, বিজ্ঞাপন ক্লিক বা সামাজিক যোগাযোগমাধ্যমে কার্যকলাপ ভবিষ্যতে অভিবাসন সংক্রান্ত নজরদারির ভিত্তি হয়ে দাঁড়াতে পারে।

তবে সমালোচকরা বলছেন, এই ধরণের বাণিজ্যিক ডেটা সরকার আগে থেকেই সীমিত আকারে কিনে ব্যবহার করছে, এবং নতুন পরিকল্পনা হলে নজরদারির পরিসর অনেক বাড়তে পারে। ২০২২ সালের এক সরকারি রিপোর্টেও বলা হয়েছিল, বাণিজ্যিক ডেটা এখন আইন প্রয়োগকারী সংস্থাগুলোর জন্য "ক্রমবর্ধমান গুরুত্বপূর্ণ" একটি উৎস।

অন্যদিকে অ্যাডটেক শিল্প সংগঠনগুলো এই উদ্যোগের বিরোধিতা করছেন। তারা বলছেন, কোনো ধরনের আদালতের অনুমতি ছাড়া ব্যক্তিগত ডেটা ব্যবহার করলে তা যুক্তরাষ্ট্রের সংবিধানের গোপনীয়তা সুরক্ষা নীতির পরিপন্থী হতে পারে।

ডেমোক্র্যাট সিনেটর রন ওয়াইডেন ও রিপাবলিকান কংগ্রেসম্যান থমাস ম্যাসি গ্রাহকের তথ্য শুধুমাত্র বিজ্ঞাপন ও বিপণনের জন্য ব্যবহার হওয়া উচিত, আইন প্রয়োগকারী সংস্থার কাজে নয়। তারা সতর্ক করছে, এ ধরনের ব্যবহার পুরো ডিজিটাল বিজ্ঞাপন ইকোসিস্টেমের ওপর আস্থার সংকট তৈরি করতে পারে।

কংগ্রেসের কয়েকজন আইনপ্রণেতাও পৃথক বিলের মাধ্যমে সরকারি সংস্থাগুলোর জন্য এই ধরনের ডেটা কেনার ক্ষেত্রে কঠোর নিয়ন্ত্রণ ও ওয়ারেন্ট বাধ্যতামূলক করার প্রস্তাব দিয়েছেন। তবে এসব উদ্যোগ এখনো কংগ্রেসে আটকে আছে।

আইস ডিটেনশন সেন্টারে

প্রথম পৃষ্ঠার পর

অভিবাসন প্রক্রিয়ার মানবিক দিককে প্রশ্নবিদ্ধ করছে। কলাম্বিয়া ইউনিভার্সিটির ইমিগ্র্যান্ট রাইটস ক্লিনিকের পরিচালক এলোরা মুখার্জি জানান, পরিবারটি যখন যুক্তরাষ্ট্রে আসে, তখন তাদের ঝুঁকিমুক্ত হিসেবে যাচাই করা হয়েছিল এবং আদালতে হাজির হওয়ার শর্তে তাদের মুক্তি দেওয়া হয়েছিল। কিন্তু পরবর্তীতে তাদের আবার আটক করা হয়।

এই ঘটনাকে কেন্দ্র করে কংগ্রেসম্যান জোয়াকিন ক্যাস্ট্রো বলেন, যুক্তরাষ্ট্রে এমন একটি জায়গা রয়েছে যেখানে কোনো অপরাধ না করেও শিশুদের বন্দি রাখা হচ্ছে, যা তিনি "ট্র্যাজেডি" হিসেবে উল্লেখ করেন।

সিবিএসএর'র প্রতিবেদন অনুযায়ী, বর্তমানে যুক্তরাষ্ট্রে হাজার হাজার শিশু অভিবাসন কর্তৃপক্ষের হেফাজতে রয়েছে, যাদের অনেকেরই কোনো ফৌজদারি রেকর্ড নেই। সমালোচকরা বলছেন, এটি অভিবাসন নীতির একটি কঠোর ও বিতর্কিত দিক।

অন্যদিকে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি এই অভিযোগগুলোকে সম্পূর্ণভাবে অস্বীকার করেছে। তাদের বক্তব্যে বলা হয়, ডিলি ফ্যাসিলিটিতে সকল বন্দিকে যথাযথ খাবার, পানি, চিকিৎসা ও নিরাপত্তা দেওয়া হয় এবং কেন্দ্রটি নিয়মিত নিরীক্ষার মধ্য দিয়ে পরিচালিত হয়। ডিএইচএস আরও দাবি করে, শিশুদের জন্য শিক্ষা, খেলাধুলা এবং মানসিক স্বাস্থ্যসেবার ব্যবস্থাও রয়েছে।

এই কেন্দ্রটি পরিচালনা করছে বেসরকারি প্রতিষ্ঠান কোর সিভিক, যারা বলছে তারা সকল ফেডারেল মানদণ্ড অনুসরণ করে এবং প্রতিটি বন্দির নিরাপত্তা ও স্বাস্থ্যকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়।

তবে সমালোচকদের মতে, সরকারি বিবৃতি এবং মাঠ পর্যায়ের অভিজ্ঞতার মধ্যে বড় ধরনের পার্থক্য রয়েছে। বিশেষ করে শিশুদের দীর্ঘ সময় ধরে আটক রাখা এবং পরিবার বিচ্ছিন্নতার বিষয়টি নিয়ে ব্যাপক বিতর্ক তৈরি হয়েছে।



স্থানীয় নির্বাচনেও অংশ নিতে পারছে না আ.লীগ

২-এর পৃষ্ঠার পর

জানান, ইউনিয়ন পরিষদের আচরণ বিধিমালার খসড়া 'অনেকটা মডেল' হিসাবে কমিশনের কাছে উপস্থাপন করা হয়েছে। এ বিধিমালায় যেসব সংশোধনী আনার বিষয়ে নির্বাচন কমিশন একমত হবে, সেই সংশোধনীগুলো সিটি করপোরেশন, পৌরসভা, উপজেলা ও জেলা পরিষদ নির্বাচনের ধরন অনুযায়ী আচরণ বিধিমালায় যতটা সম্ভব সংযোজন বা বিয়োজন করা হবে। তারা আরও জানান, নির্বাচন কমিশনের আইন সংস্কার কমিটির বৈঠকে স্থানীয় সরকার নির্বাচনের পরিচালনা বিধিমালা এবং আচরণ বিধিমালার সংশোধনী নিয়ে আলোচনা হয়। ওই বৈঠকের পর এসব খসড়া তৈরি করা হয়। ওইসব খসড়া সংশোধনীর ওপর নির্বাচন কমিশনাররা মতামত দিলে এতে আবারও সংশোধনী আসতে পারে।

জানতে চাইলে নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার যুগান্তরকে বলেন, নির্বাচনে প্রার্থী হওয়ার ক্ষেত্রে অঙ্গীকারনামা জমা দেওয়ার বিধান রাখব ইনশাআল্লাহ। এটা আমাদের রাখতে হবে। আওয়ামী লীগকে লক্ষ্য করে এ বিধি যুক্ত হচ্ছে কিনা-এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, কোনো দল বা সংগঠনকে সামনে রেখে এটা করা হচ্ছে না। বাংলাদেশে কয়েকটা দল নিষিদ্ধ আছে। দেশে বিদ্যমান অন্যান্য আইন বিবেচনায় নিয়ে এটা করা হচ্ছে। কোনো দলকে টার্গেট করে নয়।

আরও জানা গেছে, স্থানীয় সরকার নির্বাচন নির্দলীয় প্রতীকে আয়োজন করতে জাতীয় সংসদে সংশ্লিষ্ট আইনগুলোর সংশোধনী পাশ হয়েছে। ওই আইন অনুযায়ী, আচরণ বিধিমালা ও পরিচালনা বিধিমালা থেকে রাজনৈতিক দল সংশ্লিষ্ট অংশগুলো বাদ দেওয়ার প্রস্তাব করেছেন ইসির কর্মকর্তারা। এই সংশোধনী আনতে গিয়ে আচরণ বিধিমালার কয়েকটি বিধি-উপবিধি থেকে 'রাজনৈতিক দল' শব্দ বিলুপ্ত করার কথা বলা হয়েছে। এটি কার্যকর হলে নির্বাচনের সময় রাজনৈতিক দলগুলো ভোটারদের চাঁদা বা অনুদান দিলে অথবা রাজনৈতিক ইস্যুতে নির্বাচনি এলাকায় সভা-সমাবেশ করলে তা আটকানোর ক্ষমতা হারাবে ইসি। এমনকি আচরণ বিধিমালা লঙ্ঘন করলে রাজনৈতিক দলের যে দণ্ডের বিধান রয়েছে, তাও বাদ দেওয়ার সুপারিশ করা হয়েছে। এছাড়া নির্বাচনে কাগজের পোস্টারে প্রচার এবং ব্যানার ও ফেস্টুনসহ নির্বাচনি সামগ্রীতে রাজনৈতিক নেতাদের ছবি ব্যবহার নিষিদ্ধের প্রস্তাব করা হয়েছে। তবে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে নির্বাচনি প্রচার চালানোর বিধানসহ বেশ কিছু সংশোধনী আনা হয়েছে।

নির্বাচনের সময়ে রাজনৈতিক দলের ওপর নিয়ন্ত্রণ তুলে নেওয়ার প্রস্তাবিত বিধান ইসির জন্য আত্মঘাতী হওয়ার আশঙ্কা করছেন নির্বাচন বিশেষজ্ঞরা। তারা বলেন, নির্দলীয় প্রতীকে নির্বাচন হলেও পরোক্ষভাবে তাতে দলীয় প্রভাব থাকবেই। ইতোমধ্যে জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টিসহ (এনসিপি) কয়েকটি দল বিভিন্ন স্থানে প্রকাশ্যে তাদের প্রার্থী নির্ধারণ করেছে। নির্বাচনের সময় ঘনিয়ে এলে অন্য দলগুলো তাদের তৎপরতা বাড়াবে। এ বিষয়ে ইসির সাবেক অতিরিক্ত সচিব ও সাবেক নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের সদস্য জেসমিন টুলী যুগান্তরকে বলেন, অতীতে অনেক নির্বাচনে দেখা গেছে, নির্দলীয় প্রতীকের নির্বাচনে অনেক রাজনৈতিক দল প্রার্থী মনোনয়ন না দিয়ে সমর্থন দিয়েছে। দলটির নেতাকর্মীরা প্রার্থীকে জিতিয়ে আনতে কাজ করেছে। নানা ধরনের কর্মসূচি পালন করেছে। বিশেষ করে সিটি করপোরেশন ও উপজেলা নির্বাচনে এই প্রবণতা ব্যাপকভাবে দেখা গেছে। সামনের নির্বাচনগুলোতে এ ধরনের পরিস্থিতি তৈরি হবে না, এমনটি বলা যায় না। ইসি যদি দলগুলোর ওপর নিয়ন্ত্রণ তুলে নেয়, তাহলে উদ্ভূত পরিস্থিতি মোকাবিলা করা কঠিন হতে পারে।

নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার যুগান্তরকে বলেন, ইসি সচিবালয় খসড়া সংশোধনী তৈরি করেছে। সেখানে যেসব সংশোধনীর প্রস্তাব করেছে, ঈদের ছুটি থাকায় সেগুলো নিয়ে এখনো আলোচনা হয়নি। আমরা সব বিষয়ে আলোচনা করব। এরপর সিদ্ধান্ত নেব।

জুলাই গণ-অভ্যুত্থানে গণহারে মানুষ হত্যার দায়ে সন্ত্রাসবিরোধী আইনে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করে অন্তর্বর্তীকালীন সরকার। এজন্য সন্ত্রাসবিরোধী আইনেরও সংশোধনী আনা হয়। বিএনপি সরকার গঠনের পর জাতীয় সংসদে ওই বিল পাশ করে। ফলে জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নেতাকর্মীরা প্রার্থী হতে পারেননি। তখন গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) এবং আচরণ বিধিমালায় সংশোধনী আনা হয়। এবার স্থানীয় সরকার নির্বাচনেও অনলাইনে মনোনয়নপত্র জমার বিধান বাতিল করা হচ্ছে। পাশাপাশি আচরণ বিধিমালায় 'অঙ্গীকার' নামক নতুন বিধি যুক্ত করা হচ্ছে। এতে নিষিদ্ধ বা নিষেধাজ্ঞার আওতাধীন কোনো রাজনৈতিক দল বা সংগঠনের সঙ্গে সম্পৃক্ততা না থাকার অঙ্গীকার দেওয়ার কথা উল্লেখ করা হচ্ছে। ফলে আওয়ামী লীগসহ নিষিদ্ধ দলগুলোর পদধারী নেতাকর্মীদের নির্বাচনে অংশ নেওয়ার পথ রুদ্ধ হতে যাচ্ছে।

এছাড়া ইউনিয়ন পরিষদ নির্বাচনের আচরণ বিধিমালায় 'সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি'র সংজ্ঞায় পরিবর্তন আনা হচ্ছে। বর্তমানে অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির সংজ্ঞায় প্রধানমন্ত্রী, স্পিকার, সরকারের মন্ত্রী, চিফ হুইপ, ডেপুটি স্পিকার, বিরোধীদলীয় নেতা, সংসদ উপনেতা, বিরোধীদলীয় উপনেতা, প্রতিমন্ত্রী, হুইপ, উপমন্ত্রী বা তাদের সমপদমর্যাদার কোনো ব্যক্তি, সংসদ-সদস্য ও সিটি করপোরেশনের মেয়ররা রয়েছেন। তারা নির্বাচনি প্রচার চালাতে ও কার্যক্রমে যুক্ত হতে পারেন না। এই সংজ্ঞায় উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস-চেয়ার্যান এবং পৌরসভার মেয়রদের যুক্তের প্রস্তাব করা হয়েছে। আরও জানা গেছে, কাজী রকিব উদ্দীন নেতৃত্বাধীন কমিশনের সময়েও এ ধরনের উদ্যোগ নেওয়া হয়েছিল। ২০১৫ সালে ইউনিয়ন পরিষদ নির্বাচন আচরণ বিধিমালায় উপজেলা পরিষদ চেয়ারম্যান ও পৌরসভার মেয়র গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসাবে সংযোজনের প্রস্তাব করা হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও পৌরসভার মেয়ররা সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসাবে রাষ্ট্রীয়ভাবে সুবিধা পান কিনা-তা নিয়ে খোদ কমিশনের মধ্যেই প্রশ্ন উঠে। একপর্যায়ে ওই কমিশন এ ধরনের সিদ্ধান্ত নেওয়া থেকে সরে আসে। পরে ইউনিয়ন পরিষদ নির্বাচনে উপজেলা চেয়ারম্যান ও পৌরসভার মেয়রদের প্রভাব বিস্তারের অভিযোগ ওঠে।

বর্তমানে সিটি করপোরেশন ও পৌরসভায় মেয়র এবং জেলা পরিষদ ও উপজেলা পরিষদে নির্বাচিত চেয়ারম্যান নেই। অনির্বাচিত প্রশাসকেরা স্থানীয় সরকারের এসব প্রতিষ্ঠান পরিচালনা করছেন। চলতি বছরের শেষ দিকে স্থানীয় সরকার নির্বাচন শুরু হওয়ার কথা রয়েছে। তবে স্থানীয় সরকারের কোন প্রতিষ্ঠানে আগে ভোট হবে তা এখনো চূড়ান্ত হয়নি। ইসির সংশ্লিষ্টরা জানান, প্রথমেই ইউনিয়ন পরিষদ নির্বাচন আয়োজন করা হলে সেখানে অন্য প্রতিষ্ঠানগুলোর জনপ্রতিনিধি না থাকায় তাদের প্রভাব বিস্তারের সুযোগ কম। কিন্তু পরবর্তীতে যেসব নির্বাচন হবে সেগুলোতে প্রভাব বিস্তার রোধে এ প্রস্তাব আনা হয়েছে।

ইউনিয়ন পরিষদের প্রস্তাবিত খসড়া আচরণ বিধিমালা পর্যালোচনা করে দেখা গেছে, ১০টির বেশি বিধি-উপবিধি থেকে 'রাজনৈতিক দল' শব্দগুলো বাদ দেওয়ার প্রস্তাব করা হয়েছে। আবার কয়েকটি বিধিতে 'রাজনৈতিক দল' শব্দগুলো বহাল রাখা হয়েছে। যেসব বিধি-উপবিধি থেকে 'রাজনৈতিক দল' শব্দগুলো বাদ দেওয়ার প্রস্তাব করা হয়েছে, সেগুলো হচ্ছে-২(১১), (১৩) ও (১৬), ৩, ৪, ৫, ৭, ১৩, ১৮, ২৯ এবং ৩১। সংশ্লিষ্টদের সঙ্গে আলাপ করে জানা গেছে, দলীয় প্রতীকে প্রার্থী দেওয়ার বিধান বাতিল হওয়ার সঙ্গে কয়েকটি বিধি-উপবিধি সম্পৃক্ত। এ কারণে সেগুলো বাদ দেওয়া হয়েছে। বাকিগুলো বিধি থেকে 'রাজনৈতিক দল' শব্দগুলো বাদ দেওয়ার অন্যতম কারণ, ইসি দলগুলোর সঙ্গে বিরোধে যেতে চায় না।

পর্যালোচনায় দেখা গেছে, আচরণ বিধিমালা লঙ্ঘন করলে বিধি ৩১ অনুযায়ী সাজা দেওয়া হয়। ওই বিধিতে দলীয় বা সাংগঠনিকভাবে আচরণ বিধি লঙ্ঘন করলে সংশ্লিষ্ট রাজনৈতিক দলকে ১০ হাজার টাকা জরিমানার দণ্ড রয়েছে। খসড়া আচরণ বিধির ৩১(২) উপবিধি বাতিলের প্রস্তাব বাস্তবায়ন হলে বিধি লঙ্ঘনের পরেও কোনো দলকে ইসি কোনো দণ্ড দিতে পারবে না।

বিধি-৪ অনুযায়ী নির্বাচনের সময়ে কোনো প্রার্থী বা তার পক্ষে কোনো রাজনৈতিক দল, সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচন পূর্ব সময়ে সংশ্লিষ্ট ইউনিয়নের আওতাভুক্ত কোনো প্রতিষ্ঠানে প্রকাশ্য বা গোপনে চাঁদা বা অনুদান দিতে পারে না। এ বিধি থেকে 'রাজনৈতিক দল' শব্দ বাদ দেওয়ার প্রস্তাব করা হয়েছে। এই সংশোধনী অনুমোদন পেলে রাজনৈতিক দলগুলো কারও পক্ষে কার্যক্রম চালালে ইসির কিছুই করার থাকবে না। এছাড়া বিধি-৫ এ প্রচারণা চালানো, বিধি-৭ এ নির্বাচনি এলাকায় সভা-সমাবেশ আয়োজন করা, বিধি-১৩ তে যানবাহন নিয়ে শোডাউন করা, বিধি-১৮তে উসকানিমূলক বক্তব্য বা বিবৃতি দেওয়া এবং বিধি-২৯ এ রাজনৈতিক নেতাকর্মীদের ভোটকেন্দ্রে অহেতুক ঘোরাফেরা না করার বিধান রয়েছে। এসব বিধি থেকে 'রাজনৈতিক দল' শব্দগুলো বাদ দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

বর্তমান নির্বাচন কমিশন জাতীয় সংসদের 'রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালায়' প্রার্থিতা বাতিলের বিষয়টি যুক্ত করেছে। এতে কোনো প্রার্থী আচরণ বিধিমালা লঙ্ঘন করলে কমিশন তদন্ত করে ওই প্রার্থীর প্রার্থিতা পর্যন্ত বাতিলের ক্ষমতা রাখে। কিন্তু ইউনিয়ন পরিষদের আচরণ বিধিমালায় ইসির ওই ক্ষমতা প্রয়োগের বিধান যুক্ত করেনি ইসি।

এছাড়া অন্যান্য সংশোধনীর মধ্যে কাগজের পোস্টার ও রেক্সিনের তৈরি প্রচার সামগ্রী ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। তবে জাতীয় সংসদ নির্বাচনের মতো কাপড় ও চটের তৈরি ব্যানার ও ফেস্টুন ব্যবহার করা যাবে। ব্যানার, ফেস্টুন ও বিলবোর্ডে রাজনৈতিক নেতাদের ছবি ব্যবহার নিষিদ্ধ করা হচ্ছে। শুধু প্রার্থী ও প্রতীকের ছবি থাকবে। এমনকি দলীয় প্রধানের ছবিও ব্যবহার করা যাবে না। বিলবোর্ডের মাধ্যমেও প্রচার চালাতে পারবেন প্রার্থীরা। সেক্ষেত্রে একটি ওয়ার্ডে একটি বিলবোর্ড স্থাপন করা যাবে।

নির্বাচনি প্রচারে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের অনুমোদন দেওয়া হচ্ছে। ফলে ডিজিটাল ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার করা যাবে। অনেকটা জাতীয় সংসদ নির্বাচনের আদলে এ সুযোগ দেওয়া হচ্ছে। তবে কারও বিরুদ্ধে বিষোদগার করা যাবে না।

বিশ্বকাপ উপলক্ষে ১২ ঘণ্টার শিফট এনওয়াপিডি পুলিশের

শেষ পৃষ্ঠার পর

রাজনৈতিক বিতর্কও তৈরি করেছে। নিউইয়র্ক পুলিশ কমিশনারের দপ্তর জানিয়েছে, বিশ্বকাপ চলাকালে অতিরিক্ত দায়িত্ব সামলাতে ও জননিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের শিফট বাড়ানো প্রয়োজন। জুন ১১ থেকে জুলাই ১৯ পর্যন্ত চলবে এই বৈশ্বিক ক্রীড়া আসর, যেখানে নিউইয়র্ক-নিউ জার্সি অঞ্চলে অনুষ্ঠিত ম্যাচগুলোতে প্রায় ১২ লাখেরও বেশি দর্শনার্থীর সমাগম হতে পারে।

এই পরিস্থিতিতে এনওয়াইপিডি এর অপারেশনাল সক্ষমতা বাড়াতে ১২ ঘণ্টার শিফট ব্যবস্থা কার্যকর করার পরিকল্পনা নেওয়া হয়েছে। তবে পুলিশের ওভারটাইম ব্যয় ইতোমধ্যে শহরের বাজেটে চাপ সৃষ্টি করছে বলে প্রশাসন জানিয়েছে।

এক সংবাদ সম্মেলনে মামদানি বলেন, শহরের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ যে কোনো প্রস্তুতি নিলে তা গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয়। তার মতে, শুধু উৎসবমুখর পরিবেশ নয়, বরং একটি নিরাপদ গ্রীষ্ম নিশ্চিত করাও প্রশাসনের প্রধান দায়িত্ব।

তবে তার কিছু সমর্থক এবং সিটি কাউন্সিলের প্রগতিশীল অংশ অতিরিক্ত পুলিশ ওভারটাইম ব্যয়ের সমালোচনা করেছেন। তাদের দাবি, এই অর্থ স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক সেবায় ব্যয় করা যেতে পারত।

এদিকে এনওয়াইপিডি কমিশনারের পাঠানো মেমোতে বলা হয়েছে, বিশ্বকাপ চলাকালে নিরাপত্তা পরিস্থিতি স্বাভাবিকের চেয়ে জটিল হবে। বিশেষ করে আন্তর্জাতিক পর্যায়ে উত্তেজনা ও সম্ভাব্য হুমকির কারণে বাড়তি সতর্কতা প্রয়োজন।



২৫ কোটি টাকা নেওয়ার বিষয়ে ব্যাখ্যা দিলেন আসিফ ও হাসনাত

২-এর পৃষ্ঠার পর

পোস্টে দেওয়া এক পোস্টে বলেন, এই বরাদ্দ স্থানীয় সরকার বিভাগ থেকে দেওয়া বিশেষ বরাদ্দ, যেটা জেলা পরিষদের মাধ্যমে ব্যয় হয়েছে। দেবিদ্বার ১০ কোটি টাকা নয়, ৫ কোটি টাকা দেওয়া হয়েছে। যেটা এডিপি প্রকল্পের মাধ্যমে দেওয়া হয়েছে। জেলা পরিষদের রাজস্বের সঙ্গে কোনো সম্পৃক্ততা নাই। হাসনাত বলেন, প্রশাসক রাজস্ব খাত আর বিশেষ বরাদ্দ সম্পর্ক জ্ঞান থাকলে এই কথা বলতেন না। আর উনি এমন ভাবে বলেছেন মনে হচ্ছে টাকা আমরা নিজেরা পকেটে নিয়ে গেছি। অথচ দেবিদ্বারের বিভিন্ন কাজে বরাদ্দ দেওয়া হয়েছে।

নিজের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি লেখেন, 'কুমিল্লার প্রশাসক বিএনপির একটি দলীয় অনুষ্ঠানে গিয়ে বললেন, হাসনাত-আসিফ জেলা পরিষদের নিজস্ব রাজস্ব খাত থেকে ২৫ কোটি টাকা নিয়ে গেছে। এর মধ্যে আমি নাকি ১০ কোটি টাকা নিয়েছি। বক্তব্যটি শুনলে মনে হবে, টাকাটা আমরা নিজেরা পকেটস্থ করেছি। কিন্তু তাঁর বক্তব্যে অন্তত দুটি অসত্য তথ্য রয়েছে।

প্রথমত, এই বরাদ্দ জেলা পরিষদের রাজস্ব খাত থেকে দেওয়া হয়নি। অন্যান্য উপজেলার মতো দেবিদ্বারেও বরাদ্দ দেওয়া হয়েছে স্থানীয় সরকার বিভাগের এডিপি প্রকল্পের মাধ্যমে, যা জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়িত হয়েছে। দেবিদ্বারের জন্য বরাদ্দ ছিল ৫ কোটি টাকা। জেলা পরিষদের রাজস্ব খাতের সঙ্গে এর কোনো সম্পৃক্ততাই নেই। সুতরাং এটিকে রাজস্ব খাতের অর্থ বলে দাবি করা স্পষ্ট মিথ্যাচার।

দ্বিতীয়ত, তিনি বলেছেন টাকা আমরা নিয়েছি। অথচ এই অর্থ মোট ৪২টি প্রকল্পে ব্যয় করা হয়েছে। ব্যক্তি হিসেবে আমাদের সঙ্গে এই অর্থের কোনো সম্পর্কই নেই। জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের মাধ্যমে বিভিন্ন খাতে এই অর্থ ব্যয় করা হয়েছে। (খাতভিত্তিক ব্যয়ের বিবরণ নিচে সংযুক্ত করা হলো।)

বিষয়টি নিয়ে তাকে ফোন করে জানতে চাইলে প্রশাসক জানান, অর্থটি উন্নয়ন কাজের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, হয়তো সাংবাদিক তার বক্তব্য পুরোপুরি প্রকাশ করেননি। (রেকর্ড সংযুক্ত)

রাজস্ব বরাদ্দ ও এডিপি বরাদ্দের পার্থক্য না বুঝে একজন দায়িত্বশীল ব্যক্তি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য দিলেন। আর এ দেশে মিথ্যাকে প্রতিষ্ঠিত করা খুবই সহজ।

জেলা পরিষদ থেকে উপজেলার জন্য বরাদ্দ দেওয়া কোনো অস্বাভাবিক বিষয় নয়। প্রতি বছরই বাজেটের আওতায় এ ধরনের বরাদ্দ দেওয়া হয়। দেবিদ্বার উপজেলার জন্য দেওয়া বরাদ্দও উপজেলা প্রশাসনের মাধ্যমে ব্যয় হয়েছে। সেই ব্যয়ের প্রতিটি টাকার হিসাব সরকারি নথিতে সংরক্ষিত রয়েছে'। তবে রাতে জেলা পরিষদ প্রশাসক মোস্তাক মিয়া তার আগের দেওয়া বক্তব্যের বিষয়ে বলেন, নিজস্ব রাজস্ব তহবিল আর এডিপির বিশেষ বরাদ্দ সবই সরকারি টাকা। দুই উপজেলায় বিশেষ বরাদ্দে নেওয়া সব প্রকল্পগুলি তদন্ত করা হবে। কোনো অনিয়ম হয়ে থাকলে ব্যবস্থা নেওয়া হবে।

হোয়াইট হাউসে বৈঠকের পরও ইরান নিয়ে সিদ্ধান্ত জানালেন না ট্রাম্প

৩-এর পৃষ্ঠার পর

সিচুয়েশন রুমে অনুষ্ঠিত বৈঠকটি প্রায় দুই ঘণ্টা স্থায়ী হয়েছিল। তবে বৈঠকের পর প্রেসিডেন্ট ট্রাম্প কোনো সিদ্ধান্ত নিয়েছেন কি না, সে বিষয়ে তিনি কিছু বলেননি।

ওই কর্মকর্তা আরও বলেন, 'প্রেসিডেন্ট ট্রাম্প কেবল এমন একটি চুক্তিতেই সম্মত হবেন, যা যুক্তরাষ্ট্রের জন্য ভালো বলে বিবেচিত হবে এবং তাঁর নির্ধারিত শর্তগুলো পূরণ করবে। ইরান কখনোই পারমাণবিক অস্ত্রের মালিক হতে পারবে না।'

এদিকে ইরানের এক জ্যেষ্ঠ সূত্র রয়টার্সকে বলেছে, দুই পক্ষ চুক্তির কাছাকাছি পৌঁছে গেছে, তবে এখনো সেটি আনুষ্ঠানিকভাবে অনুমোদন পায়নি।

নাম প্রকাশ না করার শর্তে ইরানের এক জ্যেষ্ঠ সূত্র বলেছে, সম্ভাব্য এই চুক্তিতে পারমাণবিক কর্মসূচিসংক্রান্ত কোনো বিষয় অন্তর্ভুক্ত নেই।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই রাষ্ট্রীয় টেলিভিশনকে দেওয়া সাক্ষাৎকারে বলেন, হরমুজ প্রণালির ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের বিষয়টি ইরান এবং ওমানের সিদ্ধান্তের মাধ্যমে নির্ধারিত হওয়া উচিত।

ইরানের বার্তা সংস্থা ফারসের খবরে বলা হয়েছে, যুক্তরাষ্ট্র ইরানি জাহাজের ওপর আরোপিত অবরোধ প্রত্যাহার করলে তেহরানের নির্ধারিত শর্ত অনুযায়ী হরমুজ প্রণালি আবার খুলে দেওয়া হবে।

আর মার্কিন অর্থমন্ত্রী স্কট বেসেন্ট বলেছেন, যদি অবরোধ প্রত্যাহারের সিদ্ধান্ত হয়, তবে তা ধাপে ধাপে কার্যকর করা হবে।

ফারসের প্রতিবেদনে আরও বলা হয়েছে, ইরানের জব্দ থাকা ১ হাজার ২০০ কোটি ডলার মূল্যের সম্পদ মুক্ত করার বিষয়ে দুই পক্ষের মধ্যে সমঝোতা হয়েছে।

তবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, 'পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত' কোনো অর্থ লেনদেন করা হবে না।

এদিকে সম্ভাব্য চুক্তির খবর প্রকাশের পর গতকাল আন্তর্জাতিক বাজারে তেলের দাম কমে যায় এবং শেয়ারবাজারে ঊর্ধ্বমুখী প্রবণতা দেখা দেয়।

হরমুজ প্রণালি দিয়ে আবার নৌযান চলাচলের সুযোগ তৈরি করা এবং যুক্তরাষ্ট্রে জ্বালানির দাম কমানোর জন্য ট্রাম্পের ওপর চাপ বাড়ছে। নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনকে সামনে রেখে জ্বালানির মূল্যবৃদ্ধি নিয়ে ভোটারদের অসন্তোষও বাড়ছে। একই সময়ে, ইরানের প্রতি কোনো ধরনের ছাড় দিলে নিজের দলে থাকা কট্টর ইরানবিরোধী নেতাদের সমালোচনার মুখেও পড়তে পারেন তিনি। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানে হামলা শুরু করে। এ যুদ্ধে ইরান ও লেবাননের কয়েক হাজার মানুষ নিহত হয়েছে। এ ছাড়া হরমুজ প্রণালি বন্ধ করে দেওয়ার কারণে জ্বালানির দাম বেড়ে বিশ্ব অর্থনীতিতেও চাপ তৈরি হয়েছে।

চুক্তি না হলে আবারো ইরানে হামলা

৩-এর পৃষ্ঠার পর

তবে পারমাণবিক কর্মসূচি নিয়ে কোনো আলোচনা চলছে না।

এ অবস্থায় কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স গত শুক্রবার বলেন, 'আলোচনায় এখন মূলত কয়েকটি ভাষাগত ও কারিগরি বিষয় নিয়ে মতপার্থক্য রয়েছে। বিশেষ করে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ প্রশ্নে এখনো সমাধান হয়নি।' তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, 'দুই পক্ষ চুক্তির খুব কাছাকাছি পৌঁছে গেছে।'

তবে ইরানের প্রধান আলোচক মোহাম্মদ বাঘের গালিবাফ সতর্ক করে জানান, তেহরান কোনো প্রতিশ্রুতি বা আশ্বাসে বিশ্বাস করে না। তার ভাষায়, 'অন্য পক্ষ পদক্ষেপ না নেয়া পর্যন্ত আমরাও কোনো পদক্ষেপ নেব না। যে পক্ষ যুদ্ধের পরের দিনের জন্য সবচেয়ে বেশি প্রস্তুত থাকবে, শেষ পর্যন্ত তারাই লাভবান হবে।'

ফলে যুদ্ধবিরতি আরো ৬০ দিন বাড়ানোর সম্ভাবনা থাকলেও ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে অবিশ্বাস এখনো কাটেনি। কূটনৈতিক টেবিলে আলোচনা চললেও মধ্যপ্রাচ্যে আবারো সংঘাত ছড়িয়ে পড়ার আশঙ্কা পুরোপুরি দূর হয়নি। পরিস্থিতি এখন অনেকটাই নির্ভর করছে হোয়াইট হাউজ ও তেহরানের রাজনৈতিক সিদ্ধান্তের ওপর। যদি সমঝোতা ব্যর্থ হয়, তাহলে নতুন করে সামরিক সংঘাতে জড়িয়ে পড়তে পারে দুই দেশ, যার প্রভাব শুধু মধ্যপ্রাচ্য নয়, গোটা বিশ্ব অর্থনীতিতেই পড়বে।

মে মাসে মব সহিংসতায় নিহত ৩২, ছয় মাসের মধ্যে সর্বোচ্চ: এমএসএফ

৫-এর পৃষ্ঠার পর

শিকার হচ্ছেন, যা রাষ্ট্রীয় কর্তৃত্বের দুর্বলতা নির্দেশ করে।

সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি অ্যাডভোকেট সুলতানা কামাল স্বাক্ষরিত মে মাসের প্রতিবেদনে এমএসএফ বলেছে, মে মাসে কিছু ক্ষেত্রে উন্নতি ঘটলেও বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সূচকে উদ্বেগজনক অবনতি লক্ষ করা গেছে। বিশেষ করে, মব ভায়োলেন্স ও সীমান্ত এলাকায় সহিংসতা উল্লেখযোগ্যভাবে বেড়েছে, যা আইনশৃঙ্খলা পরিস্থিতির ওপর চাপ ও বিচারবহির্ভূত প্রবণতার ইঙ্গিত বহন করে। মানবাধিকার সংগঠনটি বলেছে, মে মাসে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) হাতে চার বাংলাদেশি নিহত হয়েছেন। এর মধ্যে তিনজন গুলিতে ও একজন নির্যাতনের ফলে মারা যান। এ ছাড়া ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকা থেকে এক জেলে ও এক অজ্ঞাতনামা নারীর মরদেহ উদ্ধার করা হয়েছে। একই সঙ্গে সীমান্তসংলগ্ন এলাকায় দুর্বৃত্তদের ছুরিকাঘাতে এক যুবক নিহত হয়েছেন। ফলে সীমান্তসংশ্লিষ্ট ঘটনায় মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে সাতজনে।

অন্যদিকে, মিয়ানমার সীমান্তে পৃথক দুটি ল্যান্ডমাইন বিস্ফোরণে ঘটনাস্থলেই তিন বাংলাদেশি নিহত হয়েছেন।

এমএসএফের তথ্য অনুযায়ী, মে মাসে রাজনৈতিক সহিংসতায় অন্তত তিনজন নিহত ও ১৯৩ জন আহত হয়েছেন। এপ্রিল মাসে নিহত ব্যক্তির সংখ্যা ছিল তিনজন এবং আহত হন ৩০৩ জন।

এপ্রিল ও মে মাসের তুলনামূলক বিশ্লেষণে এমএসএফ বলেছে, ধর্ষণসহ নারী ও শিশুদের ওপর সহিংসতার ঘটনাও উদ্বেগজনক হারে বেড়েছে। মে মাসে নারী ও শিশু নির্যাতনের অন্তত ৩২৬টি ঘটনা নথিভুক্ত হয়েছে, যা আগের মাসের তুলনায় ১২টি বেশি। মে মাসে ৭০টি ধর্ষণের ঘটনা ঘটেছে, যা আগের মাসে ছিল ৫৪টি। সে হিসাবে ধর্ষণের ঘটনা বেড়েছে প্রায় ৪০ শতাংশ। এ ছাড়া ১৬টি দলবদ্ধ ধর্ষণ ও ধর্ষণের পর হত্যার ছয়টি ঘটনা ঘটেছে। এপ্রিল মাসে এমন ঘটনা ছিল দুটি।

এমএসএফ জানিয়েছে, এ মাসে ৫৩টি অজ্ঞাতনামা মরদেহ উদ্ধার হয়েছে। আর কারা হেফাজতে মৃত্যু হয়েছে সাতজনের।



রাজনীতিতে নানামুখী আলোচনা

৭-এর পৃষ্ঠার পর

দাবি তুলতে পারেন। অন্যদিকে আওয়ামী লীগবিরোধী রাজনৈতিক শক্তিগুলো কঠোর শাস্তির দাবি জানাতে পারে। ফলে দেশের রাজনৈতিক অঙ্গনে নতুন মেরুকরণ তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এ ধরনের পরিস্থিতিতে সরকার একটি জটিল অবস্থার মুখোমুখি হতে পারে। একদিকে তাদের বিচারিক প্রক্রিয়ার স্বাধীনতা ও সুশাসনের প্রতিশ্রুতি বজায় রাখতে হবে। অন্যদিকে রাজনৈতিক চাপও সামাল দিতে হবে। আবার আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের প্রতি নজর বৃদ্ধি পাবে এবং বিচারিক প্রক্রিয়া নিয়েও ব্যাপক আলোচনা হবে।

তিনি আরও বলেন, যদি এর মধ্যে সরকার জনগণের আস্থা অর্জন করতে সক্ষম হয়, তাহলে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা সহজ হবে। কিন্তু জনগণের মধ্যে অসন্তোষ তৈরি হলে শেখ হাসিনার প্রত্যাবর্তনের প্রশ্ন নতুন রাজনৈতিক বিতর্ক ও জনমতের পরিবর্তনের ক্ষেত্রও তৈরি করতে পারে। সব মিলিয়ে শেখ হাসিনার দেশে ফেরা বাংলাদেশের রাজনীতিতে একটি নতুন বাস্তবতা তৈরি করতে পারে।

বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা অ্যাডভোকেট সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল যুগান্তরকে বলেন, শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা আমি খুব একটা গুরুত্ব দিয়ে দেখছি না। কারণ, তিনি দীর্ঘদিন ধরেই অসংলগ্ন ও বিতর্কিত বক্তব্য দিয়ে আসছেন। দেশের রাজনৈতিক নেতা, বুদ্ধিজীবী কিংবা বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে এমন কাউকে খুঁজে পাওয়া কঠিন, যিনি কখনো তার বক্তব্যের লক্ষ্যবস্তু হননি। ফলে তার সাম্প্রতিক বক্তব্যের রাজনৈতিক তাৎপর্য কতটা, সেটি নিয়ে প্রশ্ন থেকেই যায়।

তিনি আরও বলেন, তবে তিনি যদি সত্যিই দেশে ফিরে রাজনীতি করতে চান, তাহলে একজন রাজনীতিবিদ হিসাবে দেশের আইন ও বিচারব্যবস্থার প্রতি শ্রদ্ধা দেখানো উচিত। তার বিরুদ্ধে যেসব অভিযোগ রয়েছে, সেগুলোর বিষয়ে আদালতের মুখোমুখি হতে হবে। কিন্তু 'ফিরে এসে দেখিয়ে দেব' এ ধরনের বক্তব্য সাধারণ মানুষের কাছে ইতিবাচক বার্তা দেয় না। যদিও এটিই আওয়ামী লীগের রাজনৈতিক সংস্কৃতিরই প্রতিফলন। এছাড়া তিনি মনে করেন, ভারতেরই উচিত বন্দি বিনিময় চুক্তি মেনে তাকে বাংলাদেশে ফেরত পাঠানো।

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল ড. এএইচএম হামিদুর রহমান আযাদ বলেন, দেশের মানুষ শেখ হাসিনাকে আইনি প্রক্রিয়ায় ফিরিয়ে এনে বিচারিক প্রক্রিয়ায় সর্বোচ্চ শাস্তি কার্যকর দেখতে চায়। রোববার তিনি যুগান্তরকে বলেন, হাসিনা কোন প্রেক্ষাপটে দেশত্যাগ করেছিলেন সেটা নিশ্চয় সবার স্মরণ আছে। জনগণের বিরুদ্ধে তিনি যে অত্যাচার-নির্যাতন করেছেন হাজার হাজার নিরীহ, নিরস্ত্র মানুষকে হত্যা করেছেন, আহত করেছেন, পঙ্গু করেছেন তার বিচার এখনো হয়নি। এর জন্য তিনি ক্ষমাও চাননি। যে জনরোষে তিনি পালিয়ে গেছেন সেই জনরোষ এখনো বিদ্যমান রয়েছে। কাজেই জনগণ তার প্রত্যাবর্তন নয়, আইনি প্রক্রিয়ায় ফেরত পেতে চায়। মানুষ তার সর্বোচ্চ শাস্তি কার্যকর দেখতে চায়। হামিদুর রহমান আযাদ বলেন, কেউ যদি ভিন্ন উদ্দেশ্যে শেখ হাসিনাকে ফিরিয়ে আনার ষড়যন্ত্রে লিপ্ত থাকে, তাহলে জনগণ সেই অপচেষ্টা প্রতিহত করবে।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিন যুগান্তরকে বলেন, শেখ হাসিনা স্বাভাবিক রাজনৈতিক প্রক্রিয়ায় দেশ ছাড়েননি; তাকে বাধ্য হয়ে দেশ ছেড়ে যেতে হয়েছে। গণ-অভ্যুত্থানের মাধ্যমে ছাত্র-জনতা তাকে দেশ থেকে বিতাড়িত করেছে। তিনি দেশ ছেড়ে পালিয়ে গেছেন। এরপর গত প্রায় দুই বছর ধরে আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মী ও সমর্থকদের কাছ থেকে আমরা বারবার শুনছি, তিনি শিগগিরই ফিরবেন, দেশে চলে আসবেন। কিন্তু বাস্তবতার সঙ্গে এসব বক্তব্যের খুব একটা মিল দেখা যায় না।

তিনি আরও বলেন, আমার মূল্যায়ন হলো, শেখ হাসিনার দেশে ফিরে আবারও আওয়ামী লীগকে নেতৃত্ব দিয়ে সক্রিয় রাজনীতিতে ফিরে আসার মতো নৈতিক ও রাজনৈতিক অবস্থান বর্তমানে নেই। কারণ যে পরিস্থিতিতে তাকে দেশ ছাড়তে হয়েছে, সেটি ছিল ব্যাপক জনঅসন্তোষ ও গণপ্রতিরোধের প্রেক্ষাপটে। ফলে দেশে ফিরে আগের অবস্থানে রাজনীতি করার বাস্তবতাও আমি দেখি না।

এদিকে আইনি প্রক্রিয়ার মাধ্যমে সরকার শেখ হাসিনাকে ফেরত চায় বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এক প্রেস ব্রিফিংয়ে একজন সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে আমরা অনুরোধ করেছি। এক্সট্রাডিশন (প্রত্যর্পণ) চুক্তি অনুসারেও অনুরোধ করেছি- আমরা শেখ হাসিনাকে ফেরত চাই। এবং আমরা চাই তিনি মামলা ফেস করুক। এখন যদি কেউ বলে আসতে চায়, আমরা তো তাকে (শেখ হাসিনাকে) চাচ্ছি।

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান সম্প্রতি তার ব্যক্তিগত ইউটিউব চ্যানেলে এ বিষয়ে এক ভিডিও বক্তব্যে দিয়েছেন। সেখানে তিনি বলেন, বিচারিক প্রক্রিয়ায় নির্দোষ প্রমাণিত হলে আওয়ামী লীগ নিজ নামেও ফিরতে পারে। কিন্তু শেখ হাসিনার মাথা উঁচু করে দূরে থাক, মাথা নিচু করেও এদেশে ফিরে আসার সম্ভাবনা আসলে নেই। মাঝে মাঝে তাকে দিয়ে কথাগুলো আসলে বলানো হয়। এটা একটা কৌশলের অংশ। সেই হিসাবে তিনি এগুলো বলেন। তিনি আরও বলেন, বাংলাদেশে যদি ভবিষ্যতে কোনদিন আওয়ামী লীগ বা অন্য কোনো নামেও হয়, সেটা শেখ পরিবারকে বাদ দিয়েই হয়তো হতে হবে। শেখ হাসিনার মাধ্যমে আওয়ামী লীগকে রিভাইভ করা হবে এবং বাংলাদেশে এসে তার রাজনীতি করার প্রশ্নই আসে না বলেও মন্তব্য করেন তিনি।

এদিকে বিষয়টি নিয়ে বিদেশে অবস্থানরত কার্যক্রম নিষিদ্ধ দলটির বিভিন্ন পর্যায়ের কয়েকজন নেতা সামাজিক যোগাযোগমাধ্যমে দাবি করেন-শেখ হাসিনার দেশে ফেরার পথে মামলা বা বিচারিক প্রক্রিয়া কোনো বাধা নয়। অতীতেও তিনি একাধিকবার নানা প্রতিকূলতা অতিক্রম করে দেশে ফিরেছেন। ফলে এবারও সঠিক সময়েই দেশে ফিরবেন।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোনো প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

গত সপ্তাহে আমরা ইউএসসিআইএস এর নতুন স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্টের নিয়ম নিয়ে এই বিভাগে আলোচনা করেছি। এর প্রেক্ষিতে নতুন নিয়ম সম্পর্কে অনেকেই অনেককিছু জানতে চেয়ে আমাদের কাছে চিঠি লিখেছেন। আমরা খুব সহজ কথায় আপনাদের অবহিত করছি-যা এই নতুন নিয়ম সম্পর্কে আপনাদের জানতে সাহায্য করবে।

অ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস সম্পর্কে যুক্তরাষ্ট্রের নতুন পলিসি : ইউএসসিআইএস গত ২১ মে, ২০২৬ এ স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্টের পরিবর্তিত নতুন নীতিস্মারক প্রকাশ করেছে। এই নিয়ম দ্বারা গত ৭০ বছরেরও বেশি সময় ধরে চলে আসা আইন পরিবর্তন করা হয়েছে যা যুক্তরাষ্ট্রে বসবাসরত ব্যক্তিদের গ্রিনকার্ড পাওয়ার জন্য যুক্তরাষ্ট্র ত্যাগ না করেই একটি প্রক্রিয়ার মাধ্যমে গ্রিনকার্ড লাভ করা যাবে- যাকে বলা হচ্ছে, স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস (এওএস)। এই নতুন নিয়মে যুক্তরাষ্ট্রে বসবাসকারী আবেদনকারী, তাদের পরিবারের সদস্য এবং কর্মচারীদের মাঝে তাদের ভবিষ্যতের অনিশ্চয়তা নিয়ে উদ্বেগ সৃষ্টি হচ্ছে।

স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্ট কাকে বলে?

গ্রিনকার্ড লাভের আবেদন দুইভাবে করা যায়। একটি হচ্ছে : ঢাকায় যুক্তরাষ্ট্র কনসুলেটে আবেদন করতে হয় যাকে এনভিসি প্রক্রিয়া বা কনসুলার প্রক্রিয়াকরণ। দ্বিতীয় বিকল্প হচ্ছে : যুক্তরাষ্ট্রেই ইউএসসিআইএস অফিসে শারীরিকভাবে উপস্থিত হয়ে আবেদন করা, যা স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্ট নামে পরিচিত। যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন আইনের ২৪৫ ধারাটি ১৯৫২ সালে যুক্তরাষ্ট্রের কংগ্রেসে পাস হয়েছে। এই ধারামতে আবেদনকারীরা ঢাকায় না যেয়ে যুক্তরাষ্ট্র থেকেই তাদের গ্রিনকার্ডের আবেদন করতে পারেন। এই ধারায় পরিবারভিত্তিক ও চাকরিভিত্তিক গ্রিনকার্ডের জন্য আবেদনের ও সুযোগ করে দেয়। এই ধারাটি মানবিক ধারণা ভিত্তিক এবং বাইরের কনসুলেটে যাওয়ার ঝামেলা, বিলম্ব এবং বাইরে যাওয়ার ঝুঁকিমুক্ত।

যুক্তরাষ্ট্রের কংগ্রেস বার বার স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্টের সুযোগ সম্প্রসারিত করেছে, সেই সাথে যারা যুক্তরাষ্ট্রে স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্টের সুযোগ পাবে না সেটাও পরিষ্কার করেছে। বহু দশক যাবত বৈধভাবে পার্মানেন্ট রেসিডেন্ট হওয়ার যারা যোগ্য তাদের জন্য গ্রিনকার্ড লাভের প্রাথমিক উপায় ছিল যুক্তরাষ্ট্র থেকে আবেদন করার সুযোগ।

নতুন নিয়ম যেসব আবেদনকারীর উপর প্রভাব ফেলবে:

ইউএসসিআইএস-এর স্মারকে বলা হয়েছে যে যে কোন আবেদন প্রত্যাখ্যান করার ক্ষমতা ব্যবহার করতে পারবে ইউএসসিআইএস। নতুন নীতিস্মারকে যারা ২৪৫ ধারা (এ) তে আবেদন করবেন কেবল তাদের ক্ষেত্রেই প্রয়োগ করা হবে। সেকশন ২৪৫ (এ) যেসব প্রার্থীর ক্ষেত্রে প্রয়োগযোগ্য হবে, যারা পরীক্ষিত এবং যুক্তরাষ্ট্রে যারা প্যারোলে রয়েছে এবং যারা ইমিগ্রেশন ভিসা লাভের যোগ্য যদি ভিসা তাৎক্ষণিক পাওয়া যায়।

এর মধ্যে যারা অন্তর্ভুক্ত :

- যুক্তরাষ্ট্রের নাগরিক এবং বৈধ পার্মানেন্ট রেসিডেন্টদের অব্যবহিত আত্মীয় যেমন স্বামী/স্ত্রী, পিতামাতা এবং সন্তানাদি,
- নন ইমিগ্রান্ট ভিসাধারী ব্যক্তি বা ব্যক্তিবর্গ অথবা প্যারোল এবং ফ্যামিলি আবেদন যাদের অনুমোদিত হয়েছে,
- নন ইমিগ্র্যান্ট স্ট্যাটাস থেকে কর্মচারীদের কর্ম-ভিত্তিক আবেদন যাদের আবেদন অনুমোদিত হয়েছে,
- ডাইভারসিটি ভিসা প্রার্থীদের,
- কতিপয় বিশেষ ইমিগ্রান্ট যেমন ধর্মীয় কর্মী,
- যেসব ব্যক্তি আইএনএ-র ২৪৫ ধারা টিপিএস ডিগ্রীধারী অথবা প্যারলে যুক্তরাষ্ট্রে অবস্থান করছে, যেমন আফগান এবং ইউক্রেনিয়াম প্যারোলি অথবা ডিএসিএ (ডাকা) অ্যাডভান্স প্যারোলে পর্যটক।

এখানে উল্লেখ্য যে, যারা রাজনৈতিক আশ্রয়প্রার্থী, রিফিউজি তাদের উপর এই নীতি প্রযোজ্য হবে না।

কখন এই নতুন নীতি কার্যকর হবে?

এই নতুন নীতি অনেক প্রশ্নের জন্ম দিয়েছে। উদাহরণস্বরূপ কীভাবে এবং কাদের উপর এই নতুন নীতি প্রয়োগ করা হবে। অনেক বিশেষজ্ঞ বিশ্বাস করেন যে, নতুন পলিসি প্রয়োগের বিষয়ে ইউএসসিআইএস যথেষ্ট নীতিমালা এখন পর্যন্ত প্রদান করেননি। এআইএল-এর মতে, তাদের কতিপয় সদস্য রিপোর্ট করেছে যে নতুন মেমো প্রকাশের দিন থেকেই এটা কার্যকর করতে শুরু করেছে কিন্তু ইউএসসিআইএস ইতিমধ্যেই অনুরোধ জানিয়েছে যে, নতুন মেমো ভিত্তিক প্রমাণ এবং অ্যাডজাস্টমেন্টের সময় প্রশ্ন করা যে ব্যক্তি কেন প্রসেসিং এ সাড়া দিচ্ছে না এবং তাদের স্ট্যাটাসের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরে দেশে ফিরে যাচ্ছে না।

নোট : আমাদের পরামর্শ হচ্ছে আপনারা অবশ্যই অ্যাডজাস্টমেন্টের আবেদন জানানোর সময় একজন অভিজ্ঞ অ্যাটর্নির সাথে পরামর্শ করবেন। সাক্ষাৎকার এর সময় অ্যাটর্নিকে সাথে নেবেন। অনেক অ্যাটর্নি কনসালটেন্সি কি দাবী করে না।

জুন ভিসা বুলেটিন ২০২৬

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ভিওএস) জুন ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জুন ২০২৬'র পরিবারভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ ঐ তারিখের পূর্বে।

জুন ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে কিছু অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম ● (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা ঃ

সেপ্টেম্বর ০১, ২০১৭।

দ্বিতীয় ● পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ ● (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ

জানুয়ারি ০১, ২০২৫।

বি ● (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের (২১ বছর বা উর্ধ বয়সী), অবিবাহিত পুত্র-কন্যা ঃ সেপ্টেম্বর ২২, ২০১৭।

তৃতীয় ● (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ

ফেব্রুয়ারি ১৫, ২০১২।

চতুর্থ ● (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ

নবেম্বর ০৮, ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সর্বশেষে আমাদের পরামর্শ হচ্ছে, ইমিগ্রেশন বিষয়ে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ এর আগে প্রয়োজন বোধে একজন অভিজ্ঞ, দক্ষ ইমিগ্রেশন এটর্নির সাথে আলোচনা করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ শাস্ত্রসম্মত ভাবে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

ঘুণপোকা থেকে সাবধান
জাহাঙ্গীর ফিরোজ

সময়ের হাত নেই পা নেই
তবুও সে হেঁটে যাচ্ছে
ভাবুন তো দৃশ্যটি

আলো অন্ধকারে ডুবে যায়
অন্ধকার সরিয়ে প্রভাত
এই ছবি ...
রঙ তুলি ক্যানভাস সময়ের পিঠে ,
হাতে বল্লম হারিকেন- ডাকহরকরা ছোটে
অন্ধকার রাতে- মিহি থেকে দহন আলোতে
ঝুমঝুম ঘুঙুরের ধ্বনিতে দুপুর, সন্ধ্যা ও রাতে
শো শো পবন বিলাপ;
মরুর নিশীথে
চাঁদ ওঠে চাঁদ ডোবে
সূর্য প্রতিদিন

হিম বরফের রাতে
তারার কুসুম কুঁড়ি দুএকটা ঝরে পড়ে
সেই ছবিটিও নিয়ে ছুটছে সময়-হরকরা।

সময়কে তুমি অদৃশ্য ঘুণপোকা বলে
আমাকে বোঝালে বার্নিশের উপকার
প্রাণায়াম, পাণিনি পতঞ্জলি
ভরতনাট্যম
সেই থেকে ফাঁকি দিতে জিমে প্রতিদিন
যেতে হয় পড়ন্ত বিকেলে।

তুমি যতবার দেখালে আকাশ
দুলাল সরকার

তুমি যতবার দেখালে আকাশ-- আমি ততবার
খুঁজি মৃত্তিকার ঘর, ততবার ধান- স্বর--
সুদূর পিয়াসী পাখা ভুলে তোমাকেই খুঁজি বারবার--
অজানা রহস্য ভুলে
ততবার মনস্ক হই রাতের আবহে;

অজানা আকাশ ভুলে ততবার আকর্ষিত হই
মানুষের শান্ত অবয়বে, বুকের তিলের কাছে
নতজানু হয়ে ভাবি-- জীবন অনেক বড়
তাই ফিরি মেহনতি বিকেলের দিকে,
পশ্চিম পাথারে মাঠ বিকেল বেলায়
পশ্চিমের সূর্যাস্ত ঘিরে খুঁজি কিছু হরিণী সময়;

তোমার পায়ের শব্দ উঠানে আমার
তন্নতন্ন খুঁজি লুকানো সৌরভ--
নাগলিঙ্গম ঘিরে স্মৃতি- স্বর, ঘূর্ণিরব, সৌম্যর
জন্ম তিলক-- অগণন অশ্রুর ভেতর দেখি কারো
বিষাক্ত নিঃশ্বাস, কুটিল তান্ডব।



তালপাতার বারান্দায়
বশির আহমেদ

হিজল ছায়ার গ্রামে মিশে যায় রিক্ত দুপুর,
তালপাতার বারান্দায় লিলুয়া পবন
চোখের পাতায় বিন্যাস করে সুপ্তির কারুকাজ,
নলি জামের গাছে ডানার রোদ ঝেড়ে ফেলে ক্লান্ত পেঙ্গুইন।
বাড়ির উত্তর সীমানার....
নিম গাছটার কথা মনে পড়ছে খুব,
অধিক পছন্দের কোন কিছু হারিয়ে গেলে ভেতর পোড়ে।
বাড়িতে দালান তুলতে গিয়ে যে কয়টি
নারিকেল গাছ কেটেছি,
বেদনায় পুড়ে যাওয়া হৃদয়ে স্থান করে নিয়েছে
চৈত্রের খরা রোদ।

শান্ত নদীর কথা মনে পড়ে
আশরাফ হাসান

তুমি আলেয়ার মতো সম্মুখে এলেই
পেখম মেলতে চাও যেনো চৌকষ শিকারী কোনো
জানো তো আমি রোজকার ভুখাদের দলে নই
যারা উদ্বৃত্ত ক্ষুধার জিহ্বাকে
শুদ্ধতার আগুনে জ্বালাতে পারে নিমিষেই
বিদ্যুৎচ্চমকের ন্যায় তুমি চোখকে ঝলসাতে এলে
আমি পেছন ফিরে বসি
যেনো কোনো ছায়াঢাকা গ্রাম
যেনো বয়ে যাওয়া কোনো শান্তজলের নদী

কারণ আমি জেনেছি আলেয়ার ইতিবৃত্ত
আকাশে বিদ্যুতের ক্ষণকীর্তি;
তুমি সামনে এলেই বাঁক ঘুরিয়ে দিই
যেনো ধূর্ত শিকারীর যন্ত্রণায় অস্থির মাছেদের
সাগর-আশ্রমে ছুটে চলা
যেনো ভাবলেশহীন চেনা গন্তব্য ধরে হাঁটতে থাকা
কোনো নিখাঁদ নৈসর্গনাগর

তুমি বৃষ্টিঝরার শব্দের মতো
গল্পগাথা নিয়ে হাজির হলে
আমি নিউটনের মাধ্যাকর্ষণ থিওরি রিভিউ করি
বিচ্ছেদের তীক্ষ্ণ ফলায় বিদ্ধ করি সুখের শরীর

তুমি হুটহাট আমার সামনে এলেই
আমি চিরসবুজ সাহসের নামতা পাঠ করতে থাকি
আর তুমি তো জানো আমাকে দেখলেই
আমার কলিগদের শান্ত নদীর কথা মনে পড়ে

গহনা
মাহবুবা ফারুক

আগুন জ্বেলে পুড়েছ
একটু সেঁকে নিয়েছ তাতে হাত
এবার খুশি তো শ্যামাঙ্গিনী?
আমিও পুড়তেই চেয়েছিলাম
তবে ভালোবাসায় বেদনায় মায়ায়
সে আগুন ফিরিয়ে দিলে নিষ্ঠুর হিংসায়
তাতেও আগুন জ্বেলেছ নিশ্চয়
পুড়িয়ে পেয়েছ প্রস্তর যুগের সুখ
নাও এবার পোড়াও ছাই করে উড়াও
ধানের চিটার মতো বুক আছে মন নেই
শিরায় জমে থাকা জমাট কষ্টগুলো
ডাক্তারি ভাষায় যাকে ব্লক বলে
তারপর খনার মতো বলবে
ভালোবাসার গায়েই থাকে ব্যথার গহনা।

কেন যে এখানে এলাম
মাহমুদ নজির

কেন যে এখানে এলাম
ভেবেই চমকে উঠি,
বিস্ময়ে হতবিহ্বল হই রোজ।

যে আকাঙ্ক্ষার স্বপ্নবীজ বোনে
প্রাত্যহিক ছুটে চলছি এই পথ
রন্ধ্রে রন্ধ্রে তার ছড়ানো ছিটানো কাঁটা
ঘেরাটোপ, ভয়াল মৃত্যুফাঁদ।

প্রতি মুহূর্তে ঘিরে ধরে শ্বাসনালী
দীপ্ত কণ্ঠ, চেতনামগজ।
এক কদম এগোলে পথ
দশ কদম ছিটকে যাই পিছে।

কেন যে এখানে এলাম
ভেবেই শিউরে উঠি,
বেদনায় বিষণ্ন হই রোজ।

প্রেম, ভালোবাসাহীন
নিরেট পাথরের মতো মানুষের মন
বড়ই আফসোস!

ব্রঙ্কসের বাংলাবাজার মসজিদে ঈদের জামায়াত





শেষ পৃষ্ঠার পর

ও সিটি মেয়র জোহরান মামদানী।

গত ২৭শে মে বুধবার সকাল ৮টায় জামাতের শুরুর আগে শতশত মুসল্লীদের আগমনে কানায় কানায় পরিপুর্ন হয়ে উঠে বৃহৎ জামাতে রুপ নেয়। পার্কচেস্টার ১০৬ প্রাথমিক বিদ্যালয় মাঠে পবিত্র ঈদুল আজহার নামাজ অনুষ্ঠিত হয়েছে। সাংবাদিক শেখ শফিকুর রহমান জানান প্রায় সহস্রাধিক মুসল্লিদের জামায়েতের মাধ্যমে পবিত্র ঈদুল আজহার নামাজের জামাত সম্পর্ন হয়।মুসল্লীদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করতে নিউইয়র্ক সিটি মেয়র জোহরান মামদানী ও কংগ্রেস ওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও কর্টেজ উপস্থিত হয়ে নামাজের পূর্বে বক্তব্য রাখেন।পবিত্র জামাতের ইমামতি করেন মাওলানা আবুল কাসেম ইয়াহিয়া।

এছাড়া নামাজ অনুষ্ঠিত হয় পার্কচেস্টার জামে মসজিদ,শাহ জালাল জামে মসজিদ,পিআইসি জামে মসজিদ সহ বিভিন্ন মসজিদে। ঈদের নামাজে বাংলাদেশী ধর্মপ্রান মুসল্লি সহ অন্যান্য দেশের নানান বয়সের মুসলিম দল বেধে মুসলমানদের বৃহৎ পবিত্র এই অনুষ্ঠানে যোগদান করেন।

শহীদ জিয়া গণমুখী পদক্ষেপ গ্রহণ করে মানুষের আস্থা অর্জনে সক্ষম হয়েছিলেন

শেষ পৃষ্ঠার পর

মাধ্যমে জাতিকে ঐক্যবদ্ধ ও অর্থনৈতিক সংস্কার সমুহ গ্রহণ করে দেশকে অর্থনৈতিক ভাবে সাবলম্বী করে তুলেন। গনমুখী পদক্ষেপ গ্রহনের মাধ্যমে জনগণের আস্থা অর্জনে সক্ষম হয়েছিলেন। তিনি শনিবার শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকি উপলক্ষে নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপি আয়োজিত আলোচনা সভা, দোয়া মাহফিল ও খাবার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ।

তিনি আরো বলেন, শহিদ জিয়া বাংলাদেশের সাথে মিশে থাকা অবিচ্ছেদ্য একটি নাম। জিয়াউর রহমানের ঘোষণার মধ্য দিয়ে ৭১সালে মুক্তিযুদ্ধের সূচনা হয়েছিল আর সেই মুক্তিযুদ্ধের মধ্য দিয়েই বাংলাদেশ একটি নতুন রাষ্ট্র হিসেবে বিশ্ব মানচিত্রে স্থান পায়।১৯৭১ থেকে ১৯৭৫ সালে আওয়ামীলীগের দুঃশাসনে অতিষ্ঠ জাতি যখন নতুন নেতৃত্ব খুঁজছিল, তখন একটি সিপাহী-জনতার বিপ্লবের মধ্য দিয়ে দেশের মানুষের সামনে আবির্ভূত হয়েছিলেন।

সংগঠনের সভাপতি আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরীর সঞ্চালনায় গেষ্ট অব অনার হিসাবে উপস্থিত ছিলেন বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য জনাব আব্দুল লতিফ সম্রাট,বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট বিএনপির প্রাক্তন কোষাধ্যক্ষ জসিম উদ্দিন ভূইয়া, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় সহ আন্তর্জাতিক সম্পাদক সাইফুর খান হারুন, বিএনপি নেতা এবাদ চৌধুরী, এজিএম জাহাঙ্গীর হাসাইন, আব্দুর রহিম, ইমরান শাহ রন, বিলাল চৌধুরী, শরিফুল খালিশদার। কোরআন তেলওয়াত করেন আশিকুল হক। স্বাগত বক্তব্য রাখেন সিনিয়ার যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদ, বক্তব্য রাখেন সোহেব আহমদ, সেবুল খান মাহবুব,মোহাম্মদ আলী রাজা, লিয়াকত আলী,এডভোকেট আতিকুর রহমান সেবু, সুলতান মাহমুদ সিদ্দিকি উল্লাস,ইমতেয়াজ বেলাল, শাহ কামাল উদ্দিন, দুলাল আহমদ, আব্দুল আহাদ হেলাল, মাহবুব আহমদ চৌধুরী,মোহাম্মদ আসাদুজ্জামান , জিয়াউল আহমদ জামিল, শেখ আক্তার হোসেন নান্নু ও কবির ফারুক প্রমুখ।

গেষ্ট অব অনারের বক্তব্যে কেন্দ্রীয় বিএনপি নেতা জনাব আব্দুল লতিফ সম্রাট বলেন, জিয়াউর রহমান জনগণের আস্থা অর্জনে সক্ষম হয়েছিলেন বলে শাহাদত বরণের ৪৫ বছর পরেও দেশে বিদেশ আজ মানুষ তাঁর জন্য দোয়া করছে। তাঁর সুপুত্র তারেক রহমান পিতার পদাঙ্ক অনুসরণের মাধ্যমে দেশ শাসন করে যাচ্ছেন। নিজের আরাম আয়াশ ভুলে গিয়ে মানুষের জন্য কাজ করে যাচ্ছেন। অনুষ্ঠানের শুরুতে শহিদ জিয়ার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে মোনাজাত পরিচালনা করেন বাংলাবাজার জামে মসজিদের ইমাম মাওলানা আলল কাসেম এইহিয়া

অনুষ্ঠানে অন্যানের মধ্যে উপস্থিতি ছিলেন বিএনপি নেতা সেলিমা আক্তার,আব্দুর রাজ্জাক মুন্না,মমতাজ উদ্দীন ,খন্দকার মোঃ আব্দুল বাকী , শামীম মিয়া, আবুল আজাদ ,তপদীর রায় বরুন, বেগ ইসলাম মিটু, ইন্দর আলী মিন্টু , মোহাম্মদ বাদল ও আমিন জুহেল প্রমুখ। অনুষ্ঠান শেষে তিন শতাধিক মানুষের মাঝে খাবার বিতরণ করা হয়। --- প্রেস বিজ্ঞপ্তি













জ্যাকসন হাইটস এলাকাবাসী'র ব্যানারে

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকীতে নিউইয়র্কে দোয়া মাহফিল





বাংলা পত্রিকা রিপোর্ট: বিএনপির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫'তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে নিউইয়র্কে সর্বদলীয় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৩০ মে) বিকেলে 'জ্যাকসন হাইটস এলাকাবাসী'র ব্যানারে জ্যাকসন হাইটসের বাংলাদেশ স্ট্রিট সংলগ্ন নবান্ন রেস্টুরেন্টের সামনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের উদ্বোধন করেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ও এনওয়াই হোম কেয়ারের চেয়ারম্যান এম আজিজ। এ সময় উপস্থিত ছিলেন ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার ও আমেরিকান ইন্টারন্যাশনাল বার অ্যাসোসিয়েশনের পরিচালক অ্যাটর্নি মঈন চৌধুরী, বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও গুড শেফার্ড হোম কেয়ারের সিইও গিয়াস আহমেদ, বিএনপির চেয়ারপারসন তারেক রহমানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা কমিটির সদস্য গোলাম ফারুক শাহীন, যুবদলের কেন্দ্রীয় নেতা আবু সাঈদ আহমেদ ও এম এ বাতিন, যুক্তরাষ্ট্র বিএনপির কোষাধ্যক্ষ জসীম ভূঁইয়া, সিনিয়র সদস্য এম এ সবুর, মহিলা বিষয়ক সম্পাদক সৈয়দা মাহমুদা শিরিনসহ বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা।

দোয়া মাহফিলে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রুহের মাগফিরাত কামনা করা হয় এবং দেশ ও জাতির কল্যাণ কামনা করা হয়।

অনুষ্ঠানে 'তোমার কীর্তির চেয়ে তুমি মহান' শীর্ষক ব্যানারের সামনে উপস্থিত প্রবাসীদের মধ্যে জায়নামাজ বিতরণ করা হয়। এছাড়া হাজারো মানুষের মধ্যে তবারক পরিবেশন করা হয়।

আয়োজকরা জানান, এক দশকেরও বেশি সময় ধরে 'জ্যাকসন হাইটস এলাকাবাসী'র উদ্যোগে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে এ ধরনের দোয়া মাহফিল ও স্মরণানুষ্ঠানের আয়োজন করা হয়ে আসছে।

এদিকে শাহাদাতবার্ষিকী উপলক্ষে নিউইয়র্ক সিটির ভাইভার্সিটি প্লাজা, ব্রঙ্কস, ব্রুকলিন ও ওজোন পার্ক ছাড়াও নিউজার্সি, পেনসিলভানিয়া, ভার্জিনিয়া, মেরিল্যান্ড, ওয়াশিংটন ডিসি, ফ্লোরিডা, জর্জিয়া, ক্যালিফোর্নিয়া, মিশিগান, টেক্সাস ও কানেকটিকাটসহ যুক্তরাষ্ট্রের অর্ধশতাধিক স্থানে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে বলে আয়োজক সূত্রে জানা গেছে।

















নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের অ্যাপ্রিসিয়েশান ডিনার

বাংলা পত্রিকা রিপোর্ট: উৎসব মুখের পরিবেশে নির্বাচন সম্পন্নের আনন্দে নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের সদস্য ও শুভাকাঙ্ক্ষীদের নিয়ে এক অ্যাপ্রিসিয়েশান ডিনার অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার, ২২ মে সন্ধ্যায় উডসাইডের গুলশান টেরেসে এই আয়োজন সম্পন্ন হয়। নির্বাচনে জয়-পরাজয় ভুলে গিয়ে সকল সদস্য পরিবারবর্গকে সাথে নিয়ে একত্রে এই উৎসবে মিলিত হন।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম। এছাড়া ডিস্ট্রিক্ট ২০-আর২-এর নবনির্বাচিত কর্মকর্তাবৃন্দ – সভাপতি লায়ন জেএফএম রাসেল, সাধারণ সম্পাদক লায়ন মাসুদ রানা তপন, কোষাধ্যক্ষ লায়ন এএসএম মাইনুদ্দিন পিন্টু, লায়ন মোহাম্মদ হাসান জিলানী এবং লায়ন মোহাম্মদ রুহুল আমিনসহ আরও অনেকে অনুষ্ঠানে যোগ দেন।

নবনির্বাচিত কর্মকর্তারা জানান, মানবতার সেবায় মানুষের পাশে থাকাই তাদের মূল লক্ষ্য। তারা ক্লাবের সদস্যসংখ্যা আড়াইশো থেকে বাড়িয়ে পাঁচশোতে উন্নীত করার পরিকল্পনা করেছেন। পাশাপাশি গত বছরের প্রায় দুই লক্ষ ডলারের প্রকল্প বাস্তবায়ন আগামীতে চার লক্ষ ডলার ছাড়িয়ে নেওয়ার প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে তারা অঙ্গীকার করেন। অনুষ্ঠানে নবনির্বাচিত কমিটিকে ফুলের শুভেচ্ছা জানিয়ে সকলে মিলে আনন্দ উদযাপন করা হয়। সংগীত পরিবেশন ও ডিনারের মধ্য দিয়ে উৎসবমুখর অনুষ্ঠান শেষ হয়।













অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- গ্রীনকার্ড পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes



Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা নুনতম বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

অন্যথায় ১ মিলিয়ন বা নুনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

ইচ্ছাকৃত প্রকল্পে আপনার বিনিয়োগের অর্থ আমাদের মাধ্যমে সহজে পাঠাতে পারেন।

দেশে কোন জোলশলীয় মামলা/পরিচালনা হলে আপনি ও আপনার পরিবার যে কোন সময় সুবিধা নিয়ে পারেন এবং দুই/তিন পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিলোকেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit **2021** For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, *EA*
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
